# Daily Monitoring Report

**Directorate of Monitoring**
**Bangladesh Betar, Dhaka**
e-mail: dmr.dm@betar.gov.bd

Sraban 29, 1433 Bangla, August 13, 2026, Thursday, No. 219, 56th year

# H I G H L I G H T S

Finance & Planning Minister has said government will not allow any distortion or misinformation in official statistics, asserting that accurate data is essential for formulating sound public policies. [R. Today: 24]

Information and Broadcasting Minister has said youth are the main driving force of new civilisation in the era of rapidly changing technology. [Jago FM: 15]

An important meeting has been held between Bangladesh and New Zealand with the aim of agriculture, food security and technology exchange and trade expansion. [Jago FM: 19]

Government has ordered shopping malls, markets and shops across country to close by 8pm as part of measures to conserve electricity. [BBC: 09]

Government has dismissed six police officers, including former DMP joint commissioners Biplab Kumar Sarker on charges of "misconduct" and "desertion." [BBC: 09]

Dhaka University's Sheikh Mujibur Rahman Hall has permanently cancelled residential seats of two students following allegations of their involvement in "homosexuality." [BBC: 08]

Amid ongoing gas crisis, load-shedding has intensified across country; the shortfall in electricity supply has also adversely affected industrial sector. [BBC: 10]

Five more children have died across country with measles and suspected measles. [BBC: 09]

At least 44 people have died after an overcrowded ferry capsized on Lake Kariba in Zimbabwe. [BBC: 26]

At least 3 Pakistani nationals have been killed in a Houthi attack on a commercial vessel in Red Sea. [BBC: 12]

**Director: 44813046** **Deputy News Controller: 44813048 44813179** **Assistant News Controller: 44813047 44813178**

## দৈনিক মনিটরিং রিপোর্ট

**মনিটরিং পরিদপ্তর, বাংলাদেশ বেতার, ঢাকা**
**শ্রাবণ ২৯, বাংলা ১৪৩৩, আগস্ট ১৩, ২০২৬, বৃহস্পতিবার, নং- ২১৯, ৫৬তম বছর**

# শিরোনাম

অর্থ ও পরিকল্পনা মন্ত্রী বলেছেন, বর্তমান সরকার কোনো ধরনের তথ্য বিভ্রান্তি করবে না। তিনি বলেন, সঠিক তথ্য-উপাত্ত জননীতি প্রণয়নের জন্য অপরিহার্য। [রে. টুডে: ২৪]

পরিবর্তনশীল এই বিশ্বব্যবস্থায় যুবসমাজই সভ্যতার সবচেয়ে বড় শক্তি বলে মন্তব্য করেছেন তথ্য ও সম্প্রচারমন্ত্রী। [জাগো এফএম: ১৫]

বাংলাদেশ ও নিউজিল্যান্ডের মধ্যে কৃষি, খাদ্য নিরাপত্তা, প্রযুক্তি বিনিময় এবং বাণিজ্য সম্প্রসারণের লক্ষ্যে গুরুত্বপূর্ণ বৈঠক অনুষ্ঠিত হয়েছে। [জাগো এফএম: ১৯]

বিদ্যুৎ সাশ্রয়ের পদক্ষেপের অংশ হিসেবে সরকার দেশজুড়ে শপিং মল, বাজার ও দোকানপাট রাত ৮টার মধ্যে বন্ধ করার নির্দেশ দিয়েছে। [বিবিসি: ০৯]

ডিএমপির সাবেক যুগ্ম কমিশনার বিপ্লব কুমার সরকারসহ ছয়জন পুলিশ কর্মকর্তাকে অসদাচরণ ও পলায়নের অভিযোগে চাকরি থেকে বরখাস্ত করেছে সরকার। [বিবিসি: ০৯]

ঢাকা বিশ্ববিদ্যালয়ের দুইজন শিক্ষার্থীর বিরুদ্ধে সমকামিতার অভিযোগ ওঠার পর তাদের আবাসিক হলের সিট বাতিল করেছে বিশ্ববিদ্যালয় প্রশাসন। [বিবিসি: ০৮]

গ্যাস সংকটের মধ্যেই দেশজুড়ে তীব্র আকার ধারণ করেছে লোডশেডিং। বিদ্যুৎ সরবরাহে ঘাটতির বিরূপ প্রভাব পড়েছে দেশের শিল্পখাতেও। [বিবিসি: ১০]

সারাদেশে হাম ও হামের উপসর্গ নিয়ে আরও পাঁচ শিশুর মৃত্যু। [বিবিসি: ০৯]

জিম্বাবুয়ের কারিবা হ্রদে ফেরিডুবে ৪৪ জনের মৃত্যু। [বিবিসি: ২৬]

লোহিত সাগরে একটি বাণিজ্যিক জাহাজে হামলায় তিন পাকিস্তানি নাগরিক নিহত। [বিবিসি: ১২]

# বিবিসি

## আওয়ামী লীগ কেন বারবার পাকিস্তান ও 'আইএসআই'য়ের কথা বলছে?

ভারতের রাজধানী দিল্লিতে ৫ আগস্ট এক সংবাদ সম্মেলনে বাংলাদেশের ক্ষমতাচ্যুত প্রধানমন্ত্রী শেখ হাসিনা ও তার ছেলে সজীব ওয়াজেদ জয়ের বক্তব্য বাংলাদেশ-ভারত সম্পর্কে নতুন উত্তেজনা তৈরির পাশাপাশি পাকিস্তানেও প্রতিক্রিয়া সৃষ্টি করেছে। সজীব ওয়াজেদ জয় সেখানে মন্তব্য করেন যে, ভারতের দক্ষিণে বাংলাদেশ পাকিস্তান হয়ে গেছে এবং পাকিস্তানের গোয়েন্দা সংস্থা বাংলাদেশে অবাধ কার্যক্রম চালাচ্ছে। অবশ্য এমন কথা এর আগেও বলেছেন আওয়ামী লীগ নেতারা। এবছরের শুরুতেই আওয়ামী লীগের সাবেক মন্ত্রী মোহাম্মদ আলী আরাফাত "আইএসআই এবং পাকিস্তানি সামরিক গোয়েন্দা সংস্থা সক্রিয়ভাবে বাংলাদেশের রাজনীতিকে প্রভাবিত করছে„ বলে ভারতের এশিয়া নিউজ নেটওয়ার্ক বা এনআই-এর সাক্ষাৎকারে অভিযোগ করেন। আওয়ামী লীগের যুগ্ম-সাধারণ সম্পাদক আ ফ ম বাহাউদ্দিন নাছিমও জানুয়ারির ২৪ তারিখের এক সাক্ষাৎকারে বাংলাদেশে আইএসআই-এর উপস্থিতি এবং পাকিস্তানের সঙ্গে বাড়তে থাকা সম্পর্ক নিয়ে অভিযোগ করেন। প্রশ্ন হলো, আওয়ামী লীগ কেন বারবার পাকিস্তান ও দেশটির গোয়েন্দা প্রসঙ্গ টানছে?

**রাজনৈতিক কারণ**

বাংলাদেশে আওয়ামী লীগ সরকারের সঙ্গে ভারতের সম্পর্ক নিয়ে আগেও অনেক আলোচনা ছিল। তবে ২০২৪ সালের ৫ আগস্টে শেখ হাসিনার সরকারের পতনের পর ভারতের সাথে বাংলাদেশের সম্পর্ক একরকম শীতল হয়ে যায়। দুই বছর ধরে শেখ হাসিনাসহ আওয়ামী লীগের অনেক নেতা-কর্মীই ভারতে অবস্থান করছেন। ভারতের অভ্যন্তরে ক্ষমতাসীন বিজেপি সরকারসহ অনেকেই পাকিস্তান বিষয়ে সংবেদনশীল। ফলে আওয়ামী লীগের শীর্ষ নেতৃত্বের অনেকে ভারতে অবস্থান করায় ভারতকে খুশি করতেই পাকিস্তানের প্রসঙ্গ টানা হচ্ছে বলে মনে করেন কোনো কোনো বিশ্লেষক। আওয়ামী লীগের ধারণা "এই কথাগুলো বললে আওয়ামী লীগকে রাজনীতিতে ফিরিয়ে আনার ব্যাপারে শুধু ভারত না, পশ্চিমা বিশ্বও তাদের সাহায্য করবে,„ বলছিলেন নর্থ সাউথ বিশ্ববিদ্যালয়ের সাউথ এশিয়ান ইনস্টিটিউট অফ পলিসি অ্যান্ড গভর্নেন্সের পরিচালক অধ্যাপক তৌফিক এম হক। মি. হকের মতে, পাকিস্তান বা জঙ্গিবাদ নিয়ে আওয়ামী লীগ তাদের পুরোনো কৌশলই অবলম্বন করছে। ভারতে ওপি জিন্দাল গ্লোবাল ইউনিভার্সিটির আন্তর্জাতিক সম্পর্কের অধ্যাপক শ্রীরাধা দত্ত অবশ্য মনে করছেন, ভারতের মধ্যে যেমন পাকিস্তান নিয়ে একটা আবেদন বা সংবেদনশীলতা আছে, তেমন আওয়ামী লীগের কর্মী-সমর্থকদের মাঝেও আছে। ফলে নিজ দলের নেতা-কর্মীদের উদ্বুদ্ধ করতে এবং নিজেদের দলের অবস্থান পুনর্ব্যক্ত করতেই আওয়ামী লীগ এই প্রসঙ্গগুলো টানছে বলে উল্লেখ করেন মিজ দত্ত।

এছাড়া ক্ষমতায় থাকাকালেও আওয়ামী লীগ প্রায়শই বিএনপি-জামায়াত নিয়ে পাকিস্তানকে সম্পৃক্ত করে কথাবার্তা বলেছে। ২০১৪ সালে বিএনপি নেত্রী খালেদা জিয়াকে উদ্দেশ্য করে গোপালগঞ্জে শেখ হাসিনা বলেছিলেন, "তার জন্ম ভারতে আর অন্তরে পাকিস্তান। উনি যদি পেয়ারে পাকিস্তানে চলে যেতে চান, যেতে পারেন।„ সেখানে বর্তমানে বাংলাদেশে প্রধান দুই রাজনৈতিক দল হিসেবে বিএনপি ও জামায়াতে ইসলামীর অবস্থান থাকাটাও আওয়ামী লীগের জন্য স্বস্তিকর নয় বলেও ধারণা রয়েছে। মুক্তিযুদ্ধের প্রেক্ষাপটে বাংলাদেশের অনেকের মধ্যে পাকিস্তান নিয়ে নেতিবাচক মনোভাব যেমন আছে, তেমন বর্তমান প্রজন্মের অনেকের মধ্যে বড়ো পরিসরে ভারত বিরোধিতার মনোভাবও তৈরি হয়েছে। এর প্রেক্ষাপটটাও আওয়ামী লীগ ও বিজেপি শাসনামলে বেড়ে উঠেছে। আওয়ামী লীগের প্রতি ভারতের সহযোগিতা-সমর্থন বাংলাদেশের অন্য যে কোনো রাজনৈতিক দলের চেয়ে বেশি। সজীব ওয়াজেদ জয়ও বক্তব্য রাখার সময় বিশেষভাবে ভারতের এবং সামগ্রিকভাবে আন্তর্জাতিক গণমাধ্যমের দৃষ্টি আকর্ষণ করে কথাগুলো বলেছেন। সেখানে পশ্চিমা বিশ্বের দৃষ্টি আকর্ষণ করাকেও গুরুত্ব দেওয়া হচ্ছে বলে উল্লেখ করেন সাবেক অন্তর্বর্তীকালীন সরকারের উপদেষ্টা ও নিরাপত্তা বিশ্লেষক অরসরপ্রাপ্ত ব্রিগেডিয়ার জেনারেল এম সাখাওয়াত হোসেন। তার মতে, পাকিস্তান, জঙ্গিবাদের মতো বিষয়ে আওয়ামী লীগ পুরোনো বিষয়ই সামনে আনছে, যেটি বাংলাদেশ ও বর্তমান বিশ্বে এখন আর তেমন গুরুত্ব বহন করে না। এসব বক্তব্যে 'পাশের দেশেরও কিছু প্রেসক্রিপশন আছে' বলে অভিযোগ করেন মি. হোসেন।

ভারত সরকার আনুষ্ঠানিকভাবে এর সাথে সম্পৃক্ততা বা সমর্থন না করার কথা বললেও ভারতের অনুমোদন ছাড়া এটা সম্ভব ছিল না, সেটা বাংলাদেশে বিএনপি সরকারের শীর্ষ পর্যায়ের নেতাদের অনেকেও বলেছেন। অধ্যাপক শ্রীরাধা দত্তও তেমনটাই মনে করেন। ঐতিহাসিকভাবেই ভারত শেখ হাসিনাকে সমর্থন দিয়ে আসছে এবং তিনি এখনো ভারতের কাছে গুরুত্ব বহন করেন- সে বার্তা ভারত সরকারের দিক থেকে কাজ করেছে বলে উল্লেখ করেন মিজ দত্ত। তবে একই সাথে ভারত যেখানে বাংলাদেশের বর্তমান সরকারকে স্বীকৃতি দিয়েছে, আমন্ত্রণ জানিয়েছে, সেখানে শেখ হাসিনার বক্তব্য ভারতের জন্যও ভালো ফল আনছে না বলে মনে করেন তিনি। "আমার মনে হয়, ভারতকেও উনি কোণঠাসা করে ফেলছেন এই কথাগুলো বলে,„ উল্লেখ করেন মিজ দত্ত।

**পাকিস্তানের প্রতিক্রিয়া**

আওয়ামী লীগের সাম্প্রতিক বক্তব্যে প্রতিক্রিয়া এসেছে পাকিস্তানের দিক থেকেও। পাকিস্তানের পররাষ্ট্র মন্ত্রণালয়ের ব্রিফিং-এনিয়ে প্রশ্নের উত্তরে দেশটির পররাষ্ট্র মন্ত্রণালয়ের মুখপাত্র তাহির আন্দ্রাবি 'আইএসআইয়ের ভূমিকা নিয়ে দেওয়া ইঙ্গিত সুস্পষ্টভাবে প্রত্যাখ্যান' করেন। তিনি বলেন, "আইএসআই নিয়ে ভারতের ভীতি আছে, তাকেও (শেখ হাসিনা) হয়ত সেটা আক্রান্ত করেছে, যেহেতু তিনি ভারতে অবস্থান করছেন।„ এছাড়া বাংলাদেশের অভ্যন্তরীণ বিষয়ে পাকিস্তান হস্তক্ষেপ করে না বলেও উল্লেখ করেন তিনি। পাকিস্তানের অভ্যন্তরেও এটি আলোচিত হয়। এই প্রসঙ্গে বিবিসি উর্দুকে আন্তর্জাতিক সম্পর্ক বিশেষজ্ঞ ড. ইশতিয়াক আহমেদ বলেন, এই মুহূর্তে ভারতে বসে এ ধরনের বিবৃতি দেওয়া এবং পাকিস্তানের বিরুদ্ধে অভিযোগ তোলা ছাড়া তার (শেখ হাসিনা) হাতে আর কোনো কার্যকর রাজনৈতিক বিকল্প অবশিষ্ট নেই। দিল্লিতে নিযুক্ত পাকিস্তানের সাবেক হাইকমিশনার আবদুল বাসিত বিবিসি উর্দুকে বলেন, যেহেতু শেখ হাসিনা ভারতে আছেন, তাই তিনি সেখানকার লোকজনকে খুশি করার জন্যই এমন মন্তব্য করছেন।

**বাংলাদেশের সাথে পাকিস্তানের বাড়তে থাকা সুসম্পর্ক**

আওয়ামী লীগের পাকিস্তান প্রসঙ্গ টানার পেছনে বিশ্লেষকেরা আরেকটি কারণ হিসেবে দেখছেন বাংলাদেশের সাথে পাকিস্তানের বাড়তে থাকা সুসম্পর্ক যেটা আওয়ামী লীগের সময়ে প্রায় তলানিতে ছিল। অন্তর্বর্তীকালীন সরকারের সময় থেকেই দুই দেশের প্রতিনিধিদের যোগাযোগ, যাতায়াত যেমন বেড়েছে, বাণিজ্য, শিক্ষা, সামরিক পর্যায়েও সম্পর্ক এগিয়েছে। গত বছর পাকিস্তানের বাণিজ্যমন্ত্রী জাম কামাল খান এবং দেশটির উপ-প্রধানমন্ত্রী ও পররাষ্ট্রমন্ত্রী ইসহাক দার ঢাকা সফর করেন। ঢাকা-করাচী সরাসরি ফ্লাইট চালুর উদ্যোগ নেওয়া হয়। পাকিস্তান থেকে যুদ্ধবিমান কেনার প্রসঙ্গও আলোচনায় আসে। বিএনপি সরকারের সময়ে এসেও দুই দেশের দ্বিপাক্ষিক সম্পর্কের ধারাবাহিকতা অব্যহত রয়েছে। পাকিস্তানের দিক থেকে বাংলাদেশের সরকার ও রাজনৈতিক নেতৃবৃন্দের সাথে নিয়মিত যোগাযোগ অব্যহত রয়েছে। এ বিষয়গুলোও আওয়ামী লীগের রাজনীতির বিপরীতমুখী বলে পাকিস্তান নিয়ে তারা উদ্বেগ প্রকাশ করছেন বলেও অনেকে মনে করছেন।

**বাংলাদেশে গোয়েন্দা উপস্থিতি আছে?**

সবশেষ ১০ আগস্ট ঢাকা সফর করেছেন ভারতের বৈদেশিক গোয়েন্দা সংস্থা রিসার্চ অ্যান্ড অ্যানালাইসিস উইং বা 'র'-এর প্রধান পরাগ জৈন। বাংলাদেশে দীর্ঘদিন ধরেই ভারতের গোয়েন্দা সংস্থা তৎপর এমন সন্দেহ সামাজিক মাধ্যমে প্রকাশ করা হয়েছে। কিন্তু এখন বাংলাদেশে পাকিস্তানের গোয়েন্দা সংস্থার তৎপরতার অভিযোগ করছে আওয়ামী লীগ। সবশেষ মে মাসে দুই বাংলাদেশ পাকিস্তানের মধ্যে মাদক নিয়ন্ত্রণে একটি সমঝোতা স্মারক সই হয়েছে। সেখানে এমন একটি কথার উল্লেখ রয়েছে যে, "উভয় দেশের সংশ্লিষ্ট সংস্থাগুলো মাদক পাচারকারী এবং অপরাধী নেটওয়ার্ক সম্পর্কে সময়োপযোগী গোয়েন্দা তথ্য বিনিময় করবে।„ বাংলাদেশে গোয়েন্দা তৎপরতা নিয়ে এম সাখাওয়াত হোসেনকে প্রশ্ন করা হলে তিনি বলেন এবিষয়ে তার জানা নেই। "এখানে তো অনেকে বলে, যে 'র' ভর্তি হয়ে আছে, মোসাদ ভর্তি হয়ে আছে। তো আমরা তো জানি না,„ বলছিলেন তিনি। তার মতে বর্তমানে প্রযুক্তি এতটাই উন্নত যে, গোয়েন্দা তথ্য আদান প্রদানে মানুষকে পাঠানোর সেভাবে দরকার পড়ে না। তবে "যেখানে যেখানে দূতাবাস আছে, সেখানে সেখানে কিছু গোয়েন্দা তথ্য আদান-প্রদান হয়, তাতে কোনো সন্দেহ নেই„ বলেও উল্লেখ করেন তিনি। আবার যে-সব বিশেষ ক্ষেত্রে মানব গোয়েন্দা উপস্থিতির প্রয়োজন পড়ে, সেসব ক্ষেত্রেও ভারত বা পাকিস্তানের নিজ দেশের লোকদের নিয়োগ করার চেয়ে বরং বাংলাদেশের মানুষকেই ব্যবহার করা হবে বলছেন মি. হোসেন। এ ধরনের বিষয়গুলো সাধারণত বেশ গোপনীয় থাকে এবং সঠিক তথ্যপ্রমাণ পাওয়া যায় না। "বাংলাদেশে ভারতীয় গোয়েন্দা সংস্থা, পাকিস্তানি গোয়েন্দা সংস্থা, মার্কিন গোয়েন্দা সংস্থা, সবাই কাজ করে। আমরা কিছু বুঝতে পারি, কিছু বুঝতে পারি না,„ বলছেন মি. হকও। তবে তাদের মতে, জল্পনা কল্পনা অনেক ধরনের থাকলেও এ নিয়ে তথ্য উপাত্ত না থাকায় সঠিক তথ্য উল্লেখ করাও কঠিন। তবে আওয়ামী লীগের অভিযোগগুলো ভারত বা আন্তর্জাতিক অঙ্গনের দৃষ্টি আকর্ষণ করার জন্য বলা হলেও বিশ্লেষকদের মতে, বাংলাদেশের মানুষের মধ্যে এসব বক্তব্যের একটা নেতিবাচক প্রভাবই পড়তে পারে।

(বিবিসি ওয়েব পেজ : ১২.০৮.২০২৬ আলী আহমেদ)

## জুলাই চেতনাবিরোধী কর্মকাণ্ডের অভিযোগ এনে ঢাবি শিক্ষকদের তালিকা করলো কারা?

চব্বিশের গণ-অভ্যুত্থানের সময় ঢাকা বিশ্ববিদ্যালয়ের যে-সব শিক্ষক জুলাইয়ের চেতনা বিরোধী কর্মকাণ্ডে জড়িত ছিলেন, তাদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণের জন্য চার সদস্য বিশিষ্ট একটি যাচাই-বাছাই কমিটি গঠন করেছে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ। তবে যে তালিকার ভিত্তিতে এই কমিটি গঠন করা হয়েছে, সেটি কারা করেছে, তা কেউ জানে না। ঢাকা বিশ্ববিদ্যালয়ের বেশ কয়েকজন শিক্ষক কিছুদিন আগে অ্যান্টি-ফ্যাসিস্ট ফোরাম নামের একটি ব্যানারে শিক্ষকদের নামের তালিকা সংক্রান্ত প্রায় দুইশ পৃষ্ঠার ডকুমেন্ট উপাচার্যের কাছে জমা দিয়ে তাদের বিরুদ্ধে শাস্তি গ্রহণ করার দাবি জানান। পরে ঢাবি উপাচার্য অধ্যাপক এ বি এম ওবায়দুল ইসলাম গত ২৮ জুলাই সিন্ডিকেট বৈঠকে সেটি উত্থাপন করলে ওই কমিটি গঠন করা হয়। বাংলাদেশের বিভিন্ন গণমাধ্যমে প্রকাশিত সংবাদে বলা হয়েছে, আওয়ামী লীগ

সমর্থিত বিশ্ববিদ্যালয়ের নীল দলের ২৩১ শিক্ষকের বিরুদ্ধে অভিযোগ এনে তাদের নামের তালিকা সিন্ডিকেটে দেওয়া হয়েছে। তবে যারা নীল বা গোলাপী শিক্ষকদের কোনো দলই সমর্থন করেন না, তাদের নামও রয়েছে এই তালিকায়। এরই মধ্যে, যে-সব শিক্ষকদের বিরুদ্ধে অভিযোগ আনা হয়েছে, তাদের নাম ও বিভাগ সংবলিত মোট দুইটি তালিকার কথা জানা গেছে। এর একটিতে ২৩১ জন এবং আরেকটিতে ১২৫ জন শিক্ষকের নাম ও বিভাগ রয়েছে। কিন্তু প্রশ্ন হলো, ঢাবি শিক্ষকদের এই তালিকা কারা, কেন করেছেন? ফ্যাসিবাদ বিরোধী শিক্ষকদের ব্যানারে কারা রয়েছেন? একইসঙ্গে, কীভাবে, কীসের ভিত্তিতে শিক্ষকদের এই তালিকাটি করা হয়েছে? এদিকে, এই কমিটিতে থাকা বিশ্ববিদ্যালয়ের দুই প্রো-ভিসিই দাবি করেছেন, এই তালিকাগুলোর সাথে বিশ্ববিদ্যালয় প্রশাসনের কোনো সম্পর্ক নেই। তবে, প্রো-ভিসি (প্রশাসন) অধ্যাপক মো. আল মুজাদ্দেদি আলফেছানি এবং প্রো-ভিসি (শিক্ষা) অধ্যাপক আবদুস সালাম বিবিসি বাংলাকে জানান, ফ্যাসিবাদ বিরোধী শিক্ষকের ব্যানারে ঢাবির যে শিক্ষকরা উপাচার্য এ বি এম ওবায়দুল ইসলামের কাছে ডকুমেন্ট জমা দিয়েছেন, সেটিই সিন্ডিকেট বৈঠকে জমা দেওয়া হয়েছে। তালিকায় কতজন শিক্ষকের নাম রয়েছে, তা জানেন না দাবি করে প্রো-ভিসি (প্রশাসন) অধ্যাপক আলফেছানি বলেন, "২৩১ বা কি এক্সাক্ট আমি বলতে পারবো না। বাট এইখানে বিভিন্ন ধরনের যে-সব শিক্ষকরা ওই সময় মনে করা হয়েছে বা তাদের ছবিসহ যে ডকুমেন্টগুলি দিয়েছে, ওই সংখ্যাটা কত আমি সঠিক বলতে পারবো না। কারণ উপাচার্যের হাতে ছিল ডকুমেন্টগুলি।„ অন্যদিকে, ঢাবির আরেক প্রো-ভাইস-চ্যান্সেলর (শিক্ষা) অধ্যাপক ড. আবদুস সালামও বিশ্ববিদ্যালয় প্রশাসন কোনো তালিকা করেনি বলে দাবি করেছেন। খতিয়ে দেখে ব্যবস্থা নেওয়ার কথা জানান তিনি। বিবিসি বাংলাকে অধ্যাপক সালাম বলেন, "বিশ্ববিদ্যালয়ের প্রচলিত নিয়মে যা করার যদি কেউ অন্যায় করে থাকেন, তাহলে আমরা ব্যবস্থা নেব। যদি অন্যায় না করেন, তাহলে কোনো ব্যবস্থা নেওয়া হবে না।„

**শিক্ষকের দুই তালিকা করলো কারা?**

২০২৪ সালের ৫ আগস্ট আওয়ামী লীগ সরকারের পতনের পর জুলাই গণ-অভ্যুত্থানের বা আন্দোলনকারীদের বিরুদ্ধে অবস্থান নিয়েছেন বলে অভিযোগ রয়েছে এবং আওয়ামী লীগ সমর্থিত শিক্ষকদের নীল দলের সাথে সম্পৃক্ত এমন ৬৮ শিক্ষককে এরই মধ্যে অ্যাকাডেমিক কার্যক্রম অর্থাৎ পাঠদান থেকে বিরত রাখা হয়েছে। চব্বিশের ৩ আগস্ট জুলাই বিরোধী মিছিলে অংশগ্রহণের অভিযোগ এনে শিক্ষার্থীরা অনেক শিক্ষকের বিরুদ্ধে বিভাগে অভিযোগ জমা দিয়েছে। ফলে তাদের বিরুদ্ধে অনুসন্ধান ও তদন্ত শুরু হয়েছে। অন্তর্বর্তী সরকারের আমলে বিশ্ববিদ্যালয় প্রশাসন ২০২৪ সালের ১৫ জুলাই থেকে ৫ আগস্ট পর্যন্ত ক্যাম্পাসে সংঘটিত বেআইনি ও সহিংস ঘটনা অনুসন্ধানে তথ্যানুসন্ধান কমিটি করেছে। এই কমিটির প্রতিবেদনের ভিত্তিতে অনেক শিক্ষক ও শিক্ষার্থীর বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থাও নেওয়া হয়েছে। জুলাইয়ে আন্দোলনের সময় শিক্ষার্থীদের ওপর হামলায় থাকার অভিযোগে এরই মধ্যে ১২৮ শিক্ষার্থীকে সাময়িকভাবে বহিষ্কারও করেছে বিশ্ববিদ্যালয় প্রশাসন। এমন প্রেক্ষাপটে, গত ২৭ জুলাই, সোমবার ফ্যাসিবাদবিরোধী শিক্ষক ফোরামের ব্যানারে ২৩১ শিক্ষকের বিরুদ্ধে অভিযোগ জমা দেওয়া হয় উপাচার্য বরাবর। পরদিনই সিন্ডিকেট বৈঠকে এই অভিযোগ খতিয়ে দেখার সিদ্ধান্ত নেয় বিশ্ববিদ্যালয় প্রশাসন। ওই সিন্ডিকেট বৈঠকের পর এক সংবাদ বিজ্ঞপ্তিতে বিশ্ববিদ্যালয়ের জনসংযোগ দপ্তর জানায়, "জুলাইয়ের চেতনা বিরোধী কর্মকাণ্ডে জড়িত ব্যক্তি, গোষ্ঠী ও সংগঠনের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণের জন্য সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।„ একইসঙ্গে, যাচাই-বাছাইয়ের পর এই ব্যাপারে পরবর্তীতে সিদ্ধান্ত গ্রহণ করা হবে বলে জানানো হয়েছে। ওই সিন্ডিকেট বৈঠকেই বিভিন্ন অভিযোগে সাদেকা হালিমসহ তিন শিক্ষককে সাময়িকভাবে বরখাস্ত করেছে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ। এছাড়া, আরো চার শিক্ষককে ঢাবির সকল অ্যাকাডেমিক ও প্রশাসনিক দায়িত্ব থেকে অব্যাহতি দেওয়া হয়েছে। একইসঙ্গে, ২৮ জুলাই অনুষ্ঠিত সিন্ডিকেট বৈঠকে ২০০৯ সালের পহেলা জানুয়ারি থেকে ২০২৪ সালের জুন পর্যন্ত হওয়া নিয়োগের ক্ষেত্রে সকল অনিয়ম পর্যালোচনা ও নিয়োগ প্রক্রিয়ার স্বচ্ছতা যাচাইয়ের জন্য কমিটি গঠন করে ঢাবি কর্তৃপক্ষ। ২৮ জুলাই অনুষ্ঠিত ওই সিন্ডিকেট বৈঠকে "লিস্ট অফ টপ ব্লু টিচার্স„ নামে ২৩১ জন নীল দলের শিক্ষকের নামের তালিকা দেওয়া হয়। ওই তালিকাতে শিক্ষকদের নাম এবং বিভাগ বা ইন্সটিটিউটের নাম উল্লেখ করা হয়েছে। আওয়ামী লীগের আমলে যে-সব শিক্ষক উপাচার্য, উপ-উপাচার্য, অন্যান্য বিশ্ববিদ্যালয়ে উপাচার্য অথবা সিন্ডিকেট সদস্য এবং ডিন ছিলেন অর্থাৎ প্রশাসনিক কর্মকাণ্ডে যুক্ত ছিলেন- এমন শিক্ষকদের নাম রয়েছে তালিকায়। এছাড়া প্রশাসনিক পদে না থাকলেও বিভাগ অনুযায়ী কেবল নীল দল সমর্থন করেন এমন শিক্ষকদের নামও রয়েছে। ২৩১ জন শিক্ষকের মধ্যে প্রতিটি অনুষদের প্রায় সব বিভাগেরই শিক্ষকদের নাম রয়েছে। তবে, এই ২৩১ জন শিক্ষকই যে বিশ্ববিদ্যালয়ের নীল দলের রাজনীতিতে প্রত্যক্ষভাবে জড়িত ছিলেন বিষয়টি ঠিক নয় বলে দাবি করেন শিক্ষকরা। বিশ্ববিদ্যালয় শিক্ষকদের কোনো দলের সাথেই নেই এমন শিক্ষকের নামও রয়েছে এই তালিকায়। যদিও, কতজন শিক্ষকের তালিকা দেওয়া হয়েছে, সেটি দুই প্রো-ভিসি, একইসঙ্গে সিন্ডিকেট সদস্য ও কমিটির সদস্য এই দুজনই জানেন না বলে দাবি করেছেন। প্রো-ভিসি (প্রশাসন) অধ্যাপক আলফেছানি বিবিসি বাংলাকে বলেন, "মাননীয় উপাচার্য এটা সিন্ডিকেটে উপস্থাপন করলেন। তখন আমরা বললাম, এই যে ডকুমেন্টগুলো দিল এটার সত্যতা কতটুকু এটা যাচাই-বাছাই করতে হবে। সেটা যাচাই-বাছাই করার

জন্য উপাচার্য, দুই প্রো-উপাচার্য এবং সিন্ডিকেট সদস্য অধ্যাপক মোর্শেদ হাসান খান এই চারজনে মিলে একটা কমিটি করা হয়েছে। সেই যাচাই-বাছাই কমিটি দেখবে, আদৌ তারা দোষী নাকি নির্দোষ? শুধু এটুকুই।„ কোন শিক্ষকরা তালিকাটি করেছে, তাদের পরিচয় সম্পর্কেও জানেন না বলে দুইজনই দাবি করেছেন। প্রো-ভিসি(শিক্ষা) অধ্যাপক সালাম একইসঙ্গে ঢাবির সাদা দলের যুগ্ম আহ্বায়কও। তালিকাটি কারা করেছে- এমন প্রশ্নে বিবিসি বাংলার প্রতিবেদককে ”আপনারা ফাইন্ড আউট করেন„ বলে উল্লেখ করেন।

বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ ২৩১ শিক্ষকের তালিকা করেনি উল্লেখ করে তিনি বলেন, ”বিশ্ববিদ্যালয়ে আমরা এখন পর্যন্ত কোনো লিস্ট করি নাই বা আমাদের তৈরি নিজস্ব কোনো লিস্ট নেই। যে-সব লিস্টের কথা বলছেন, সেটা কারা দিছে আপনারা ফাইন্ড আউট করেন।„ ফ্যাসিবাদবিরোধী শিক্ষকদের ব্যানারে কোন শিক্ষকরা ছিলেন, সেটি জানেন না দাবি করে অধ্যাপক আলফেছানি বলেন, ”না, যে শিক্ষকদের নাম দিয়েছে, দাবিটা উপাচার্য মহোদয়ের হাতে দিয়েছে, এক্সাক্টলি আমি বলতে পারবো না যে, ওইখানে কার কার স্বাক্ষর আছে।„ একইসঙ্গে, এই বিষয়ে এখনো কোনো অগ্রগতি নেই উল্লেখ করে দুই প্রো-ভিসি ও তদন্ত কমিটির এই দুই সদস্যই জানান, এখনো তদন্ত কমিটির কোনো বৈঠক হয়নি। ”কিন্তু এই কমিটি বা যারা এইটা ওভারসি করবে, তাদের এখন পর্যন্ত সিন্ডিকেটের পরে কোনো মিটিং হয়নি। এখনো এটা নিয়ে তারা বসেন নাই,„ বলেন অধ্যাপক সালাম।

উল্লেখ্য, ২৮ জুলাই সিন্ডিকেট বৈঠকের পরদিনই আবার ১২৫ শিক্ষকের আরেকটি তালিকার কথা শোনা গেছে। আগের ২৩১ শিক্ষকের তালিকা থেকে ১০৬ জনকে বাদ দিয়ে যে এই তালিকাটি করা হয়েছে, তালিকা দুইটি হাতে নিয়ে মেলালে সেটি খুবই স্পষ্ট হয়ে যায়। বিভিন্ন সময়ে শিক্ষক নির্বাচনে দায়িত্ব পালন করেছেন নীল দলের এমন অনেক শিক্ষক আবার ১২৫ জনের তালিকাতে নেই। এদিকে, ঢাবি শিক্ষকদের দুইটি তালিকার কথা উল্লেখ করলে অধ্যাপক আলফেছানি বলেন, ”স্বাভাবিক দৃষ্টিভঙ্গি থেকে যদি বলা হয়, লিখিত একটি ডকুমেন্ট যদি থাকে, একবার বলা হচ্ছে ২৩১, আবার বলা হচ্ছে ১২৫। তাহলে সংখ্যা তো কমার কথা না বা বাড়ার কথা না, একটা ফিক্সড সংখ্যা থাকবে।„ ”আমার মনে হয়, সামাজিক যোগাযোগ মাধ্যম এবং পত্রপত্রিকায় যে তালিকা গিয়েছে, এই তালিকাটা কীভাবে গিয়েছে, কারা দিয়েছে, আমি জানি না। বাট, আমাদের কাছে অভিযোগ আসছে একটা, সেই অভিযোগের ব্যাপারে আমরা সার্বিক বিষয়টা খতিয়ে দেখছি,„ বলেন ঢাবির প্রো-ভিসি (প্রশাসন) অধ্যাপক আলফেছানি। যাচাই-বাছাই কমিটি কোন তালিকা ধরে বিষয়টি খতিয়ে দেখবে- এমন প্রশ্নে কমিটির আরেক সদস্য এবং প্রো-ভিসি (শিক্ষা) অধ্যাপক আবদুস সালাম জানান, মিটিং-এ বসলে সিদ্ধান্ত নেওয়া হবে। ”আমরা এখনো মিটিংয়ে এই বসিনি। মিটিংয়ে বসলে তারপর আমরা বলতে পারবো, কোন তালিকা ধরে কী করবো,„ বলেন অধ্যাপক সালাম। তবে উপাচার্য অধ্যাপক এ বি এম ওবায়দুল ইসলামকে বেশ কয়েকবার কল করলেও রিসিভ করেননি তিনি।

**শিক্ষকদের দলগুলো কী বলছে?**

এদিকে, বিএনপি সমর্থিত সাদা দল ও জামায়াতে ইসলামী সমর্থিত ইউনিভার্সিটি টিচার্স লিংক শিক্ষকদের এই দুই দলই, শিক্ষকদের তালিকা কারা করেছে, সেটি জানেন না বলে দাবি করেছেন। জামায়াতে ইসলামী সমর্থিত শিক্ষকদের সংগঠন ইউনিভার্সিটি টিচার্স লিংকের যুগ্ম-আহ্বায়ক এবং আরবি বিভাগের অধ্যাপক যুবাইর মুহাম্মদ এহসানুল হক দাবি করেন, তাদের সংগঠনটি শিক্ষকদের তালিকা তৈরি করেনি। বিবিসি বাংলাকে অধ্যাপক হক বলেন, ”একটি শিক্ষক সংগঠন হিসেবে এই তালিকার সাথে আমরা সংযুক্ত নই। ইউটিএল, আমরা সেটার সাথে সম্পৃক্ত না বা উপাচার্যের কাছে যারা এই তালিকা জমা দিয়েছেন, আমাদের গ্রুপে যারা আছেন, তারা কেউ যাননি।„ তবে শিক্ষকদের বিরুদ্ধে যদি ”যে-কোনো ধরনের ব্যবস্থা যদি গ্রহণ করা হয়, তাহলে সেটি যেন ন্যায্যতার ভিত্তিতে হয় এবং সুষ্ঠু তদন্তের মাধ্যমে হয় এবং বিশ্ববিদ্যালয়ের যে প্রচলিত নিয়ম-নীতি আছে, সেগুলোকে যেন মেইনটেইন করা হয়,„ সে বিষয়ে ইউটিএল বিভিন্ন সময়ে উপাচার্যের কাছে দাবি জানিয়েছে বলে জানান তিনি। ফ্যাসিস্টবিরোধী শিক্ষক ফোরামে কারা আছেন, তাদের চেনেন না ও জানেন না বলে অধ্যাপক হক দাবি করেন। অন্যদিকে, বিএনপি সমর্থিত সাদা দলের আহ্বায়ক অধ্যাপক মোর্শেদ হাসান খান একইসঙ্গে যাচাই-বাছাই কমিটি ও সিন্ডিকেটেরও সদস্য। এছাড়া, সাদা দলের যুগ্ম আহ্বায়কই হলেন প্রো-ভিসি (শিক্ষা) অধ্যাপক আবদুস সালাম। পহেলা আগস্ট তাদের স্বাক্ষরিত এক বিজ্ঞপ্তিতে শিক্ষকদের পৃথক পৃথক যে তালিকা প্রশাসনের কাছে দেওয়া হয়েছে, সেটি উদ্দেশ্যপ্রণোদিত বলে জানিয়েছে সাদা দলের নেতারা। এতে বলা হয়েছে, ”আমরা গভীর উদ্বেগের সঙ্গে লক্ষ্য করছি যে, সম্প্রতি ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষকদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণের জন্য বিভিন্ন সংখ্যক শিক্ষকের পৃথক পৃথক তালিকা বিশ্ববিদ্যালয় প্রশাসনের কাছে দেওয়া হয়েছে মর্মে ঢাকা বিশ্ববিদ্যালয় সাদা দলের নাম জড়িয়ে কিছু কিছু স্বার্থান্বেষী মহল যে অপপ্রচার চালাচ্ছে, তা সম্পূর্ণ অসত্য, ভিত্তিহীন, বিভ্রান্তিকর ও উদ্দেশ্যপ্রণোদিত।„ একইসঙ্গে, জুলাইয়ে আন্দোলনকারীদের ওপর যে সকল শিক্ষক, গোষ্ঠী ও সংগঠন অবস্থান গ্রহণ করেছিল, তাদের বিরুদ্ধে দ্রুত শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করার দাবিও জানানো হয়েছে।

এদিকে, ২৩১ শিক্ষকের তালিকা ও সাত শিক্ষকের বিরুদ্ধে সিন্ডিকেটে নেওয়া সিদ্ধান্তে গভীর উদ্বেগ প্রকাশ করেছে জুলাই গণ-অভ্যুত্থানের পক্ষে সেসময় সবচেয়ে সক্রিয় থাকা শিক্ষকদের আরেকটি সংগঠন বিশ্ববিদ্যালয় শিক্ষক নেটওয়ার্ক। ২ আগস্ট এক সংবাদ বিজ্ঞপ্তিতে শিক্ষকদের এই সংগঠন বলেছে, "ঢালাও তালিকা প্রণয়ন, অভিযোগ প্রমাণের আগেই তা সংবাদমাধ্যমে প্রচার করে সামাজিক হেনস্থা কিংবা ২০০৯ থেকে ২০২৪ পর্যন্ত সম্পাদিত সকল নিয়োগের বিরুদ্ধে ঢালাও তদন্তের ঘোষণা- এসব উদ্যোগ 'উইচ-হান্টিং' সংস্কৃতিকে প্রাতিষ্ঠানিক রূপ দেয়।" এই সংগঠনটি বলছে, "ঢাকা বিশ্ববিদ্যালয় আদেশ, ১৯৭৩ অনুযায়ী শিক্ষকদের রাজনৈতিক মত পোষণ ও প্রকাশের অধিকার স্বীকৃত, কেবল রাজনৈতিক মত, পরিচয় বা সমর্থন কোনো অপরাধ নয়। ফলে 'জুলাইবিরোধী মনোভাব' নিজে থেকে কোনো আইনি অভিযোগ হতে পারে না।" শিক্ষকদের জবাবদিহির প্রশ্নে এই সংগঠনটি কোনোভাবেই খাটো করে দেখে না এবং শিক্ষক হিসেবে নৈতিক ও পেশাগত দায়িত্ব পালনে যারা ব্যর্থ হয়েছেন, তাদের সেই দায় এড়ানোর সুযোগ থাকা উচিত নয় বলেও উল্লেখ করেছে তারা। বিশ্ববিদ্যালয় শিক্ষক নেটওয়ার্ক পাঁচ দফা দাবি জানিয়ে সংবাদ বিজ্ঞপ্তিতে বলেছে, "আমরা দৃঢ়ভাবে প্রত্যাশা করি, ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ প্রতিহিংসা নয় বরং আইন, প্রমাণ ও নিরপেক্ষ তদন্তকেই তার সকল সিদ্ধান্তের একমাত্র ভিত্তি হিসেবে গ্রহণ করবে এবং বিশ্ববিদ্যালয়ের বিদ্যায়তনিক স্বাধীনতা, মতপ্রকাশের স্বাধীনতা ও আইনের শাসন সমুন্নত রাখবে।" তবে আওয়ামী লীগপন্থি নীল দলের কমিটির আহ্বায়ক জিনাত হুদাকে ফোন করলেও রিসিভ করেননি তিনি। দুই তালিকায় তার নামও রয়েছে। একইসঙ্গে, নীল দলের কো-কনভেনর ও গ্রাফিক ডিজাইন বিভাগের অধ্যাপক সিদ্ধার্থ দে। দুই তালিকাতেই নাম রয়েছে এই শিক্ষকের। বিবিসি বাংলাকে অধ্যাপক সিদ্ধার্থ দে বলেন, "বিশ্ববিদ্যালয়ের ৭৩ অধ্যাদেশে বলা হয়েছে, ঢাকা বিশ্ববিদ্যালয়ের যে-কোনো শিক্ষকই স্বাধীনভাবে মতপ্রকাশের অধিকার রাখেন। এখন আমরাও এমন কোন কিছু করিনি, যেটা বিশ্ববিদ্যালয়ের অ্যাক্টের পরিপন্থি কিংবা বিশ্ববিদ্যালয়ের সঙ্গে সাংঘর্ষিক।" "ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষকদের চাকরিচ্যুত বা হয়রানি করার উদ্দেশ্যে কোনো তালিকা প্রণীত হলে, স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান হিসেবে বিশ্ববিদ্যালয় প্রশাসনের দায়িত্ব হলো বিষয়টি অত্যন্ত সতর্কতা, নিরপেক্ষতা ও প্রাতিষ্ঠানিক নীতির আলোকে বিবেচনা করা। কোনো শিক্ষককে গুটিকয়েক ব্যক্তির সিদ্ধান্ত, ব্যক্তিগত পছন্দ-অপছন্দ বা রাজনৈতিক চাপের ভিত্তিতে হয়রানি করা বিশ্ববিদ্যালয়ের শিক্ষা ও গবেষণার পরিবেশের জন্যও ক্ষতিকর" বলে মনে করেন তিনি। এই অধ্যাপক দাবি করেন, "দীর্ঘদিন ধরে বিশ্ববিদ্যালয়ের শিক্ষা, গবেষণা ও সার্বিক উন্নয়নে অবদান রাখা শিক্ষকদের প্রতি এমন আচরণ কতটা দায়িত্বশীল ও ন্যায়সংগত, তা নিয়ে অবশ্যই প্রশ্ন উঠবে। শেষ পর্যন্ত এ ধরনের সিদ্ধান্তের প্রাতিষ্ঠানিক ও নৈতিক দায়ভার কে বহন করবে, সেটিও বিশ্ববিদ্যালয় প্রশাসনকে বিবেচনায় নিতে হবে।"

**তালিকায় নাম রয়েছে এমন শিক্ষকরা যা বলছেন**

নীল দলের শিক্ষকদের ২৩১ এবং ১২৫ দুইটি তালিকাতেই নাম রয়েছে- এমন কয়েকজন শিক্ষকের সাথে বিবিসি বাংলা কথা বলেছে। তাদেরই একজন ঢাবির সমাজবিজ্ঞান বিভাগের অধ্যাপক মো. মশিউর রহমান। অধ্যাপক রহমান আওয়ামী লীগের শাসনামলে দুই দফায় সাত বছরের জন্য জাতীয় বিশ্ববিদ্যালয়ের উপাচার্য এবং উপ-উপাচার্য হিসেবে দায়িত্ব পালন করেছেন। চব্বিশের ১২ আগস্ট ওই বিশ্ববিদ্যালয় থেকে পদত্যাগ করেন ঢাবির এই শিক্ষক। গত দুই বছর যাবত বিশ্ববিদ্যালয়ের সকল ধরনের অ্যাকাডেমিক ও প্রশাসনিক কার্যক্রম থেকে তাকে বিরত রেখেছে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ। তিনি জানান, বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের অভিযোগের প্রেক্ষিতে তার বিরুদ্ধে একটি তথ্যানুসন্ধান কমিটি গঠন করেছে কর্তৃপক্ষ। তবে প্রথমে গঠিত তথ্যানুসন্ধান কমিটি অধ্যাপক রহমানের কোনো বক্তব্য না নিয়েই অভিযোগ গঠন করা হয় বলে দাবি করেন তিনি। তবে পরবর্তীতে তদন্ত কমিটিকে লিখিতভাবে নিজের বক্তব্য জানিয়েছেন অধ্যাপক রহমান। অধ্যাপক মশিউর রহমানের বিরুদ্ধে ৩ আগস্ট গণভবনের এক বৈঠকে এবং বাংলাদেশের একটি বেসরকারি টেলিভিশনের টকশোতে অংশ নিয়ে আন্দোলনরত শিক্ষার্থীদের বিরুদ্ধাচারণ করার অভিযোগ আনা হয়েছে। অধ্যাপক রহমান দাবি করেন, যে বক্তব্যের কারণে তার বিরুদ্ধে অভিযোগ গঠন করা হয়েছে, এমন কোনো বক্তব্যই দেননি। বিবিসি বাংলাকে অধ্যাপক রহমান বলেন, অভিযুক্ত এবং অভিযোগ যথাযথভাবে প্রমাণ করে, যে-কোনো শাস্তি বিশ্ববিদ্যালয় প্রশাসন দিতে পারে। নিয়মবহির্ভূত আচরণ, শৃঙ্খলা পরিপন্থি বিষয় বিশেষ করে বিশ্ববিদ্যালয়ের শিক্ষকদের নৈতিক স্খলন হলে সেটি খতিয়ে দেখার এখতিয়ার প্রশাসনের রয়েছে বলেও উল্লেখ করেন তিনি। "কিন্তু ঢালাওভাবে সেটি যদি মতপ্রকাশের স্বাধীনতাকে রুদ্ধ করে এবং মতপ্রকাশের সামগ্রিক ব্যবস্থাপনা প্রশ্নবিদ্ধ হয়, তাহলে বিশ্ববিদ্যালয় গড়ে ওঠার প্রথম যে ভাবনাটি মুক্ত চিন্তা, সেই মুক্ত চিন্তা বড়ো রকমের শঙ্কার মধ্যে পড়বে, এ ব্যাপারে আমার কোনো সন্দেহ নেই," বলেন অধ্যাপক মশিউর রহমান।

অধ্যাপক রহমান বলছেন, আওয়ামী লীগ, বিএনপি, বামপন্থি বা জামায়াতে ইসলামী এমন দলীয় দৃষ্টিকোণ থেকে রঙের নামে শিক্ষকদের দলের নামকরণ করা হয়নি। বরং শিক্ষকদের বিভিন্ন নির্বাচনকালীন সময়ে ভোট দেওয়ার সুবিধার জন্য সাদা, নীল, গোলাপী এরকম রঙের নামকরণে শিক্ষকদের দলের নামকরণ করা হয়েছে। এমন প্রেক্ষাপট উল্লেখ করে অধ্যাপক মশিউর রহমান বলেন, নীল দল যারা করেন তারা সবাই আওয়ামী লীগ করেন এমন বিষয় নয়। কিন্তু

শিক্ষকদের এই তালিকা সাদা দল করেনি বলে যে বিজ্ঞপ্তি দিয়েছে, সেটি নিয়ে প্রশ্ন তুলে তিনি বলেন, সেক্ষেত্রে সিন্ডিকেটেই বিষয়টি সুরাহা হয়ে যেত। অন্যদিকে, দুই তালিকাতেই নাম থাকা আরেকজন নাম প্রকাশে অনিচ্ছুক শিক্ষক জানান, গণমাধ্যমেই শিক্ষকদের ২৩১ ও ১২৫ দুই তালিকার কথা জেনেছেন। কিন্তু শিক্ষক রাজনীতির সাথে জড়িত নন তিনি। "আমরা ঠিক বুঝতে পারলাম না যে, ১২ ঘণ্টার মধ্যে কীভাবে ২৩১ জনের তালিকা ১২৫ জনের তালিকায় পরিণত হলো, আমাদের কোনো ধারণা নেই," বলেন এই শিক্ষক। তবে, জুলাই গণ-অভ্যুত্থানের পরে ঢাকা বিশ্ববিদ্যালয়ে ২০২৪ সালের ২৩ সেপ্টেম্বর পুনরায় অ্যাকাডেমিক কার্যক্রম শুরু হয়। সেই সময় থেকে এখন পর্যন্ত বিভাগের শিক্ষার্থীরা তার বিরুদ্ধে কোন অভিযোগ দেয়নি, এমনকি শিক্ষক হিসেবেও বিভাগীয় সকল ধরনের কার্যক্রমে রয়েছেন ঢাবির এই শিক্ষক। নাম প্রকাশে অনিচ্ছুক এই শিক্ষক বলেন, "শিক্ষক হিসেবে আমার যা যা কার্যক্রম করার কথা, সবই এখন পর্যন্ত স্বাভাবিকভাবে চলছে। আমি কোথাও কোরস্ ধরনের বিধি-নিষেধের সম্মুখীন হইনি বা কোনো নোটিশ বা তদন্ত কমিটির ডাক এসব কিছুই পাইনি। ফলে তালিকায় নাম দেখে আমি খুবই অবাক হয়েছি।" এই শিক্ষক বলছেন, "বিশ্ববিদ্যালয়ে জ্ঞান সৃষ্টি করতে হলে, জ্ঞান চর্চা করতে হলে বিপরীত প্রান্তের মতামত সম্পর্কে জানতে হবে, সেই মতামত প্রকাশ করতে দিতে হবে।" "এভাবে যদি আপনি কণ্ঠরোধ করার চেষ্টা করেন কিংবা এভাবে উদাহরণ তৈরি করেন যে, ভিন্নমত পোষণ করার শাস্তি এতো ভয়ংকর, তাহলে এখানে আর কে কথা বলবে। কোনো একটা জায়গায় যদি ডায়লগ বন্ধ সেখানে আসলে নতুন জ্ঞান সৃষ্টি হয় না, জ্ঞান চর্চা হয় না, সেক্ষেত্রে বিশ্ববিদ্যালয় থাকার আর কোনো অর্থবহতা থাকবে না," বলেন ঢাবির এই শিক্ষক। আওয়ামী লীগের সময়ে ঢাবির সাবেক উপাচার্য ও ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিভাগের অধ্যাপক আখতারুজ্জামান, তালিকা ও কমিটি হওয়ার কথা শুনেছেন বলে জানান। তবে তিনি কোনো কথা বলতে চাননি।(বিবিসি ওয়েব পেজ : ১২.০৮.২০২৬ আলী আহমেদ)

## 'সমকামিতার' অভিযোগে ঢাকা বিশ্ববিদ্যালয়ের দুইজন শিক্ষার্থীর সিট বাতিল

ঢাকা বিশ্ববিদ্যালয়ের দুইজন শিক্ষার্থীর বিরুদ্ধে 'সমকামিতার' অভিযোগ ওঠার পর তাদের আবাসিক হলের সিট বাতিল করেছে বিশ্ববিদ্যালয় প্রশাসন। বিশ্ববিদ্যালয়ের শেখ মুজিবুর রহমানের প্রাধ্যক্ষ অধ্যাপক মো. আখতারুজ্জামান বিবিসি বাংলাকে বলেছেন, তদন্ত কমিটির সুপারিশের ভিত্তিতে তারা ওই দুই শিক্ষার্থীর সিট বাতিল করার সিদ্ধান্ত নিয়েছেন। বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ তাদের বিরুদ্ধে আরও কী পদক্ষেপ নেওয়া যায়, সেটি এখন পর্যালোচনা করছে বলেও জানা গেছে। যদিও বিশ্ববিদ্যালয় বিধিমালায় এ বিষয়ে সুনির্দিষ্ট কিছু নেই বলে কর্তৃপক্ষ আগেই জানিয়েছিল। ঢাকা বিশ্ববিদ্যালয়ে সাম্প্রতিককালে আরও দুটি হলে দু-জন অতিথির বিরুদ্ধে সমকামিতার অভিযোগ ব্যাপকভাবে আলোচনায় এসেছিল। এর মধ্যে একটি হলে একজন শিক্ষার্থী সমকামিতার জন্য বহিরাগত এনেছেন- এমন অভিযোগ ওঠে। আর অন্য ঘটনায় হল ছাত্র সংসদের একজন নেতা ও একজন শিক্ষার্থীর বিরুদ্ধে সমকামিতায় জড়ানোর অভিযোগ ওঠেছিল। পরে হল প্রশাসন হল সংসদের নেতার সিট সাময়িক বাতিল করেছিল। যদিও তিনি এ অভিযোগ প্রত্যাখ্যান করেছিলেন।(বিবিসি ওয়েব পেজ : ১২.০৮.২০২৬ আলী আহমেদ)

## সন্ধ্যা নাগাদ বিদ্যুৎ পরিস্থিতির উন্নতির আশা প্রতিমন্ত্রীর

বাংলাদেশের বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ প্রতিমন্ত্রী অনিন্দ্য ইসলাম অমিত বলেছেন, আজ সন্ধ্যার পর থেকে বিদ্যুৎ পরিস্থিতির কিছুটা হলেও উন্নতির আশা করছেন তারা। আজ সচিবালয়ে সাংবাদিকদের প্রশ্নের জবাবে তিনি বলেন, "গ্যাস যদি পর্যাপ্ত সরবরাহ না হয়, তাহলে বিদ্যুতের সংকট হয়। তারপরও আমরা একটি কৌশল নিয়েছি। আশা করছি, আজ সন্ধ্যার পর থেকে বিদ্যুৎ পরিস্থিতির কিছুটা হলেও উন্নতি হবে।" এক প্রশ্নের জবাবে প্রতিমন্ত্রী বলেন, মালয়েশিয়া থেকে এক কার্গো এলএনজি পাওয়ার আশা করছেন তারা। "এটা একটি প্রক্রিয়ার ব্যাপার। সেটা নিয়ে কাজ করছি। আমাদের হাতে যত বিকল্প আছে সব নিয়েই কাজ করছি। আমরা সবার সাথে কথা বলেছি," বলেছেন তিনি। সরকার জনদুর্ভোগ বিবেচনায় নিয়ে প্রাণান্তকর চেষ্টা করছে, কিন্তু প্রকৃতির ওপর কারও হাত নেই- মন্তব্য করে প্রতিমন্ত্রী বলেন, "সামিট টার্মিনালে এলএনজি ডিসচার্জ করা যাচ্ছে না। এক্সিলারেট টার্মিনাল থেকে এখনো ফুল ক্যাপাসিটিতে কাজ করতে পারছি না। দেশীয় উৎপাদন রাতারাতি বাড়ানো যায় না।" তার দাবি, বিগত সরকারগুলো কোনো মধ্য ও দীর্ঘমেয়াদি সমাধান খোঁজেনি বলেই হঠাৎ করেই সংকট সামনে এসেছে। প্রসঙ্গত, এলএনজি সরবরাহ কমে যাওয়া গ্যাসভিত্তিক বিদ্যুৎ উৎপাদন নিয়ে সংকট চলছে দেশে। ফলে সারাদেশে লোডশেডিং অনেক বেড়ে গেছে। (বিবিসি ওয়েব পেজ : ১২.০৮.২০২৬ আলী আহমেদ)

## বরিশালের আদালত চত্বরে বিস্ফোরণ

বাংলাদেশের দক্ষিণাঞ্চলীয় জেলা বরিশালের আদালত চত্বরে ককটেল বিস্ফোরণের মতো বিস্ফোরণের ঘটনা ঘটেছে। বরিশাল মেট্রোপলিটন পুলিশের কমিশনার আবু রায়হান মুহাম্মদ সালেহ ঘটনাস্থল পরিদর্শনের সময় সাংবাদিকদের বলেছেন যে, প্রাথমিকভাবে ধারণা করা হচ্ছে, দুর্বৃত্তরা আদালত চত্বরে ককটেলজাতীয় একটি বস্তু রেখে যায়, যা পরে বিস্ফোরিত হয়। "আমাদের সিআইডির এক্সপার্ট টিম তারা আলামত সংগ্রহ করেছে। সিসিটিভি ক্যামেরার ফুটেজ আছে। পটকার আওয়াজ যেমন হয়, তেমন শব্দ শোনা গেছে। আমরা সব বিষয় যাচাই-বাছাই করে দেখছি,"

সাংবাদিকদের বলেছেন তিনি। পুলিশ ও প্রত্যক্ষদর্শীরা জানিয়েছে, সকাল সাড়ে ১০টার দিকে আদালত চত্বরে বিস্ফোরণের এ ঘটনা ঘটে। এতে কেউ হতাহত না হলেও আদালত চত্বরে ব্যাপক আতঙ্ক ছড়িয়ে পড়ে। ঘটনার পরপরই পুলিশ ও গোয়েন্দা সংস্থার সদস্যরা পুরো এলাকা ঘিরে তল্লাশি শুরু করেন। পুলিশের দাবি, আদালতের প্রধান প্রবেশ পথের বা পাশে একটি ব্যাগ পড়ে ছিল। সকাল সাড়ে ১০টার দিকে ব্যাগের ভেতরে থাকা বস্তুটি বিস্ফোরিত হয়। তবে কে বা কারা ব্যাগটি সেখানে রেখে গেছে, তা এখনো নিশ্চিত হওয়া যায়নি।
(বিবিসি ওয়েব পেজ : ১২.০৮.২০২৬ আলী আহমেদ)

## হাম ও উপসর্গ নিয়ে আরও পাঁচ শিশুর মৃত্যু বাংলাদেশে

বাংলাদেশে ২৪ ঘণ্টায় সন্দেহজনক হাম রোগে চার শিশু এবং নিশ্চিত হামে একজনের মৃত্যু হয়েছে। এ নিয়ে গত ১৫ মার্চ থেকে এ পর্যন্ত সন্দেহজনক হাম রোগে ৭৮৬ জনের মৃত্যু এবং নিশ্চিত হমে আরো ৯৯ জনের মৃত্যুর তথ্য দিলো সরকারের স্বাস্থ্য সেবা বিভাগ। এ বিষয়ক নিয়মিত বুলেটিনে আজ জানানো হয়েছে যে, চলতি বছরের মার্চে প্রাদুর্ভাবের পর গত চার মাসে হামে ও হাম সন্দেহে আক্রান্ত শিশুর সংখ্যা ইতোমধ্যেই এক লাখ অতিক্রম করেছে। প্রসঙ্গত, বিশ্ব স্বাস্থ্য সংস্থা বা ডব্লিউএইচও আাগেই সতর্ক করে বলেছে, টিকাদানের হার কমে যাওয়ায় বিশ্বের কিছু অঞ্চলে আবার হাম রোগের পুনরুত্থান দেখা যাচ্ছে। চিকিৎসা বিষয়ক জার্নাল দ্য ল্যানসেট এর তথ্য অনুযায়ী, গত ২০ বছরের মধ্যে সর্বোচ্চসংখ্যক হাম প্রাদুর্ভাব দেখা গেছে ২০২৪ এবং ২০২৫ সালে। আবার, এপ্রিলের শেষ দিকে একটি প্রতিবেদনে বাংলাদেশের হাম পরিস্থিতি নিয়ে উদ্বেগও প্রকাশ করেছিল ডব্লিউএইচও। তাতে হামের চলমান পরিস্থিতিকে জাতীয়ভাবে 'উচ্চ ঝুঁকিপূর্ণ' বলেও মূল্যায়ন করেছিল সংস্থাটি।
(বিবিসি ওয়েব পেজ : ১২.০৮.২০২৬ আলী আহমেদ)

## বিপ্লব কুমারসহ ছয়জন পুলিশ কর্মকর্তা বরখাস্ত

ঢাকা মহানগর পুলিশ বা ডিএমপির সাবেক যুগ্ম কমিশনার বিপ্লব কুমার সরকারসহ ছয়জন পুলিশ কর্মকর্তাকে 'অসদাচরণ ও পলায়নের' মতো অভিযোগে চাকরি থেকে বরখাস্ত করেছে বাংলাদেশ সরকার। আজ স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের জননিরাপত্তা বিভাগ থেকে এ সংক্রান্ত আলাদা আলাদা প্রজ্ঞাপন জরি করা হয়েছে। প্রজ্ঞাপনগুলোতে বলা হয়েছে যে, সরকারি চাকরি আইন, ২০১৮-এর সংশ্লিষ্ট ধারার ক্ষমতাবলে এসব কর্মকর্তাকে চাকরি থেকে বরখাস্ত করা হয়েছে। কর্মস্থলে অনুপস্থিত থাকার অভিযোগে বিভাগীয় প্রক্রিয়া শেষে ছয় কর্মকর্তার বিরুদ্ধে চাকরি থেকে বরখাস্তের এই সিদ্ধান্ত নেওয়া হয়েছে। বরখাস্ত হওয়া অন্য পুলিশ কর্মকর্তারা হলেন- কাজী আশরাফুল আজীম, মো. গোলাম রুহানী, সুদীপ কুমার চক্রবর্তী, রাজন কুমার দাস ও মো. ইকবাল হোসাইন। প্রজ্ঞাপন অনুযায়ী, ছয় কর্মকর্তার সবাই বিভিন্ন সময়ে সাময়িক বরখাস্ত ছিলেন। তাদের মধ্যে বিপ্লব কুমার সরকারকে সাময়িক বরখাস্তের পর বরিশাল রেঞ্জ ডিআইজি কার্যালয়ে সংযুক্ত করা হয়েছিল। সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ অনুযায়ী তদন্ত শেষে এই কর্মকর্তাদের বিরুদ্ধে আনা অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়েছে বলে প্রজ্ঞাপনে জানানো হয়েছে।
(বিবিসি ওয়েব পেজ : ১২.০৮.২০২৬ আলী আহমেদ)

## বাংলাদেশে শপিংমল ও দোকানপাট রাত ৮টায় বন্ধের নির্দেশ

বাংলাদেশের সব শপিংমল, মার্কেট ও দোকান রাত ৮টার মধ্যে বন্ধ করার নির্দেশ দিয়েছে সরকার। চলমান বিদ্যুৎ সংকট পরিস্থিতির মধ্যেই সরকারের দিক থেকে আজ এ নির্দেশনা এলো। বিদ্যুৎ বিভাগ একইসঙ্গে সন্ধ্যা ৭টার মধ্যে সব ধরনের আলোকিত বিলবোর্ড বন্ধ এবং আলোকসজ্জা সম্পূর্ণভাবে বন্ধ রাখার নির্দেশনা দিয়েছে। আজ বুধবার রাতে বিদ্যুৎ বিভাগ সারাদেশে জেলা প্রশাসনকে এ নির্দেশনা জানিয়েছে। এর আগে, গত ১১ জুন জারি করা নির্দেশনা অনুযায়ী, শপিংমল, মার্কেট ও দোকান রাত ৯টা পর্যন্ত খোলা রাখার সরকারি সিদ্ধান্ত কার্যকর ছিল। আজকের নির্দেশনায় আরও বলা হয়েছে, দেশের বিভিন্ন প্রান্তে চলমান ও অনুষ্ঠিতব্য মেলা, বাণিজ্য মেলা এবং সাংস্কৃতিক অনুষ্ঠানের ক্ষেত্রেও এই সময়সীমা প্রযোজ্য হবে। এসব আয়োজন রাত ৮টার মধ্যেই শেষ করতে হবে। তবে খাবারের দোকান, হাসপাতাল, ঔষধের দোকানসহ সংশ্লিষ্ট জরুরি সেবাগুলো এ নির্দেশনার আওতামুক্ত থাকবে। এখন সরকারের নতুন এ সিদ্ধান্ত অনুযায়ী, শপিং মল, মার্কেট ও দোকান সকাল ১১টা থেকে রাত ৮টা পর্যন্ত খোলা রাখা, সন্ধ্যা ৭টার মধ্যে সব ধরনের আলোকিত বিলবোর্ড বন্ধ করা, আলোকসজ্জা বন্ধ রাখা এবং মেলা, বাণিজ্য মেলা ও সাংস্কৃতিক অনুষ্ঠান রাত ৮টার মধ্যে শেষ করার ব্যবস্থা নিতে হবে।(বিবিসি ওয়েব পেজ : ১২.০৮.২০২৬ নারগীস)

## 'সমকামিতা' নিয়ে বাংলাদেশের আইনে কী আছে?

ঢাকা বিশ্ববিদ্যালয়ের একটি আবাসিক হলের দুইজন শিক্ষার্থীর বিরুদ্ধে সমকামিতার অভিযোগ ওঠায় তাদের সিট বাতিল করেছে প্রশাসন। সাম্প্রতিক সময়ে বিশ্ববিদ্যালয়টির আরো দুটি হলে এরকম দুটি অভিযোগ ওঠেছিল। একটি ঘটনায় হল ছাত্র সংসদের একজন নেতার হলের সিট সাময়িকভাবে বাতিলও করেছিল প্রশাসন, যদিও অভিযোগ প্রত্যাখ্যান করেছিলেন তিনি। ব্যবস্থা নেওয়া হলেও এই শিক্ষা প্রতিষ্ঠানটির শৃঙ্খলাবিধিতে সমকামিতা সংক্রান্ত বিষয়ে

সুনির্দিষ্ট করে কিছু বলা নেই বলে এরইমধ্যে জানিয়েছে ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ। বাংলাদেশের আইনে 'সমকামিতা' নিয়ে আসলে কী বলা হয়েছে?

**আলোচিত 'শরীফার গল্পে' আসলে কী আছে?**

সুপ্রিম কোর্টের আইনজীবী ও মানবাধিকারকর্মীরা বলছেন, বাংলাদেশের আইনে 'সমকামিতাকে সংজ্ঞায়িত করা হয়নি। তবে, বাংলাদেশে ব্রিটিশ আমলের প্রচলিত আইনে দণ্ডবিধির ৩৭৭ ধারায় 'প্রকৃতির নিয়মের বিরুদ্ধে গিয়ে' করা যৌন মিলনের কথা উল্লেখ করা হয়েছে বলে জানিয়েছেন আইনজীবী কাজী জাহেদ ইকবাল। দণ্ডবিধির এই ধারায় অনাকাঙ্ক্ষিত বা প্রকৃতির নিয়মবিরুদ্ধ অপরাধের কথা উল্লেখ করা হয়েছে। এতে বলা হয়েছে, যদি কোনো ব্যক্তি স্বেচ্ছায় কোনো পুরুষ, নারী বা পশুর সঙ্গে প্রকৃতির নিয়মের বিরুদ্ধে গিয়ে শারীরিক সম্পর্ক স্থাপন করেন, তবে তিনি যাবজ্জীবন কারাদণ্ডে, অথবা সর্বোচ্চ ১০ বছর পর্যন্ত যে-কোনো মেয়াদের কারাদণ্ডে দণ্ডিত হবেন। একইসঙ্গে, ওই ব্যক্তি অর্থদণ্ডেও দণ্ডিত হতে পারেন বলে উল্লেখ করা হয়েছে। মি. ইকবাল বিবিসি বাংলাকে বলেন, "দ্য পেনাল কোড, ১৮৬০, আইনে ৩৭৭ এ 'আন-ন্যাচারাল অফেন্সেস' এর বিষয়ে বলা আছে। এখানে সর্বোচ্চ শাস্তি যাবজ্জীবন কারাদণ্ডের কথাও বলা হয়েছে।„ এই ধারার ব্যাখ্যায় বলা হয়েছে, এই অপরাধটি সংগঠিত হওয়ার জন্য শারীরিক মিলনের ক্ষেত্রে পেনিট্রেশন বা অনুপ্রবেশই যথেষ্ট হিসেবে গণ্য হবে। বিষয়টি ব্যাখ্যা করে সুপ্রিম কোর্টের এই আইনজীবী বলেন, "ফ্যাক্টের ওপরে আদালত বিচার করবে শাস্তি যাবজ্জীবন কারাদণ্ড হবে নাকি ১০ বছর হবে।„ মি. ইকবাল বলছেন, বাংলাদেশে আইনিভাবে শারীরিক সম্পর্কের এই ধারণাটিকে স্বীকৃতি বা অস্বীকৃতি কোনোটিই দেওয়া হয়নি। "আলটিমেটলি আইনের জায়গায়, এক্সাক্টলি বাংলাদেশের কোনো আইনেই সমকামিতাকে স্বীকৃতি, অস্বীকৃতি বা কাভার করা হয়নি। সেই কারণে ভুল ধারাগুলোতে বিচারগুলো করা হয়। মূলত, সমকামিতার বিষয়ে আমাদের এখানে কোনো আইন নাই। এটার সংজ্ঞাও দেওয়া হয় নাই। এই টার্মটাই নাই। আমাদের এখানে আছে 'আন-ন্যাচারাল' এই বিষয়টা,„ বলেন মি. ইকবাল। সমকামিতার বিষয়ে কোনো মামলা বা শাস্তির ঘটনা বাংলাদেশে রয়েছে কি না- এমন প্রশ্নে তিনি জানান, তার জানা মতে এমন কোনো মামলা হয়নি। আইনজীবী কাজী জাহেদ ইকবাল বলেন, "তবে ৩৭৭ এ খুঁজলে হয়তো দু-একটা মামলা পাওয়া যেতে পারে। তবে তার বেশিরভাগই বলাৎকার বিষয়ক। কনসেন্টিং পানিশমেন্টের খবর আমার জানা মতে হয় নাই।„ মি. ইকবাল জানান, আগে বেশিরভাগ বলাৎকারের মামলাই এই ৩৭৭ ধারায় দায়ের করা হতো। যদিও বলাৎকারের কোনো সংজ্ঞা ছিল না। তবে পরবর্তীতে দেশের আইনে বলাৎকারকে সংজ্ঞায়িত করে নারী ও শিশু নির্যাতন আইনের আওতায় আনা হয়েছে বলে উল্লেখ করেন আইনজীবী মি. ইকবাল। তিনি জানান, দেশের আইনে সমকামিতা না থাকার কারণেই এমন অভিযোগে আইনশৃঙ্খলা বাহিনী কাউকে গ্রেফতার করলেও অন্য ধারার প্রয়োগ করে থাকে। "কখনও কখনও কাউকে পুলিশ ধরলেও অশ্লীলতার কোনো আইনে জরিমানা বা কোর্টে চালান দিয়ে ওই ধরনের ধারায় দিয়ে দেয়। মেট্রোপলিটনের বাইরে হলে ২৯০ এ রকম একটি ধারায় হয়তো ওদের শাস্তি দুই-এক মাস জেল বা অনেক সময় ১০০ বা ২০০ টাকা জরিমানা করে,„ বলেন সুপ্রিম কোর্টের আইনজীবী কাজী জাহেদ ইকবাল।

**এশিয়ার কোন কোন দেশে কী অবস্থা?**

ব্রিটিশ আমলের আইনে প্রকৃতির নিয়মবিরুদ্ধ যে অপরাধের কথা বলা হয়েছে, সেটি কেবল বাংলাদেশেই নয়, এশিয়ার আরো কয়েকটি দেশেও রয়েছে। এর মধ্যে, পাকিস্তান, মিয়ানমার, মালয়েশিয়া, ব্রুনাই, সিঙ্গাপুর, শ্রীলঙ্কায় ব্রিটিশ আমলের এই দণ্ডবিধিই প্রযোজ্য। এসব দেশগুলো সমকামিতাকে পৃথক করে সংজ্ঞায়িত করেনি এবং ৩৭৭ ধারা এখনো অনুসরণ করে থাকে। ২০২১ সালের ২৯ জুন, বিবিসিতে প্রকাশিত এক প্রতিবেদনে বলা হয়েছে, বিশ্বের ৬৯টি দেশে সমকামিতা অবৈধ। তবে, বাংলাদেশের পার্শ্ববর্তী দেশ ভারত ব্রিটিশ আমলের দণ্ডবিধির ৩৭৭ ধারা বাতিল করেছে। ২০১৮ সালে ভারতের সুপ্রিম কোর্টের এক রায়ের মাধ্যমে ঔপনিবেশিক আমলের ৩৭৭ ধারা বাতিল করে সমকামিতাকে বৈধ করে। তবে, সমলিঙ্গের বিয়ে ভারতে বৈধ নয়। এছাড়া, তাইওয়ান ও থাইল্যান্ডেও সমলিঙ্গের বিয়ের বৈধতা দেওয়া হয়েছে। নেপালেও সমকামিতাকে বৈধতা দেওয়া হয়েছে। এই দেশটিই এশিয়ার প্রথম দেশ যারা 'গে' বিয়েকে বৈধতা দিয়েছিল।(বিবিসি ওয়েব পেজ : ১২.০৮.২০২৬ নারগীস)

## তিন কারণে লোডশেডিং বেড়েছে বাংলাদেশে

গ্যাস সংকটের মধ্যেই দেশজুড়ে তীব্র আকার ধারণ করেছে লোডশেডিং। প্রচণ্ড গরমের মধ্যে ঘণ্টার পর ঘণ্টা বিদ্যুৎ না থাকায় নাজেহাল অবস্থা সাধারণ মানুষের। "সকাল, দুপুর কিংবা রাত নেই, সবসময়ই বিদ্যুৎ যাচ্ছে- এক ঘণ্টা বিদ্যুৎ থাকলে পরের দেড় ঘণ্টা থাকে না,„ বিবিসি বাংলাকে এভাবেই বলছিলেন দিনাজপুরের নবাবগঞ্জ এলাকার বাসিন্দা ফয়সাল আহমেদ। তীব্র গরমে ধারাবাহিক বিদ্যুৎ বিভ্রাটের কারণে বিপাকে পড়েছেন মাগুরা জেলার বাসিন্দা দেবাশিষ বিশ্বাস। বিবিসি বাংলাকে তিনি জানান, "গভীর রাতে ঘুমের মধ্যে বিদ্যুৎ গিয়ে আর আসার খবর থাকে না, বাচ্চাকাচ্চা মাঝরাতে ঘুম থেকে উঠে বসে থাকে।„ বেশ কয়েকটি জেলায় খোঁজ নিয়ে বিদ্যুৎ বিভ্রাটের অনেকটা একই রকম তথ্য পাওয়া গেছে। সাধারণ গ্রাহকদের দাবি, দিনে রাতে সবসময়ই যাওয়া-আসা করছে বিদ্যুৎ। এদিকে, তীব্র

গ্যাস সংকটের পর এবার বিদ্যুৎ সরবরাহে ঘাটতির বিরূপ প্রভাব পড়েছে দেশের শিল্প খাতেও। নারায়ণগঞ্জ ও গাজীপুরের শিল্প এলাকায় তীব্র জ্বালানি সংকটের কারণে কারখানা বন্ধ রাখার খবর জানিয়েছেন উদ্যোক্তাদের অনেকে। ”গতকাল পর্যন্ত একটু একটু করে জ্বালানি পাচ্ছিলাম, আজ তাও বন্ধ হয়ে গেছে,„ বলছিলেন নিট পোশাকশিল্পের মালিকদের সংগঠন বিকেএমইএ-এর সভাপতি মোহাম্মদ হাতেম। ধারাবাহিক লোডশেডিং নিয়ে সামাজিক মাধ্যমেও অনেককে প্রতিবাদ জানাতে দেখা গেছে।

এদিকে, দীর্ঘ সময় লোডশেডিংয়ের কারণে দেশের কিছু জায়গায় বিদ্যুৎ অফিসে গ্রাহকরা হামলা-ভাঙচুর চালিয়েছেন বলে খবর পাওয়া গেছে। বিশেষ করে দেশের গ্রামাঞ্চলে দশ থেকে বারো ঘণ্টা পর্যন্ত লোডশেডিংয়ে গ্রাহকদের মধ্যে ক্ষোভ তৈরি হয়েছে। এই প্রেক্ষাপটে গ্রিড, উপকেন্দ্র ও অফিসগুলোতে নিরাপত্তা চেয়ে বুধবার পুলিশ প্রধানের কাছে চিঠি পাঠিয়েছে বাংলাদেশ পল্লী বিদ্যুৎ অ্যাসোসিয়েশন। এছাড়া, নিরাপত্তা চেয়ে পুলিশ কিংবা প্রশাসনের কাছে পৃথক আবেদন করেছে গোপালগঞ্জ, নীলফামারীসহ বিভিন্ন জেলার বিদ্যুৎ অফিস। সব মিলিয়ে তীব্র গ্যাস সংকট এবং বিদ্যুৎ বিভ্রাটের কারণে দেশজুড়ে সংকট বাড়ছে। যদিও বুধবার সন্ধ্যা থেকে বিদ্যুৎ পরিস্থিতি কিছুটা উন্নতি হতে পারে বলে জানান বিদ্যুৎ প্রতিমন্ত্রী অনিন্দ্য ইসলাম অমিত। তবে এই পরিস্থিতি কবে পুরোপুরি স্বাভাবিক হবে, সেটি নির্দিষ্ট করে বলা কঠিন বলেও জানিয়েছেন প্রতিমন্ত্রী। তবে বুধবার সন্ধ্যায় বিদ্যুৎ বিভাগ সারাদেশে জেলা প্রশাসন মার্কেট ও দোকান-পাট বন্ধের সময় এ নিয়ে আনা সংক্রান্ত নতুন নির্দেশনাও দিয়েছে।

**নিরাপত্তা চেয়ে চিঠি কেন?**

দেশের গ্রামাঞ্চলে ১২ ঘণ্টা পর্যন্ত লোডশেডিং হচ্ছে বলে জানা গেছে। বিদ্যুৎ বিভ্রাটের কারণে ক্ষুব্ধ হয়ে পল্লী বিদ্যুতায়ন বোর্ডের একাধিক স্থাপনায় হামলা-ভাঙচুরের ঘটনাও ঘটেছে। সোমবার দিনাজপুরের নবাবগঞ্জে পল্লী বিদ্যুতের এরিয়া অফিসে হামলার ঘটনা ঘটে। এছাড়া পার্বতীপুর জোনাল অফিসের আওতাধীন ভবের বাজার ইনডোর উপকেন্দ্রেও হামলা ও ভাঙচুরের ঘটনা ঘটেছে। এসব হামলা-ভাঙচুরের একাধিক ভিডিও সামাজিক মাধ্যমেও ছড়িয়ে পড়েছে। পল্লী বিদ্যুৎ অফিসে কর্মরতদের অনেকেই বলছেন, ধারাবাহিকভাবে লোডশেডিংয়ের মাত্রা বাড়তে থাকায় স্থানীয় পর্যায়ে ব্যাপক ক্ষোভ জন্ম নিয়েছে। এমন পরিস্থিতিতে নিরাপত্তা চেয়ে পুলিশ মহাপরিদর্শকের কাছে বুধবার একটি চিঠি দিয়েছে পল্লী বিদ্যুতে কর্মরতদের সংগঠন, বাংলাদেশ পল্লী বিদ্যুৎ অ্যাসোসিয়েশন। সংগঠনটির দপ্তর সম্পাদক মাহবুবুর রহমান এর পাঠানো ওই চিঠিতে উল্লেখ করা হয়েছে যে, পল্লী বিদ্যুৎ সমিতিগুলোতে গড়ে আট থেকে নয় হাজার মেগাওয়াট বিদ্যুতের চাহিদা থাকলেও পাওয়া যাচ্ছে পাঁচ থেকে ছয় হাজার মেগাওয়াট। ”পল্লী বিদ্যুৎ সমিতির আওতাধীন এলাকায় অত্যধিক লোডশেডিং-এর কারণে জনরোষ বৃদ্ধি পাচ্ছে এবং কিছু কিছু জায়গায় বিদ্যুৎ উপকেন্দ্র অফিসগুলো হামলার শিকার হচ্ছে,„ বলেও চিঠিতে উল্লেখ করা হয়েছে।

এদিকে, গোপালগঞ্জে পুলিশের কাছে নিরাপত্তা চেয়ে চিঠি দিয়েছে ওয়েস্ট জোন পাওয়ার ডেভেলপমেন্ট কোম্পানি বা ওজোপাডিকো কর্তৃপক্ষ। সব মিলিয়ে বিদ্যুৎ বিভ্রাটের কারণে এক ধরনের নিরাপত্তা শঙ্কায় পড়েছেন এসব প্রতিষ্ঠানে কর্মরতরা। পরিস্থিতি দ্রুত স্বাভাবিক না হলে জনরোষ আরও বাড়তে পারে বলেও শঙ্কা অনেকের। পল্লী বিদ্যুৎসহ বিদ্যুৎ বিতরণ প্রতিষ্ঠানগুলোর কর্মী, স্থাপনা এবং বিদ্যুৎ উপকেন্দ্রগুলোর নিরাপত্তার বিষয়ে পদক্ষেপ নেওয়া হচ্ছে বলে জানিয়েছেন বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের চেয়ারম্যান মো. রেজাউল করিম। তিনি বলছেন, বিদ্যুৎ অফিসে কর্মরতদের, লোডশেডিং র‍্যাশনালাইজেশনসহ বেশ কিছু নির্দেশনা দেওয়া হয়েছে। ”আমাদের যতগুলো পল্লী বিদ্যুৎ সমিতি আছে, পিডিবি আছে, নেসকো আছে সবাইকে বলা হয়েছে যে, সবাই যেন লোড ম্যানেজমেন্টটা ওইভাবেই করে, কোথাও বেশি লোডশেড, কোথাও কম লোডশেড এটা যেন না হয়,„ বিবিসি বাংলাকে বলেন তিনি। এছাড়া লোডশেডিংয়ের কারণে সাধারণ গ্রাহকদেরকে ক্ষুব্ধ না হওয়ারও আহ্বান জানিয়েছেন বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের চেয়ারম্যান। ”আমরা বিদ্যুৎ অফিসে কর্মরতদের বলেছি, যাতে তারা মানুষকে একটু বোঝায় যে, এটা তো আমার ব্যক্তিগত কিছু নয় যে, আমার কারণে বিদ্যুৎটা বন্ধ আছে, এভাবে কমিউনিকেটিভ ওয়েতে একটু ম্যানেজ করার কথা বলেছি,” বিবিসি বাংলাকে বলেন ম. করিম।

**কেন এই সংকট**

বাংলাদেশে বর্তমানে বিদ্যুতের সর্বোচ্চ চাহিদা ১৮ হাজার পাঁচশ মেগাওয়াটের কিছু বেশি। কিন্তু খাতা কলমে বর্তমানে দেশের বিদ্যুৎ উৎপাদন সক্ষমতা ৩৩ হাজার ৯২ মেগাওয়াট। কিন্তু তারপরও বিদ্যুৎ নিয়ে কেন এই অস্থিরতা? বাংলাদেশে বর্তমানে তীব্র বিদ্যুৎ সংকট এবং রেকর্ড পরিমাণ লোডশেডিংয়ের পেছনে তিনটি কারণ চিহ্নিত করেছেন বিদ্যুৎ খাত সংশ্লিষ্টরা। তারা বলছেন, দেশে বিদ্যুৎ উৎপাদনের একটি বড় অংশই গ্যাসভিত্তিক। কিন্তু সম্প্রতি মহেশখালীতে এলএনজি (তরলীকৃত প্রাকৃতিক গ্যাস) টার্মিনালে যান্ত্রিক ত্রুটির কারণে জাতীয় গ্রিডে গ্যাস সরবরাহ মারাত্মকভাবে কমে গেছে। চাহিদার তুলনায় অনেক কম গ্যাস পাওয়ায় গ্যাসভিত্তিক বিদ্যুৎকেন্দ্রগুলো পূর্ণ সক্ষমতায় বিদ্যুৎ উৎপাদন করতে পারছে না। এছাড়া দেশের অন্যতম বড়ো কয়লাভিত্তিক বিদ্যুৎকেন্দ্রগুলোতেও কয়লা সরবরাহ ব্যাহত হচ্ছে। কারিগরি ত্রুটির কারণে উৎপাদন বন্ধ রয়েছে বড়পুকুরিয়ার মতো বৃহৎ কয়লাভিত্তিক বিদ্যুৎকেন্দ্রে।

অন্যদিকে, বিদ্যুৎ খাতের বিভিন্ন বেসরকারি কেন্দ্র ও আমদানিকারকদের কাছে সরকারের বড় অঙ্কের বকেয়া বিল জমে যাওয়ার কারণেও এই নিয়ে জটিলতা বেড়েছে। বাংলাদেশে কম-বেশি লোডশেডিং সব সময়ই রয়েছে। কিন্তু গত মাসের ২৮ জুলাই থেকে লোডশেডিংয়ের মাত্রা প্রকট আকার ধারণ করেছে। বিশেষ করে গত ১০ জুলাই এর পরিমাণ ছাড়িয়েছে অতীতের সব রেকর্ড। ওই দিন দুপুরে ১৬ হাজার ২৬২ মেগাওয়াট চাহিদার বিপরীতে ১২ হাজার ৫০৫ মেগাওয়াট বিদ্যুৎ সরবরাহ করা হয়। অর্থাৎ সেদিন লোডশেডিং হয়েছিল তিন হাজার ৭৫৭ মেগাওয়াট। পাওয়ার গ্রিড বাংলাদেশ পিএলসি-এর তথ্য অনুযায়ী, মঙ্গলবার ঢাকা জোনে ছয় হাজার ৪৩২ মেগাওয়াট চাহিদার বিপরীতে ৫৮৫ মেগাওয়াট লোডশেডিং হয়েছে। বাকি সবগুলো বিভাগেই চাহিতার তুলনায় কম বিদ্যুৎ সরবরাহের তথ্য পাওয়া গেছে।

এলএনজি টার্মিনাল থেকে গ্যাস সরবরাহ পুরোপুরি স্বাভাবিক না হওয়া পর্যন্ত লোডশেডিংয়ের মাত্রা কমার সম্ভাবনা কম বলেই মত জ্বালানি বিশেষজ্ঞ ড. শামসুল আলমের। বিবিসি বাংলাকে তিনি বলছেন, "বিদ্যুৎ উৎপাদন ব্যয় যে পরিমাণ বেড়েছে, সেটি কমাতে হবে। জ্বালানি সংস্থান কীভাবে বাড়ানো যায় সেই চেষ্টা করতে হবে। এছাড়া সরকারের হাতে আর কোনো উপায় নেই।„ পেট্রোবাংলার তথ্য অনুযায়ী, দেশের গ্যাসভিত্তিক বিদ্যুৎকেন্দ্রগুলোয় দুই হাজার ৫২৪ মিলিয়ন ঘনফুট গ্যাসের চাহিদা থাকলেও মঙ্গলবার সরবরাহ করা হয়েছে ৭৪৪ মিলিয়ন ঘনফুট। ফলে জ্বালানি সংকটে অনেক বিদ্যুৎ উৎপাদন কেন্দ্র এখন বন্ধ করে রাখা হয়েছে। দেশজুড়ে ভয়াবহ লোডশেডিং এবং জ্বালানি সংকট নিয়ে বেশ চাপের মুখে বর্তমান সরকার। সম্প্রতি একটি অনুষ্ঠানে, বর্তমান বিদ্যুৎ পরিস্থিতির জন্য দেশের সাধারণ মানুষের কাছে দুঃখও প্রকাশ করেছেন সরকারের বিদ্যুৎমন্ত্রী এবং প্রতিমন্ত্রী। অবশ্য বুধবার সচিবালয়ে সাংবাদিকদের প্রশ্নের জবাবে বিদ্যুৎ প্রতিমন্ত্রী অনিন্দ্য ইসলাম অমিত জানিয়েছেন, "আমরা একটা কৌশল নিয়েছি গতকাল সন্ধ্যা থেকে। আমরা আশা করছি আজ (১২ই অগাস্ট) সন্ধ্যা থেকে বিদ্যুৎ পরিস্থিতি কিছুটা হলেও স্বাভাবিক হবে।„ তবে গ্যাস এবং বিদ্যুৎ নিয়ে চলমান সংকট পুরোপুরি স্বাভাবিক হতে আরও কতদিন সময় লাগতে পারে, এ নিয়ে নির্দিষ্ট কোনো তথ্য দেননি তিনি। "অ্যাক্সিডেন্ট ইজ অ্যাক্সিডেন্স- যার ফলে এলএনজি টার্মিনাল থেকে আমরা এখনো ফুল ক্যাপাসিটিতে কাজ করতে পারছি না। দেশি উৎপাদন রাতারাতি বাড়ানো সম্ভব না, এটা দীর্ঘমেয়াদি ব্যাপার,„ বলেন তিনি।

(বিবিসি ওয়েব পেজ : ১২.০৮.২০২৬ নারগীস)

## লোহিত সাগরে বাণিজ্যিক জাহাজে হুথিদের হামলায় তিনজন পাকিস্তানির মৃত্যু

পাকিস্তানের উপ-প্রধানমন্ত্রী ও পররাষ্ট্রমন্ত্রী ইসহাক দার লোহিত সাগরে একটি বাণিজ্যিক জাহাজে হামলায় তিন পাকিস্তানি নাগরিক নিহত হওয়ার বিষয়টি নিশ্চিত করেছেন। বুধবার এক্সে (সাবেক টুইটার) প্রকাশিত এক বিবৃতিতে ইসহাক দার লোহিত সাগরে একটি বাণিজ্যিক জাহাজে হামলার ঘটনায় গভীর উদ্বেগ প্রকাশ করে বলেন, "এ পর্যন্ত প্রাপ্ত তথ্য অনুযায়ী, এ ঘটনায় তিন পাকিস্তানি নাগরিক নিহত এবং একজন আহত হয়েছেন।„ শোকসন্তপ্ত পরিবারগুলোর প্রতি গভীর সমবেদনা জানিয়ে তিনি বলেন, "সামরিক কাজে ব্যবহৃত নয়- এমন একটি বাণিজ্যিক জাহাজে হুথিদের হামলার তীব্র নিন্দা জানায় পাকিস্তান।„ তিনি বলেন, "এ ধরনের হামলা নিরপরাধ মানুষের জীবনকে ঝুঁকির মুখে ফেলে, আন্তর্জাতিক আইন লঙ্ঘন করে এবং নৌ চলাচলের স্বাধীনতা, সামুদ্রিক নিরাপত্তা ও লোহিত সাগরে বাণিজ্যিক জাহাজ চলাচলের নিরাপত্তার জন্য গুরুতর হুমকি সৃষ্টি করে।„ ইসহাক দার জানান, ঘটনাটি সম্পর্কে আরও বিস্তারিত তথ্য জানতে সংশ্লিষ্ট সৌদি কর্তৃপক্ষ ও আন্তর্জাতিকভাবে স্বীকৃত ইয়েমেন সরকারের সঙ্গে যোগাযোগ রাখছে পাকিস্তান। তিনি বলেন, "আমরা পরিস্থিতি নিবিড়ভাবে পর্যবেক্ষণ করছি এবং সংশ্লিষ্ট কর্তৃপক্ষের সঙ্গে নিয়মিত যোগাযোগ বজায় রাখব।„ গতকাল ইয়েমেনের কোস্ট গার্ড কর্মকর্তারা নিশ্চিত করেন যে, বাব আল-মান্দেবের কাছে একটি মালবাহী জাহাজে হামলায় মৃতের সংখ্যা বেড়ে ছয়ে দাঁড়িয়েছে। কোস্ট গার্ডের দাবি, ইরান-সমর্থিত হুথি যোদ্ধারা এ হামলা চালিয়েছে। সৌদি আরবের বিরুদ্ধে নৌ অবরোধের ঘোষণা দেওয়ার পর থেকে লোহিত সাগর উপকূলে বাণিজ্যিক জাহাজের ওপর হুথিদের একাধিক প্রাণঘাতী হামলার ধারাবাহিকতায় এটি সর্বশেষ ঘটনা। আন্তর্জাতিক সম্প্রদায়ের স্বীকৃত ইয়েমেন সরকারের অধীন কোস্ট গার্ড জানায়, নিহতদের মধ্যে মালবাহী জাহাজটির চারজন নাবিক ছিলেন। প্রতিবেদন অনুযায়ী, জাহাজটিতে উদ্ধার ও সরিয়ে নেওয়ার অভিযান পরিচালনার জন্য পাঠানো দলের দুই সদস্যও নিহত হয়েছেন।(বিবিসি ওয়েব পেজ : ১২.০৮.২০২৬ আলী আহমেদ)

# রেডিও তেহরান

## আল-মোখা বন্দরে সৌদি সমর্থক ঘাঁটিতে ইয়েমেনের ক্ষেপণাস্ত্র হামলা

সংবাদ সূত্র জানিয়েছে, পশ্চিম ইয়েমেনে অবস্থিত আল-মোখা বন্দরে সৌদি-সমর্থিত গোষ্ঠীর অবস্থানে ইয়েমেনের সশস্ত্র বাহিনী ক্ষেপণাস্ত্র হামলা চালিয়েছে। আইআরএনএ-কে উদ্ধৃত করে পার্সটুডে জানিয়েছে, ইয়েমেনের সেনাবাহিনী আবারও পশ্চিম তাইজ প্রদেশের আল-মোখা বন্দরে অবস্থিত সৌদি-সমর্থিত গোষ্ঠীর সামরিক কেন্দ্রগুলোকে লক্ষ্য করে ক্ষেপণাস্ত্র হামলা চালিয়েছে। আল-জাজিরাও আল-মোখা বন্দরের একজন কর্মকর্তাকে উদ্ধৃত করে জানিয়েছে, এই ক্ষেপণাস্ত্র হামলায় বন্দরে ক্ষয়ক্ষতি ও ধ্বংসযজ্ঞ ঘটেছে। স্থানীয় সূত্রগুলো বলছে, ইয়েমেনের সশস্ত্র বাহিনী এই নতুন

হামলায় দুটি ব্যালিস্টিক ক্ষেপণাস্ত্র ব্যবহার করেছে। এই সপ্তাহের মাঝামাঝি সময়ে, ইয়েমেনের সশস্ত্র বাহিনী একটি বোমা বোঝাই নৌকা দিয়ে ইয়েমেনের তাইজ প্রদেশের আল-মোখা বন্দরকে লক্ষ্যবস্তু করেছিল। ইয়েমেনের সশস্ত্র বাহিনী এক বিবৃতিতে ঘোষণা করে যে, তারা একটি সুনির্দিষ্ট অভিযানের মাধ্যমে আল-মোখায় অবস্থিত সৌদি সামরিক সমাবেশ কেন্দ্র এবং অস্ত্রের ডিপোকে লক্ষ্যবস্তু করেছে। ইয়েমেনের সশস্ত্র বাহিনী জোর দিয়ে বলেছে যে, ইয়েমেনের জনগণ ও তাদের সশস্ত্র বাহিনী ঘোষিত সমীকরণ অনুযায়ী কাজ করবে- ”অবরোধের বিরুদ্ধে অবরোধ, ক্রমবর্ধমান আক্রমণের বিরুদ্ধে ক্রমবর্ধমান আক্রমণ এবং যারা ইয়েমেনের জনগণকে লক্ষ্যবস্তু বানায়, তাদেরকেই লক্ষ্যবস্তু বানাও।„ আল-মোখা হলো পশ্চিম ইয়েমেনের তাইজ প্রদেশের একটি গুরুত্বপূর্ণ বন্দর, যা বাব আল-মান্দাব প্রণালির কাছে অবস্থিত এবং সৌদি-সমর্থিত মিলিশিয়াদের নিয়ন্ত্রণে রয়েছে।

(রেডিও তেহরান ওয়েব পেজ : ১২.০৮.২০২৬ নারগীস)

## পারস্য উপসাগরে যুক্তরাষ্ট্রের একটি যুদ্ধজাহাজও নেই : আইআরজিসি

আইআরজিসি'র কমান্ডার মোহেব্বি বলেছেন, তৃতীয় রমজান যুদ্ধের আগে এই অঞ্চলে আমেরিকার ৩০ থেকে ৪০টি যুদ্ধজাহাজ ছিল, কিন্তু আজ পারস্য উপসাগরে একটি আমেরিকান যুদ্ধজাহাজও নেই। ইরানিয়ান ব্রডকাস্টিং করপোরেশনকে উদ্ধৃত করে পার্সটুডে জানিয়েছে, ইসলামিক রেভল্যুশনারি গার্ড কোরের মুখপাত্র কমান্ডার মোহেব্বি বলেছেন, রমজান যুদ্ধের আগে এই অঞ্চলে আমেরিকার ৩০ থেকে ৪০টি যুদ্ধজাহাজ ছিল, কিন্তু আজ পারস্য উপসাগরে একটি আমেরিকান যুদ্ধজাহাজও নেই। তিনি আরও বলেন, যদি ইরানের বিরুদ্ধে আবারও কোনো হুমকি আসে, তবে লক্ষ লক্ষ মাইলজুড়ে দীর্ঘ বিদ্যুৎ সঞ্চালন লাইন, হাজার হাজার বিদ্যুৎকেন্দ্র, সমস্ত আমেরিকান ও নন-আমেরিকান সিস্টেম এবং এমনকি ইন্টারনেটের সাথে সংযুক্ত বৈশ্বিক অবকাঠামোও ঝুঁকির মধ্যে পড়বে। কমান্ডার মহেব্বি বলেন, মার্কিন সামরিক শক্তি একই সাথে একাধিক রণাঙ্গনে যুদ্ধ করার উপর ভিত্তি করে গঠিত এবং ইরানের সাথে যুদ্ধ করতে এসে তাদের অস্ত্র সংখ্যা কমে যাওয়ার ঘটনা প্রশান্ত মহাসাগরের কেন্দ্রস্থলে রাশিয়া ও চীনের মোকাবিলায় আমেরিকার জন্য হুমকি হয়ে দাঁড়িয়েছে। (রেডিও তেহরান ওয়েব পেজ : ১২.০৮.২০২৬ নারগীস)

# এনএইচকে

## পানামার পতাকাবাহী একটি পণ্যবাহী জাহাজকে অচল করে দিয়েছে মার্কিন সামরিক বাহিনী

মার্কিন সামরিক বাহিনী জানিয়েছে, পানামার পতাকাবাহী একটি পণ্যবাহী জাহাজকে তারা অচল করে দিয়েছে, যেটি ইরানের দিকে অগ্রসর হচ্ছিল। মার্কিন কেন্দ্রীয় কমান্ড মঙ্গলবার সামাজিক যোগাযোগ মাধ্যমে পোস্ট করা এক বার্তায় জানিয়েছে যে, একটি ইরানি বন্দরের দিকে যাত্রা করে ইরানের উপর আরোপিত মার্কিন অবরোধ লঙ্ঘনের চেষ্টা করছিল জাহাজটি এবং জাহাজের স্টিয়ারিং গিয়ার মার্কিন সামরিক বাহিনী অচল করে দিয়েছে। বার্তায় বলা হয় যে, জাহাজটির ক্রু বারবার সতর্কবার্তা উপেক্ষা করার পর মার্কিন নৌবাহিনীর একটি হেলিকপ্টার জাহাজটির ইঞ্জিন রুমে ক্ষেপণাস্ত্র নিক্ষেপ করে। এতে আরও বলা হয় যে, সম্পূর্ণরূপে কার্যকর থাকা মার্কিন অবরোধ লঙ্ঘন করে জাহাজটি এখন আর ইরানের দিকে যাত্রা করছে না। মার্কিন সামরিক বাহিনী জানিয়েছে যে, ১৪ জুলাই বর্তমান সামুদ্রিক অবরোধ শুরু হওয়ার পর থেকে ১১ আগস্ট পর্যন্ত তারা নিয়ম লঙ্ঘন করা তিনটি জাহাজ অচল করে দিয়েছে।

(এনএইচকে ওয়েব পেজ: ১২.০৮.২০২৬ রুবাইয়া)

# ডয়চে ভেলে

## বাংলাদেশের সঙ্গে সম্পর্ক নিয়ে মোদীর সঙ্গে দীনেশ ত্রিবেদীর বৈঠক

ঢাকা থেকে দিল্লি এসে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর সঙ্গে দেখা করলেন বাংলাদেশে ভারতের হাইকমিশনার দীনেশ ত্রিবেদী। সোমবার রাতে সংসদ ভবনে গিয়ে নরেন্দ্র মোদীর সঙ্গে এক ঘণ্টা ধরে কথা বলেন দীনেশ ত্রিবেদী। একদিন আগেই তিনি বাংলাদেশের প্রধানমন্ত্রী তারেক রহমানের সঙ্গে দেখা করেছিলেন। বাংলাদেশের ভারতীয় দূতাবাসের পক্ষ থেকে ছবি দিয়ে জানানো হয়েছে, হাইকমিশনার দীনেশ ত্রিবেদী প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর সঙ্গে সাক্ষাৎ করেছেন। সূত্র জানাচ্ছে, ভারত ও বাংলাদেশের সম্পর্ক নিয়ে প্রধানমন্ত্রীর কাছ থেকে নির্দেশনা চেয়েছেন দীনেশ ত্রিবেদী। কীভাবে দুই দেশের বহুমুখি সম্পর্ক জোরদার হয়, গঠনমূলকভাবে এবং দুই দেশের জনগণের কথা মাথায় রেখে নীতি তৈরি হয়, সেই বিষয়ে প্রধানমন্ত্রীর কাছ থেকে পথনির্দেশ চেয়েছেন দীনেশ ত্রিবেদী। গত সোমবার বাংলাদেশের প্রধানমন্ত্রী তারেক রহমানের সঙ্গে দেখা করেছিলেন দীনেশ ত্রিবেদী। সেখানে তারেক রহমানের কাছে প্রধানমন্ত্রী মোদীর শুভেচ্ছাবার্তা পৌঁছে দেন দীনেশ ত্রিবেদী। সেখানে তিনি জানিয়েছিলেন, বাংলাদেশের প্রশাসন ও নাগরিকদের প্রতি ইতিবাচক, গঠনমূলক এবং ভবিষ্যৎমুখী নীতি নিয়ে এগোতে চায় ভারত। দুই দেশের স্বার্থ সংশ্লিষ্ট বিষয় নিয়ে তারা আলোচনা করেন। তার পরেই ভারতে এসে দীনেশ ত্রিবেদী প্রধানমন্ত্রী মোদীর সঙ্গে বৈঠক করলেন। সেখানে বাংলাদেশের প্রধানমন্ত্রীর সঙ্গে তার কী কথা হয়েছে, সেটা জানিয়েছেন বলে সূত্র জানিয়েছে। অন্যদিকে, পররাষ্ট্র মন্ত্রণালয়ের সাপ্তাহিক সাংবাদিক সম্মেলনে মুখপাত্র রণধীর জয়সওয়াল বলেছেন, ”বাংলাদেশের প্রধানমন্ত্রীর সঙ্গে

আমাদের হাইকমিশনার দেখা করেছিলেন। তিনি দ্বিপাক্ষিক বিভিন্ন বিষয় নিয়ে কথা বলেছেন এবং দ্বিপাক্ষিক সম্পর্কের বিভিন্ন দিক পর্যালোচনা করেছেন।„ ব্রিকস শীর্ষ বৈঠকে তারেক রহমানের আসা নিয়ে রণধীর বলেন, ”ভারত ইতোমধ্যেই তাকে আমন্ত্রণ জানিয়েছে। তারেক রহমান যখন প্রধানমন্ত্রী হিসাবে শপথ নেন, তখন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী তাকে ভারতে আসার জন্য আমন্ত্রণও জানিয়েছিলেন। যখনই আমার কাছে এই বিষয়ে কোনো নির্দিষ্ট খবর আসবে, তখন আমি তা আপনাদের জানাব।„ বাংলাদেশের সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনার প্রত্যর্পণ ও হাদি হত্যা মামলা নিয়ে একটি প্রশ্নের জবাবে রণধীর বলেন, ”প্রত্যর্পণ নিয়ে আমি আগেও বলেছি, আমাদের অবস্থান স্পষ্ট। এই বিষয়ে যে পদ্ধতি আছে, সেইমতো আমরা বিষয়টি খতিয়ে দেখছি। আর হাদির বিষয়টি একটি আইনগত বিষয়। বর্তমানে সে বিষয়ে তদন্ত চলছে।„ (ডয়চে ভেলে ওয়েব পেজঃ ১২.০৮.২০২৬ রনি)

## জঙ্গি সন্দেহে পশ্চিমবঙ্গে গ্রেফতার পাকিস্তানি

পাকিস্তানের এক নাগরিককে পশ্চিমবঙ্গের হাবড়া থেকে গ্রেফতার করেছে রাজ্য পুলিশের স্পেশ্যাল টাস্ক ফোর্স (এসটিএফ)। পাকিস্তানি নাগরিকের নাম ওয়াহাব আলম ওরফে রানা রউফ। তাকে জিজ্ঞাসাবাদ করার পর মুহাম্মদ ইজাজ নামের এক যুবককে গ্রেফতার করা হয়েছে। তাকে গ্রেফতার করা হয় কলকাতার তপসিয়া থেকে। পুলিশের সন্দেহ, রানা রউফের সহযোগী হিসাবে কাজ করতো ইজাজ এবং দুইজনের সঙ্গেই পাক গুপ্তচর সংস্থা আইএসআই-এর যোগ আছে। তাদের গতিবিধি ও উদ্দেশ্য তদন্ত করে দেখছে পুলিশ। তদন্তকারীদের দাবি, রউফ নেপাল সীমান্ত পেরিয়ে ঢুকেছিল। কলকাতায় থাকার জন্য সে ভুয়া পরিচয়পত্র তৈরি করে। এর আগে, ৩০ জুলাই বর্ধমান থেকে হামিম মণ্ডল নামের এক যুবককে গ্রেফতার করেছিল এসটিএফ। তার বন্ধু অর্পিতা সরকার ও আদিত্য সিং-কেও গ্রেফতার করে পুলিশ। পাকিস্তানের অভিযুক্ত সন্ত্রাসী শাহজাদ ভাট্টির সঙ্গে তাদের যোগাযোগ ছিল বলে অভিযোগ। তারা পশ্চিমবঙ্গে নাশকতার পরিকল্পনা করেছিল এবং মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারীকেও টার্গেট করেছিল বলে বলে অভিযোগ। (ডয়চে ভেলে ওয়েব পেজঃ ১২.০৮.২০২৬ রনি)

# জাগো নিউজ

## বৈঠক ডেকেছেন তারেক রহমান, ঘোষণা হবে বিএনপির রাষ্ট্রপতি প্রার্থীর নাম

রাষ্ট্রপতি নির্বাচনে দলের প্রার্থী চূড়ান্ত করতে আগামীকাল বৃহস্পতিবার সকালে বিএনপির স্থায়ী কমিটির বৈঠক ডেকেছেন দলের চেয়ারম্যান ও প্রধানমন্ত্রী তারেক রহমান। ওই বৈঠকেই রাষ্ট্রপতি পদে দলের প্রার্থী চূড়ান্ত করা হবে। এরপর দলের পক্ষ থেকে জমা দেওয়া হবে মনোনয়নপত্র। দলীয় সূত্রে জানা গেছে, রাষ্ট্রপতি নির্বাচনে বিএনপির প্রার্থী হিসেবে কার নাম চূড়ান্ত করা হবে, তা নিয়ে দলের নীতি-নির্ধারণী পর্যায়ে আলোচনা চলছে। বৃহস্পতিবার স্থায়ী কমিটির বৈঠকে এ বিষয়ে চূড়ান্ত সিদ্ধান্ত নেওয়ার কথা রয়েছে। রাষ্ট্রপতি নির্বাচনের মনোনয়নপত্র জমা দেওয়ার শেষ দিন ১৩ আগস্ট। ফলে মনোনয়ন জমা দেওয়ার শেষ দিনেই বিএনপির প্রার্থী চূড়ান্ত করে মনোনয়নপত্র জমার প্রস্তুতি নেওয়া হয়েছে। এ বিষয়ে বুধবার রাতে দলটির মিডিয়া সেলের সদস্য শায়রুল কবির খানের কাছে জানতে চাইলে তিনি বলেন, বৈঠকের সিদ্ধান্ত পেলে জানাবো।, (জাগো নিউজ ওয়েব পেজঃ ১২.০৮.২০২৬ রুবাইয়া)

## সাভারে এবার মসজিদের মাঠে বোমাসদৃশ প্রেসার কুকার

ঢাকার সাভারে একটি মসজিদের মাঠ থেকে বোমাসদৃশ একটি প্রেসার কুকার উদ্ধার করা হয়েছে। এ ঘটনায় এলাকায় আতঙ্ক ছড়িয়ে পড়েছে। ঘটনাস্থলে পুলিশ অবস্থান করছে এবং বিষয়টি পরীক্ষা করতে বোমা ডিসপোজাল ইউনিটের সদস্যদের ঘটনাস্থলে আসার কথা রয়েছে। মঙ্গলবার (১১ আগস্ট) রাত আনুমানিক দেড়টার দিকে সাভারের ভবানীপুর পুলিশ ক্যাম্পের আওতাধীন সাধাপুর গোপেরবাড়ি এলাকার লালটেক ঘোড়া মসজিদের মাঠে একটি নীল রঙের প্লাস্টিকের ড্রাম দেখতে পান স্থানীয়রা। ড্রামের ভেতর কাপড়-চোপড়, একটি কোরআন শরিফ এবং প্রেসার কুকার দেখতে পাওয়া যায়। পরে স্থানীয়রা ড্রাম থেকে প্রেসার কুকারটি বের করে মসজিদের মাঠে রেখে দেন। স্থানীয়দের দাবি, রাতে অজ্ঞাতনামা তিন ব্যক্তি ওই প্লাস্টিকের ড্রামটি মসজিদের মাঠে রেখে যায়। বিষয়টি জানাজানি হলে স্থানীয়রা সকালে পুলিশকে খবর দেন। খবর পেয়ে পুলিশ ঘটনাস্থলে গিয়ে এলাকাটি নিরাপত্তার আওতায় নেয়। সাভার মডেল থানার এসআই ইমরান জানিয়েছেন, প্রেসার কুকারটির ভেতরে বিস্ফোরক বা অন্য কোনো বিপজ্জনক বস্তু রয়েছে কি না, তা পরীক্ষা করা হবে। এজন্য বোমা নিষ্ক্রিয়কারী দলের সদস্যদের ঘটনাস্থলে ডাকা হয়েছে। প্রেসার কুকারটি আসলেই বোমা কি না কিংবা এর ভেতরে কী ধরনের বস্তু রয়েছে, তা বোমা ডিসপোজাল ইউনিট পরীক্ষা করার পরই নিশ্চিত হওয়া যাবে। কারা ওই ড্রামটি সেখানে রেখে গেছে এবং তাদের উদ্দেশ্য কী ছিল, তা জানতে পুলিশ তদন্ত শুরু করেছে। (জাগো নিউজ ওয়েব পেজঃ১২.০৮.২০২৬ রিহাব)

## কাদের-সাদ্দামসহ ৭ নেতার সর্বোচ্চ শাস্তি চান রাষ্ট্রপক্ষ

২০২৪ সালের জুলাই আগস্টে বৈষম্যবিরোধী আন্দোলন দমনের সময় সংঘটিত মানবতাবিরোধী অপরাধের মামলায় কার্যক্রম নিষিদ্ধ আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ওবায়দুল কাদেরসহ যুবলীগ-ছাত্রলীগের সাত শীর্ষ নেতার সর্বোচ্চ

শাস্তি মৃত্যুদণ্ড চেয়ে যুক্তিতর্ক শেষ করেছেন রাষ্ট্রপক্ষের চিফ প্রসিকিউর মো. আমিনুল ইসলাম। বুধবার (১২ আগস্ট) আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল-২ এর চেয়ারম্যান বিচারপতি নজরুল ইসলাম চৌধুরীর নেতৃত্বাধীন তিন সদস্যের বিচারিক প্যানেলে এমন শাস্তির দাবি জানান চিফ প্রসিকিউটর। প্যানেলের অপর সদস্যরা হলেন, বিচারক মো. মঞ্জুরুল বাছিদ ও বিচারক নূর মোহাম্মদ শাহরিয়ার কবীর। ট্রাইব্যুনালে চিফ প্রসিকিউটর বলেন, এ মামলায় সাত আসামিরই অপরাধ গুরুতর। তাদের বিরুদ্ধে আনা চারটি অভিযোগই আমরা প্রমাণ করতে পেরেছি। চব্বিশের জুলাই-আগস্ট গণ-অভ্যুত্থানে বহু মানুষকে হত্যা ও আহত করার জন্য তারা দায়ী। তাদের দৃষ্টান্ত শাস্তি হওয়া প্রয়োজন। কোনো অনুকম্পা না দিয়ে এই সাত আসামির সর্বোচ্চ সাজা চাই। যেন এমন রাজনীতিবিদ দেশে আর জন্ম না নেন। ষষ্ঠ দিনের মতো রাষ্ট্রপক্ষের যুক্তিতর্ক করেন প্রসিকিউটর গাজী এমএইচ তামিম। এরপর শুরু করেন চিফ প্রসিকিউটর। প্রসিকিউশনের যুক্তি উপস্থাপন শেষে পলাতক আসামিদের পক্ষে সরকারি খরচে নিয়োগ পাওয়া রাষ্ট্রীয় খরচে নিযুক্ত আইনজীবী এম হাসান ইমাম যুক্তিতর্ক শুরু করেন। (জাগো নিউজ ওয়েব পেজ:১২.০৮.২০২৬ রিহাব)

## ভারত থেকে আসছে ১৯ রেল কোচ

বাংলাদেশ রেলওয়ের জন্য ভারতের কাপুরথালায় অবস্থিত রেল কোচ ফ্যাক্টরি (আরসিএফ) তৈরি করেছে ১৯টি এলএইচবি ব্রডগেজ যাত্রীবাহী কোচের প্রথম রেক। বুধবার (১২ আগস্ট) এই রেকটি আনুষ্ঠানিকভাবে রোল আউট করার কথা রয়েছে। ভারতের প্রেস ইনফরমেশন ব্যুরোর (পিআইবি) এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়েছে। প্রথম রেকে রয়েছে তিনটি এসি স্লিপার কোচ, তিনটি এসি চেয়ার কোচ, ১১টি নন-এসি চেয়ার কোচ এবং দুটি পাওয়ার কার। বাংলাদেশ রেলওয়ের যাত্রী ও পরিচালনাগত প্রয়োজন বিবেচনায় নিয়ে বিশেষভাবে এসব কোচের নকশা ও বিভিন্ন সুবিধা সংযোজন করা হয়েছে। কোচগুলোতে যাত্রীদের স্বাচ্ছন্দ্যের জন্য বিশেষভাবে তৈরি রিক্লাইনিং চেয়ার, স্টেইনলেস স্টিলের আর্মরেস্ট ও ফুটরেস্ট রয়েছে। পাশাপাশি এসি কোচে ফ্যান, সমন্বিত সিসিটিভি নজরদারি ব্যবস্থা, যাত্রীদের জন্য অ্যালার্ম সিস্টেম, আংশিক খোলা যায় এমন জানালা, শিশু পরিচর্যা কক্ষ এবং নামাজের কক্ষ রাখা হয়েছে। বাংলাদেশের বিশেষ পরিচালন পরিস্থিতি বিবেচনায় কোচের ছাদও শক্তিশালী করা হয়েছে। নিরাপত্তার দিক থেকেও কোচগুলোতে আধুনিক প্রযুক্তি ব্যবহার করা হয়েছে। এতে ইউরোপীয় মানদণ্ড ইএন ১৫২২৭ অনুসরণ করে সংঘর্ষে তুলনামূলক বেশি নিরাপত্তা নিশ্চিত করার মতো নকশা রাখা হয়েছে। এ জন্য কোচের বডি শেলের নকশায় ব্যাপক পরিবর্তন আনা হয়েছে। এছাড়া ভারতীয় রেলের প্রচলিত ৭৫০ ভোল্টের পরিবর্তে বাংলাদেশ রেলওয়ের প্রয়োজন অনুযায়ী এসব কোচে ৪১৫ ভোল্টের বৈদ্যুতিক ব্যবস্থা রাখা হয়েছে।
(জাগো নিউজ ওয়েব পেজ:১২.০৮.২০২৬ রিহাব)

## চলন্ত ট্রেনের বগিতে আগুন, আতঙ্কে যাত্রীদের চিৎকার-ছোটাছুটি

পাবনার ঈশ্বরদীর মাঝগ্রাম স্টেশন এলাকায় চলন্ত ট্রেনের বগিতে আগুনের ঘটনা ঘটেছে। এতে ওই বগিতে থাকা যাত্রীরা আতঙ্কিত হয়ে পড়েন। পরে ট্রেন থামিয়ে আগুন নেভানো হয়। পরে ট্রেনটি ঈশ্বরদী স্টেশনে আসার পর ক্ষতিগ্রস্ত বগি ড্যামেজ ঘোষণা করে ট্রেন থেকে সরিয়ে ফেলা হয়। মঙ্গলবার (১১ আগস্ট) রাত ৮টা ৩০ মিনিটের দিকে ঢাকা থেকে ঈশ্বরদীগামী ফাইভ ডাউন মেইল ট্রেনে এ ঘটনা ঘটে। ঘটনাটি নিশ্চিত করেছেন পাকশী বিভাগীয় যান্ত্রিক প্রকৌশলী মো. রবিউল ইসলাম। তিনি জানান, যে-কোনো সমস্যার কারণে ওই ট্রেনের একটি বগি ড্যামেজ করা হয়েছে। অগ্নিকাণ্ডের বিষয়টি আমার জানা নেই। এটি বৈদ্যুতিক বিভাগ বলতে পারবে।
(জাগো নিউজ ওয়েব পেজ:১২.০৮.২০২৬ রিহাব)

## এআই যুগে নতুন চ্যালেঞ্জ মোকাবিলায় যুবদের গড়ে তুলতে হবে : তথ্যও সম্প্রচারমন্ত্রী

কৃত্রিম বুদ্ধিমত্তার (এআই) দ্রুত বিকাশের ফলে বিশ্বে যে নতুন বাস্তবতা ও চ্যালেঞ্জ তৈরি হচ্ছে, তা মোকাবিলায় যুবসমাজকে উপযুক্ত জ্ঞান ও দক্ষতা দিয়ে গড়ে তুলতে হবে বলে মন্তব্য করেছেন তথ্য ও সম্প্রচারমন্ত্রী জহির উদ্দিন স্বপন। তিনি বলেন, পরিবর্তনশীল এই বিশ্বব্যবস্থায় যুবসমাজই সভ্যতার সবচেয়ে বড়ো শক্তি ও সম্পদ। আন্তর্জাতিক যুব দিবস উপলক্ষ্যে বুধবার (১২ আগস্ট) ফরেন সার্ভিস অ্যাকাডেমিতে আয়োজিত এক অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে এ কথা বলেন তিনি। যৌথভাবে এ অনুষ্ঠানের আয়োজন করে যুব ও ক্রীড়া মন্ত্রণালয় এবং পররাষ্ট্র মন্ত্রণালয়। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন যুব ও ক্রীড়া প্রতিমন্ত্রী আমিনুল হক। তথ্যমন্ত্রী বলেন, প্রযুক্তির দ্রুত বিকাশের মধ্যদিয়ে যে নতুন ইকোসিস্টেম তৈরি হয়েছে, তা সভ্যতার জন্য একদিকে যেমন আশীর্বাদ, অন্যদিকে তেমনি নতুন ধরনের চ্যালেঞ্জও সৃষ্টি করছে। কৃত্রিম বুদ্ধিমত্তা সভ্যতার জন্য একটি সম্পূর্ণ নতুন বাস্তবতা উল্লেখ করে মন্ত্রী বলেন, নতুন প্রযুক্তি ও নতুন জ্ঞান গ্রহণের ক্ষেত্রে যুবকদের সক্ষমতা তুলনামূলকভাবে বেশি। ফলে এআই-নির্ভর ভবিষ্যৎ পৃথিবীর চ্যালেঞ্জ মোকাবিলায় তাদের উপযুক্ত জ্ঞান, দক্ষতা ও মানসিক প্রস্তুতি দিয়ে গড়ে তোলা রাষ্ট্র ও সমাজের অন্যতম গুরুত্বপূর্ণ দায়িত্ব। তিনি বলেন, আমরা যে পরিবর্তনের মধ্যদিয়ে যাচ্ছি, তার গভীরতা এতটাই বেশি যে, আগামীকাল বা পরশু আমরা কী ধরনের পরিস্থিতির মুখোমুখি হব, তা অনেকাংশেই অনুমান করা কঠিন। তিনি পুরোনো জ্ঞান ও প্রচলিত শিক্ষাব্যবস্থার পাশাপাশি নতুন জ্ঞান, নতুন দক্ষতা ও নতুন সক্ষমতা অর্জনের সুযোগ তৈরির উপর গুরুত্বারোপ

করেন। তথ্যমন্ত্রী বলেন, তরুণদের শুধু প্রচলিত শিক্ষায় শিক্ষিত করলেই হবে না; তাদের ডিজিটাল সক্ষমতা, প্রযুক্তিগত জ্ঞান, সৃজনশীলতা, উদ্ভাবনী চিন্তা ও পরিবর্তনের সঙ্গে খাপ খাইয়ে নেওয়ার সক্ষমতা অর্জনের সুযোগ দিতে হবে। তিনি আরও বলেন, নতুন ইকোসিস্টেমের জন্য নতুন ধরনের প্রতিষ্ঠান ও জ্ঞানব্যবস্থা প্রয়োজন। প্রতিটি রাষ্ট্রের জন্য তরুণদের উপযুক্ত জ্ঞান ও দক্ষতা দেওয়া এখন আর শুধু একটি উন্নয়নমূলক উদ্যোগ নয়, বরং ভবিষ্যৎ সভ্যতার জন্য একটি অনিবার্য বিনিয়োগ। জহির উদ্দিন স্বপন বলেন, যুবসমাজ শুধু একটি দেশের সম্পদ নয়, তারা সমগ্র মানবসভ্যতার সম্পদ। তারা পুরোনো প্রজন্মের চেয়ে বেশি অভিজ্ঞ ও জ্ঞানসম্পন্ন। তাই তরুণদের শুধু ভবিষ্যতের নাগরিক হিসেবে নয়, বর্তমানের পরিবর্তনের অংশীদার হিসেবেও বিবেচনা করতে হবে। বাংলাদেশের প্রসঙ্গ তুলে ধরে মন্ত্রী বলেন, প্রধানমন্ত্রী তারেক রহমান যুবসমাজকে অত্যন্ত গুরুত্বের সঙ্গে বিবেচনা করছেন। খেলাধুলা, সৃজনশীলতা, যুবসমাজের বিকাশ এবং পরিবর্তন ও জলবায়ু-সংক্রান্ত চ্যালেঞ্জ মোকাবিলায় তরুণদের ভূমিকার বিষয়গুলো ইতোমধ্যে সরকারের নীতি-নির্ধারণী পর্যায়ে গুরুত্ব পেয়েছে। তিনি বলেন, সরকারের এ অবস্থান প্রমাণ করে যে, বাংলাদেশের ভবিষ্যৎ নির্মাণে যুবসমাজকে একটি প্রধান শক্তি হিসেবে বিবেচনা করা হচ্ছে। তরুণদের মেধা, সৃজনশীলতা ও উদ্ভাবনী শক্তিকে যথাযথভাবে কাজে লাগাতে পারলে তারা শুধু বাংলাদেশের নয়, বৈশ্বিক সভ্যতার অগ্রগতিতেও গুরুত্বপূর্ণ অবদান রাখতে পারবে। মন্ত্রী জাতিসংঘ ও অন্যান্য আন্তর্জাতিক সংস্থাগুলোকে যুবসমাজকে কেন্দ্র করে আরও ব্যাপক কর্মসূচি, সচেতনতা সৃষ্টি এবং দক্ষতা উন্নয়নমূলক উদ্যোগ গ্রহণের আহ্বান জানান। তিনি বলেন, কৃত্রিম বুদ্ধিমত্তার যুগে যুবসমাজকে প্রস্তুত করা মানে শুধু তাদের কর্মসংস্থানের জন্য প্রস্তুত করা নয়; বরং ভবিষ্যৎ সভ্যতার নেতৃত্ব দেওয়ার জন্য প্রস্তুত করা। তথ্যমন্ত্রী এ ক্ষেত্রে রাষ্ট্র, আন্তর্জাতিক সংস্থা, শিক্ষাপ্রতিষ্ঠান, বেসরকারি খাত ও নাগরিক সমাজকে সম্মিলিতভাবে কাজ করার আহ্বান জানান। অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন পররাষ্ট্র সচিব আসাদ আলম সিয়াম, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের সচিব মো. মাহবুব-উল-আলম। অনুষ্ঠানে মূল প্রবন্ধ উপস্থাপন করেন যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের যুগ্ম সচিব এসএম জোবায়েদ হোসেন। স্বাগত বক্তব্য রাখেন যুব উন্নয়ন অধিদপ্তরের মহাপরিচালক মো. মোতাহার হোসেন। এ সময় বাংলাদেশে বিভিন্ন দেশের কূটনীতিবিদ, বিভিন্ন আন্তর্জাতিক সংস্থা ও এনজিও প্রতিনিধিরা উপস্থিত ছিলেন। (জাগো নিউজ ওয়েব পেজ:১২.০৮.২০২৬ রিহাব)

## প্রধানমন্ত্রীর খালাতো ভাইয়ের সোয়া কোটি টাকা ছিনতাই, যা বললো ডিবি

রাজধানীর উত্তরা এলাকায় ব্যাংকে জমা দিতে যাওয়ার পথে ডিএল পেট্রোল পাম্পের ১ কোটি ২১ লাখ ২৫ হাজার টাকা ছিনতাইয়ের ঘটনায় আসামিদের গ্রেফতারে কাজ করছে ঢাকা মহানগর গোয়েন্দা (ডিবি) পুলিশ। শিগ্‌গির আসামিদের আইনের আওতায় আনা হবে। বুধবার (১২ আগস্ট) দুপুরে ডিএমপি মিডিয়া সেন্টারে এক প্রশ্নের জবাবে ডিবির অতিরিক্ত পুলিশ কমিশনার মো. শফিকুল ইসলাম এ তথ্য জানান। তিনি বলেন, আমরা সবাই এটা নিয়ে কাজ করছি। অনেকগুলো বিষয় নিয়ে কাজ করতেছি। আমরা আশাবাদী, অচিরেই আমরা আসামিদের ধরে ফেলবো। তিনি আরও বলেন, ঢাকা মহানগরে যে কয়টা ঘটনা ঘটেছে, অলমোস্ট সবগুলোই ডিবি অত্যন্ত সাফল্যের সঙ্গে উদ্ঘাটন করেছে এবং আসামি গ্রেফতার হয়েছে। আমরা আশাবাদী, সোয়া কোটি টাকা ছিনতাইয়ের ঘটনাও আমরা উদ্ঘাটন করবো এবং যারা অপরাধী তাদেরকে আইনের আওতায় নিয়ে আসবো। (জাগো নিউজ ওয়েব পেজ:১২.০৮.২০২৬ রিহাব)

## বঙ্গোপসাগরে লঘুচাপ, চার সমুদ্রবন্দরে ৩ নম্বর সতর্ক সংকেত

উত্তর বঙ্গোপসাগর ও তৎসংলগ্ন পশ্চিমবঙ্গ-বাংলাদেশ উপকূলে একটি লঘুচাপ সৃষ্টি হয়েছে বলে জানিয়েছে আবহাওয়া অধিদপ্তর। এর প্রভাবে ঝোড়ো হাওয়া বয়ে যাওয়ার শঙ্কায় দেশের চার সমুদ্রবন্দরে ৩ নম্বর স্থানীয় সতর্ক সংকেত দেখাতে বলেছে আবহাওয়া অধিদপ্তর। বুধবার (১২ আগস্ট) আবহাওয়াবিদ মুহাম্মদ আবুল কালাম মল্লিকের সই করা এক বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, উত্তর বঙ্গোপসাগর ও তৎসংলগ্ন পশ্চিমবঙ্গ-বাংলাদেশ উপকূলে একটি লঘুচাপ সৃষ্টি হয়েছে। এটি আরও ঘনীভূত হতে পারে। এর প্রভাবে সমুদ্র বন্দরসমূহ, উত্তর বঙ্গোপসাগর ও তৎসংলগ্ন বাংলাদেশের উপকূলীয় এলাকার ওপর দিয়ে ঝোড়ো হাওয়া বয়ে যেতে পারে। এ পরিস্থিতিতে চট্টগ্রাম, কক্সবাজার, মোংলা ও পায়রাসমুদ্র বন্দরকে তিন নম্বর স্থানীয় সতর্ক সংকেত দেখাতে বলা হয়েছে। পাশাপাশি দুর্যোগপূর্ণ আবহাওয়ায় নৌ-দুর্ঘটনা এড়াতে উত্তর বঙ্গোপসাগরে অবস্থানরত মাছ ধরার নৌকা ও ট্রলারগুলোকে পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত উপকূলের কাছাকাছি এসে সাবধানে চলাচল করার নির্দেশনা দিয়েছে আবহাওয়া অধিদপ্তর।
(জাগো নিউজ ওয়েব পেজ:১২.০৮.২০২৬ রিহাব)

## ১৫ লাখ টাকার মাদক ভাগাভাগি নিয়ে গুলি, ল্যাংড়া রুবেলসহ গ্রেফতার ৫

রাজধানীর পল্লবীতে মাদক বিক্রির ১৫ লাখ টাকা ভাগাভাগিকে কেন্দ্র করে গুলি করে হত্যাচেষ্টার ঘটনায় মাদক কারবারি ও সন্ত্রাসী ল্যাংড়া রুবেলসহ পাঁচজনকে গ্রেফতার করেছে ঢাকা মহানগর গোয়েন্দা পুলিশের (ডিবি) মিরপুর বিভাগ। গ্রেফতাররা হলেন- হামিদ খান ওরফে মাখন, ল্যাংড়া রুবেল, তানজিদ আহাম্মেদ ওরফে বাপ্পা, পারভেজ ও রাব্বী। তাদের কাছ থেকে গোলাগুলিতে ব্যবহৃত একটি বিদেশি পিস্তল, দুই রাউন্ড গুলি ও দুটি ম্যাগাজিন, এক হাজার পিস ইয়াবা এবং মাদক ব্যবসায় ব্যবহৃত দুটি গাড়ি জব্দ করা হয়েছে। বুধবার (১২ আগস্ট) দুপুরে ডিএমপি মিডিয়া

সেন্টারে আয়োজিত সংবাদ সম্মেলনে এসব তথ্য জানান ডিবির অতিরিক্ত পুলিশ কমিশনার মো. শফিকুল ইসলাম। তিনি বলেন, গত ৭ আগস্ট বিকেল সাড়ে ৫টার দিকে পল্লবীর সেকশন-১১ এলাকায় ইমনের চায়ের দোকানের সামনে গোলাগুলির ঘটনা ঘটে। এতে আলমগীর নামে এক ব্যক্তি পেটে ও মাথায় গুলিবিদ্ধ হন। একই ঘটনায় জোসনা নামে এক পথচারী নারী পায়ে গুলিবিদ্ধ হয়ে আহত হন। এ ঘটনায় আলমগীরের স্ত্রীর অভিযোগের ভিত্তিতে পল্লবী থানায় হত্যা চেষ্টা মামলা করা হয়। ঘটনার পর ডিবি মিরপুর বিভাগ ছায়া তদন্ত শুরু করে। ভিডিও ফুটেজ ও তথ্যপ্রযুক্তির সহায়তায় গোলাগুলিতে ব্যবহৃত একটি টয়োটা প্রিমিও গাড়ি শনাক্ত করে পুলিশ। পরে গাড়িটির মালিক হামিদ খান ওরফে মাখনকে পল্লবী এলাকা থেকে গ্রেফতার করা হয়। ডিবির জিজ্ঞাসাবাদে হামিদ খান ওরফে মাখন জানান, গাড়িটি তার নামে নিবন্ধিত হলেও এর প্রকৃত মালিক মাদক কারবারি ল্যাংড়া রুবেল। তার দেওয়া তথ্যের ভিত্তিতে রুবেলের সহযোগী পারভেজ ও রাব্বীকে কালশী এলাকা থেকে গ্রেফতার করা হয়। তাদের কাছ থেকে রুবেলের ব্যবহৃত একটি সাদা টয়োটা ভক্সি গাড়ি এবং গাড়ির ভেতর থেকে এক হাজার পিস ইয়াবা উদ্ধার করা হয়। পরে পারভেজ ও রাব্বীর দেওয়া তথ্যের ভিত্তিতে রূপনগর থানার ইস্টার্ন হাউজিংয়ের পাশের বেড়িবাঁধ এলাকায় অভিযান চালিয়ে ল্যাংড়া রুবেল ও তানজিদ আহাম্মেদ ওরফে বাপ্পাকে গ্রেফতার করে ডিবি। এ সময় তাদের কাছ থেকে একটি বিদেশি পিস্তল, দুই রাউন্ড গুলি ও দুটি ম্যাগাজিন উদ্ধার করা হয়। (জাগো নিউজ ওয়েব পেজ:১২.০৮.২০২৬ রিহাব)

## মৎস্য ও প্রাণিসম্পদ প্রতিমন্ত্রীর সঙ্গে নরওয়ের রাষ্ট্রদূতের সাক্ষাৎ

মৎস্য ও প্রাণিসম্পদ প্রতিমন্ত্রী সুলতান সালাউদ্দিন টুকুর সঙ্গে সাক্ষাৎ করেছেন বাংলাদেশে নিযুক্ত নরওয়ের রাষ্ট্রদূত হাকন আরাল্ড গুলব্রান্ডসেন। মঙ্গলবার (১১ আগস্ট) মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষে সাক্ষাৎকালে বাংলাদেশ ও নরওয়ের মধ্যে মৎস্য ও সামুদ্রিক সম্পদ ব্যবস্থাপনা, মৎস্য উৎপাদন, গবেষণা ও প্রযুক্তি বিনিময় এবং এ খাতে পারস্পরিক সহযোগিতার বিভিন্ন বিষয় নিয়ে আলোচনা হয়। মৎস্য ও প্রাণিসম্পদ প্রতিমন্ত্রী সুলতান সালাউদ্দিন টুকু বাংলাদেশ ও নরওয়ের মধ্যে দীর্ঘদিনের বন্ধুত্বপূর্ণ সম্পর্কের কথা উল্লেখ করে বলেন, মৎস্যসম্পদের টেকসই ব্যবস্থাপনা, সামুদ্রিক মৎস্য আহরণ, গবেষণা ও আধুনিক প্রযুক্তির ব্যবহারসহ সংশ্লিষ্ট ক্ষেত্রে নরওয়ের অভিজ্ঞতা বাংলাদেশের জন্য গুরুত্বপূর্ণ। এ ক্ষেত্রে দুই দেশের পারস্পরিক সহযোগিতা আরও জোরদারের সুযোগ রয়েছে। নরওয়ের রাষ্ট্রদূত হাকন আরাল্ড গুলব্রান্ডসেন বাংলাদেশের মৎস্য খাতের সম্ভাবনার কথা উল্লেখ করেন এবং মৎস্য সম্পদের টেকসই ব্যবস্থাপনা, গবেষণা, প্রযুক্তি ও জ্ঞান বিনিময়ের মাধ্যমে সহযোগিতা আরও সম্প্রসারণের বিষয়ে আগ্রহ প্রকাশ করেন। সাক্ষাতে উভয় দেশ মৎস্য খাতে পারস্পরিক সহযোগিতা ও অভিজ্ঞতা বিনিময়ের মাধ্যমে ভবিষ্যতে কাজের ক্ষেত্র আরও সম্প্রসারণের বিষয়ে আশাবাদ ব্যক্ত করেন। (জাগো নিউজ ওয়েব পেজ:১২.০৮.২০২৬ রিহাব)

## মায়ের কোলে সন্তানের লাশ, এর চেয়ে মর্মান্তিক ঘটনা মনে পড়ে না : রিজভী

বিএনপির জ্যেষ্ঠ যুগ্ম মহাসচিব রুহুল কবির রিজভী বলেছেন, `মায়ের কোলে সন্তানের লাশ, এর চেয়ে মর্মান্তিক ঘটনা তার মনে পড়ে না। আরাফাত রহমান কোকোর মৃত্যুর সময়ের পরিস্থিতি তুলে ধরে তিনি বলেন, এটি ছিল অত্যন্ত হৃদয়বিদারক ও বিয়োগান্তক ঘটনা। বিএনপির প্রতিষ্ঠাতা শহিদ প্রেসিডেন্ট জিয়াউর রহমান ও সাবেক প্রধানমন্ত্রী খালেদা জিয়ার কনিষ্ঠ ছেলে এবং প্রধানমন্ত্রী তারেক রহমানের ভাই আরাফাত রহমান কোকোর ৫৭তম জন্মদিন আজ। বুধবার (১২ আগস্ট) সকালে রাজধানীর বনানী কবরস্থানে আরাফাত রহমান কোকোর কবরে ফাতেহা পাঠ ও পুষ্পার্ঘ্য অর্পণ শেষে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে রিজভী এ কথা বলেন। রিজভী বলেন, এই কর্মসূচি একেবারেই অরাজনৈতিকভাবে করা হয়। যদিও বিএনপির অনেক নেতা এতে যুক্ত রয়েছেন। আরাফাত রহমান কোকো রাজনীতির সঙ্গে যুক্ত ছিলেন না। তিনি ছিলেন শহিদ রাষ্ট্রপতি জিয়াউর রহমান ও গণতন্ত্রের আপসহীন নেত্রী খালেদা জিয়ার কনিষ্ঠ ছেলে। (জাগো নিউজ ওয়েব পেজ:১২.০৮.২০২৬ রিহাব)

## শিক্ষক নিয়োগের সিদ্ধান্ত না বদলালে কঠোর কর্মসূচি : ইসলামী আন্দোলন

শিক্ষক নিয়োগ সংক্রান্ত সিদ্ধান্ত পরিবর্তন না হলে বৃহস্পতিবার থেকে কঠোর কর্মসূচি নিয়ে মাঠে নামার হুঁশিয়ারি দিয়েছেন ইসলামী আন্দোলন বাংলাদেশের সহকারী মহাসচিব ও ঢাকা মহানগর দক্ষিণের সভাপতি শেখ ফজলুল করীম মারুফ। তিনি বলেন, আজ বুধবার (১২ আগস্ট) এর মধ্যে শিক্ষক নিয়োগ সংক্রান্ত সিদ্ধান্তে পরিবর্তন না আনলে বৃহস্পতিবার থেকে কঠোর কর্মসূচি নিয়ে মাঠে নামবে ইসলামী আন্দোলন বাংলাদেশ। মঙ্গলবার (১১ আগস্ট) নগর আমেলার নিয়মিত সভায় তিনি এ প্রতিবাদ ও কর্মসূচির ঘোষণা দেন। ইসলামী আন্দোলন বাংলাদেশের ঢাকা মহানগর দক্ষিণের প্রচার সম্পাদক শফিকুল ইসলাম স্বাক্ষরিত সংবাদ বিজ্ঞপ্তিতে এসব তথ্য জানানো হয়। শেখ ফজলুল করীম মারুফ বলেন, জুলাই অভ্যুত্থানের পর দেশের জনগণ আশা করেছিল শিক্ষা, সংস্কৃতি, অর্থনীতি ও রাজনীতিসহ সব ক্ষেত্রে নতুনত্ব আসবে। নতুন নেতৃত্ব আন্তর্জাতিক মানদণ্ডে দেশকে উন্নতির দিকে এগিয়ে নেবে এবং শিক্ষাঙ্গন উন্নত দেশগুলোর সঙ্গে প্রতিযোগিতায় এগিয়ে যাবে। কিন্তু যারা শিক্ষা দেবেন, সেই মহান শিক্ষক নিয়োগের পদ্ধতিকেই দুর্নীতির আঁতুড়ঘরে ঠেলে দেওয়া হচ্ছে। তিনি বলেন, শিক্ষামন্ত্রী এহসানুল হক মিলন পরিবর্তিত বাস্তবতা বুঝতে পারছেন না। তার ক্ষেত্রে জেনারেশন গ্যাপ প্রবল হয়ে উঠছে। ২০২৫ সালে একটি নির্দেশনার মাধ্যমে স্কুলের কর্মচারী

নিয়োগ জেলা প্রশাসকের অধীন একটি কমিটির কর্তৃত্বে দেওয়া হয়েছিল। কিন্তু শিক্ষামন্ত্রী মিলন সেটি বাতিল করে আবার স্কুল ব্যবস্থাপনা কমিটির হাতে নিয়েছেন। (জাগো নিউজ ওয়েব পেজ:১২.০৮.২০২৬ রিহাব)

## হাম ও হামের উপসর্গে আরও ৫ শিশুর মৃত্যু, আক্রান্ত ১০২৫

দেশে গত ২৪ ঘণ্টায় হাম ও হামের উপসর্গ নিয়ে ৫ শিশুর মৃত্যু হয়েছে। এই সময়ে হাম ও হামের উপসর্গ নিয়ে আক্রান্ত হয়েছে ১ হাজার ২৫টি শিশু। বুধবার (১২ আগস্ট) বিকেলে স্বাস্থ্য অধিদপ্তরের হাম-বিষয়ক হালনাগাদ প্রতিবেদনে এ তথ্য জানানো হয়। বিজ্ঞপ্তিতে জানানো হয়, গত ২৪ ঘণ্টায় দেশে হামের উপসর্গ নিয়ে আরও ৪ শিশুর মৃত্যু হয়েছে। সেইসঙ্গে নিশ্চিতভাবে হামে আক্রান্ত হয়ে আরও একটি শিশুর মৃত্যু হয়েছে। এ নিয়ে গত ১৫ মার্চ থেকে এখন পর্যন্ত সারাদেশে হামের উপসর্গ নিয়ে মৃত্যু হয়েছে মোট ৭৮৬টি শিশুর। আর হামে আক্রান্ত হয়ে আরও ৯৯টি শিশু প্রাণ হারিয়েছে। অর্থাৎ হাম ও হামের উপসর্গ নিয়ে এই সময়ে মোট ৮৮৫টি শিশু মারা গেছে।
(জাগো নিউজ ওয়েব পেজ:১২.০৮.২০২৬ রিহাব)

## বরখাস্ত হলেন বিপ্লব, ইকবাল, সুদীপ, রুহানীসহ ৬ পুলিশ কর্মকর্তা

কর্মস্থলে অনুপস্থিতির কারণে পুলিশের এক সময়ের দাপুটে কয়েকজন কর্মকর্তাকে বরখাস্ত করেছে সরকার। তারা হলেন- ডিএমপির সাবেক যুগ্ম পুলিশ কমিশনার বরিশাল রেঞ্জ ডিআইজি কার্যালয়ে সংযুক্ত বিপ্লব কুমার সরকার, ডিএমপির সাবেক যুগ্ম পুলিশ কমিশনার বরিশাল রেঞ্জ ডিআইজি কার্যালয়ে সংযুক্ত সুদীপ কুমার চক্রবর্তী, ডিএমপির ওয়ারী বিভাগের সাবেক ডিসি খুলনা রেঞ্জ ডিআইজি কার্যালয়ে সংযুক্ত মোহাম্মদ ইকবাল হোসাইন, ডিএমপির উত্তরা বিভাগের সাবেক ডিসি চট্টগ্রাম রেঞ্জ ডিআইজি কার্যালয়ে সংযুক্ত কাজী আশরাফুল আজীম, কক্সবাজার এপিবিএনের অতিরিক্ত পুলিশ সুপার রাজন কুমার দাস এবং ডিএমপির সাবেক সহকারী পুলিশ কমিশনার মো. গোলাম রুহানী। বুধবার (১২ আগস্ট) রাষ্ট্রপতির আদেশক্রমে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সিনিয়র সচিব মনজুর মোর্শেদ চৌধুরীর সই করা পৃথক ছয়টি আদেশে এ প্রজ্ঞাপন জারি করা হয়। (জাগো নিউজ ওয়েব পেজ:১২.০৮.২০২৬ রিহাব)

## চুয়েটের পুকুরে ডুবে দুই শিক্ষার্থীর মৃত্যু

চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (চুয়েট) একটি পুকুরে ডুবে দুই শিক্ষার্থীর মৃত্যু হয়েছে। বুধবার (১২ আগস্ট) দুপুরে বিশ্ববিদ্যালয়ের কবি কাজী নজরুল ইসলাম হল সংলগ্ন পুকুরে এ ঘটনা ঘটে। নিহতরা হলেন চুয়েটের ২০২৪ ব্যাচের শিক্ষার্থী অর্ণব চন্দ (২২) ও শান্ত দেব (২৩)। তাদের দু-জনের বাড়ি সিলেটে বলে জানা গেছে। অর্ণব কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং বিভাগের এবং শান্ত ইলেকট্রিক্যাল অ্যান্ড ইলেকট্রনিক্স ইঞ্জিনিয়ারিং (ইইই) বিভাগের শিক্ষার্থী। প্রত্যক্ষদর্শীরা জানান, দুপুরে ফুটবল খেলা শেষে দুই শিক্ষার্থী হলের পাশের পুকুরে গোসল করতে যান। একপর্যায়ে তারা পুকুরের মাঝামাঝি অংশে সাঁতার কাটতে গিয়ে পানিতে ডুবে যান।
(জাগো নিউজ ওয়েব পেজ:১২.০৮.২০২৬ রিহাব)

## লোডশেডিংয়ে বিপর্যস্ত জনজীবন, নিরাপত্তা শঙ্কায় বিদ্যুৎ কর্মীরা

নেত্রকোনায় চাহিদার তুলনায় বিদ্যুৎ সরবরাহ কমে যাওয়ায় ব্যাপক লোডশেডিং হচ্ছে। এতে জেলার বিভিন্ন এলাকায় বিদ্যুৎ সরবরাহে বিঘ্ন ঘটছে এবং গ্রাহকদের মধ্যে ক্ষোভ তৈরি হয়েছে। পরিস্থিতি সামলাতে এবং অনাকাঙ্ক্ষিত ঘটনা এড়াতে নেত্রকোনা পল্লী বিদ্যুৎ সমিতি জেলা প্রশাসকের কাছে চিঠি দিয়েছে। বিশেষ করে গত তিন মাস ধরে পল্লী বিদ্যুতের আওতাধীন গ্রামাঞ্চলে দিনে গড়ে ১৮ ঘণ্টার বেশি লোডশেডিং হচ্ছে বলে অভিযোগ উঠেছে। এদিকে, প্রচণ্ড গরম ও ভ্যাপসা আবহাওয়ায় বিদ্যুৎ না থাকায় জনজীবনে দুর্ভোগ চরমে পৌঁছেছে। পল্লী বিদ্যুৎ সমিতি সূত্র জানায়, গত ৭, ৮ ও ৯ আগস্টের বিদ্যুতের চাহিদা ও সরবরাহের হিসাবে দেখা যায়, ৭ আগস্ট বিকেল চারটায় বিদ্যুতের চাহিদা ছিল ১১০ মেগাওয়াট। বিপরীতে সরবরাহ পাওয়া যায় ৫৫ মেগাওয়াট। অর্থাৎ চাহিদার অর্ধেক বিদ্যুৎও সরবরাহ করা সম্ভব হয়নি। ওই সময়ে ৫০ শতাংশ লোডশেডিং করতে হয়েছে বলে উল্লেখ করা হয়েছে। পরদিন ৮ আগস্ট বিকেল পাঁচটায় বিদ্যুতের চাহিদা ছিল ১২০ মেগাওয়াট। সরবরাহ পাওয়া যায় প্রায় ৬০ মেগাওয়াট। ৯ আগস্ট রাত আটটার হিসাবেও চাহিদার তুলনায় সরবরাহে বড়ো ঘাটতি ছিল। ফলে এসব সময়ে ব্যাপক লোডশেডিং হয়েছে। নেত্রকোনা পল্লী বিদ্যুৎ সমিতি জানায়, তাদের আওতাধীন বিভিন্ন এলাকায় দিন-রাত মিলিয়ে ২৪ ঘণ্টায় ৭২ থেকে ৭৯ শতাংশ পর্যন্ত লোডশেডিং হওয়ার কথাও চিঠিতে উল্লেখ করা হয়েছে। এতে পরিস্থিতি আরও জটিল হয়ে পড়ার আশঙ্কা প্রকাশ করেছে সমিতি। বিদ্যুৎ সরবরাহ পরিস্থিতির অবনতি হলে গ্রাহকদের সঙ্গে কর্মকর্তা-কর্মচারীদের অপ্রীতিকর পরিস্থিতির সৃষ্টি হতে পারে। ইতোমধ্যে কোনো কোনো স্থানে গ্রাহকদের অসন্তোষ ও চাপের মুখে পড়তে হচ্ছে বলে জানানো হয়েছে। (জাগো নিউজ ওয়েব পেজ:১২.০৮.২০২৬ রিহাব)

## ঢাকা কেন্দ্রীয় কারাগারের এক কয়েদির মৃত্যু

কেরানীগঞ্জে অবস্থিত ঢাকা কেন্দ্রীয় কারাগারে অসুস্থ হয়ে মো. আলাউদ্দিন (৩০) নামের এক কয়েদির মৃত্যু হয়েছে। বুধবার (১২ আগস্ট) সকাল সাড়ে ৭টার দিকে কারাগারে অসুস্থ হয়ে পড়েন তিনি। এরপর ঢাকা মেডিকেল কলেজ

হাসপাতালের জরুরি বিভাগে নেওয়া হলে কর্তব্যরত চিকিৎসক মৃত ঘোষণা করেন। এ বিষয়ে কেন্দ্রীয় কারাগারের কারারক্ষী আনোয়ার হোসেন বলেন, আলাউদ্দিন কেন্দ্রীয় কারাগারে কয়েদি হিসেবে ছিলেন। তার কয়েদি নম্বর ৩১/এ। আনোয়ার হোসেন বলেন, মৃত আলাউদ্দিনের বিস্তারিত পরিচয় জানা যায়নি। তার বাবার নাম মজিদ মোল্লা। তিনি কোন মামলায় কারাগারে ছিলেন, সে বিষয়েও কিছু বলতে পারবো না।
(জাগো নিউজ ওয়েব পেজ:১২.০৮.২০২৬ রিহাব)

## বাংলাদেশ-নিউজিল্যান্ড বাণিজ্য সহযোগিতা জোরদারে নতুন সম্ভাবনা

বাংলাদেশ ও নিউজিল্যান্ডের মধ্যে কৃষি, খাদ্য নিরাপত্তা, প্রযুক্তি বিনিময় এবং বাণিজ্য সম্প্রসারণের লক্ষ্যে গুরুত্বপূর্ণ বৈঠক অনুষ্ঠিত হয়েছে। বুধবার (১২ আগস্ট) নিউজিল্যান্ডের ওয়েলিংটনে মিনিস্ট্রি ফর প্রাইমারি ইন্ডাস্ট্রিজে এ বৈঠক অনুষ্ঠিত হয়। বাণিজ্য মন্ত্রণালয়ের সচিব মো. আতাউর রহমান খানের নেতৃত্বে বাংলাদেশ প্রতিনিধি দল নিউজিল্যান্ডের মিনিস্ট্রি ফর প্রাইমারি ইন্ডাস্ট্রিজ (এমপিআই) এর সঙ্গে এক বৈঠকে অংশ নেয়। বৈঠকে দুই দেশের মধ্যে কৃষি ও খাদ্যপণ্য সংক্রান্ত বাণিজ্য বৃদ্ধির পাশাপাশি ভবিষ্যৎ সহযোগিতার বিভিন্ন সম্ভাবনা নিয়ে আলোচনা হয়। মিনিস্ট্রি ফর প্রাইমারি ইন্ডাস্ট্রিজের দ্বিপাক্ষিক ও আন্তর্জাতিক বাণিজ্য বিষয়ক প্রধান ডায়না রেইচ নিউজিল্যান্ডের প্রতিনিধিত্ব করেন। বাণিজ্য মন্ত্রণালয়ের পাঠানো সংবাদ বিজ্ঞপ্তিতে এসব তথ্য জানানো হয়েছে। এতে বলা হয়, ওই বৈঠকে বাংলাদেশের পক্ষ থেকে নিউজিল্যান্ডের উন্নতমানের বায়ো-সিকিউরিটি ব্যবস্থা, খাদ্য নিরাপত্তা নিশ্চিতকরণ এবং আন্তর্জাতিক বাজারে কৃষিপণ্যের রপ্তানি ব্যবস্থাপনার প্রশংসা করা হয়। একইসঙ্গে বাংলাদেশের খাদ্য নিরাপত্তা, কৃষি উন্নয়ন এবং ক্রমবর্ধমান ভোক্তা বাজারের কথা তুলে ধরে দুই দেশের মধ্যে আরও ঘনিষ্ঠ সহযোগিতার প্রয়োজনীয়তার ওপর গুরুত্ব আরোপ করা হয়। (জাগো নিউজ ওয়েব পেজ:১২.০৮.২০২৬ রিহাব)

## মুগদা থানা পুলিশের অভিযানে গ্রেফতার ১৩

রাজধানীর মুগদা থানা এলাকায় বিশেষ অভিযান পরিচালনা করে বিভিন্ন অপরাধে জড়িত মোট ১৩ জনকে গ্রেফতার করেছে পুলিশ। বুধবার (১২ আগস্ট) ঢাকা মেট্রোপলিটন পুলিশের (ডিএমপি) মিডিয়া অ্যান্ড পাবলিক রিলেশনস বিভাগের অতিরিক্ত উপ-পুলিশ কমিশনার নিয়াজ মেহেদী এ তথ্য জানান। মুগদা থানার বরাত দিয়ে নিয়াজ মেহেদী বলেন, গতকাল মঙ্গলবার (১১ আগস্ট) মুগদা থানা পুলিশ বিভিন্ন এলাকায় বিশেষ অভিযান পরিচালনা করে বিভিন্ন অপরাধে জড়িত ১৩ জনকে গ্রেফতার করে। গ্রেফতারদের মধ্যে নিয়মিত মামলার আসামি ও বিভিন্ন অপরাধে জড়িত ব্যক্তিরা রয়েছেন। তাদের আদালতে পাঠানো হয়েছে বলেও জানান ডিএমপির এই কর্মকর্তা।
(জাগো নিউজ ওয়েব পেজ:১২.০৮.২০২৬ রিহাব)

## চাঁদাবাজির মামলায় ডেভিড ইমন ৫ দিনের রিমান্ডে

চাঁদাবাজির মামলায় চট্টগ্রামের শীর্ষ সন্ত্রাসী মোবারক হোসেন ইমন প্রকাশ ডেভিড ইমনের পাঁচদিনের রিমান্ড মঞ্জুর করেছেন আদালত। বুধবার (১২ আগস্ট) চট্টগ্রাম জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট লোকমান হাকিমের আদালত শুনানি শেষে এ আদেশ দেন। চট্টগ্রাম জেলার কোর্ট পরিদর্শক হাবিবুর রহমান বলেন, হাটহাজারী থানার চাঁদাবাজির মামলায় আসামি ডেভিড ইমনের সাত দিনের রিমান্ড আবেদন করা হয়। শুনানি শেষে আদালত পাঁচ দিনের রিমান্ড মঞ্জুর করেছেন। মোবারক হোসেন ইমন প্রকাশ ডেভিড ইমন (২৫) ফটিকছড়ি উপজেলার কাঞ্চননগর এলাকার মৃত মো. মুসার ছেলে। এর আগে গত ২ আগস্ট চট্টগ্রাম জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট মোহাম্মদ মোতাসিম বিল্লাহর আদালত ডেভিড ইমনের ১০ দিনের রিমান্ড মঞ্জুর করেছিলেন। গত ২৯ জুলাই যশোরের কোতোয়ালি থানার ঝুমঝুমপুর এলাকা থেকে ডেভিড ইমনসহ চারজনকে গ্রেফতার করা হয়। (জাগো নিউজ ওয়েব পেজ:১২.০৮.২০২৬ রিহাব)

## অর্থ আত্মসাৎ; ইউসিবির সাবেক চেয়ারম্যানের বিরুদ্ধে গ্রেফতারি পরোয়ানা

ইউনাইটেড কমার্সিয়াল ব্যাংকের (ইউসিবি) ২৫ কোটি টাকা আত্মসাৎ ও হুন্ডির মাধ্যমে বিদেশে অর্থপাচারের মামলায় ব্যাংকটির সাবেক চেয়ারম্যান এম এ সবুরের বিরুদ্ধে গ্রেফতারি পরোয়ানা জারি করেছেন আদালত। বুধবার (১২ আগস্ট) চট্টগ্রাম মহানগর সিনিয়র স্পেশাল জজ মো. হাসানুল ইসলামের আদালত এ আদেশ দেন। দুর্নীতি দমন কমিশনের (দুদক) পাবলিক প্রসিকিউটর (পিপি) মোকাররম হোসাইন আদেশের বিষয়টি নিশ্চিত করে বলেন, মামলায় এম এ সবুর আদালতে সময়ের আবেদন করেছিলেন। শুনানি শেষে আদালত আবেদনটি নামঞ্জুর করে তার বিরুদ্ধে গ্রেফতারি পরোয়ানা জারি করেন। এর আগে, গত ১৭ মে হাইকোর্টের বিচারপতি শেখ মো. জাকির হোসেন ও বিচারপতি মো. জাকির হোসেনের বেঞ্চ এম এ সবুরকে আট সপ্তাহের মধ্যে চট্টগ্রামের জ্যেষ্ঠ মহানগর বিশেষ জজ আদালতে আত্মসমর্পণের নির্দেশ দেন। পরে গত ৯ জুলাই তিনি আদালতে আত্মসমর্পণ করেন। দুদকের দাবি, হাইকোর্টে আগাম জামিনের আবেদন করার সময় মামলায় অভিযোগপত্র দাখিল হয়নি বলে তথ্য উপস্থাপন করা হয়েছিল। তবে এর আগেই গত ৫ জানুয়ারি মামলার তদন্ত কর্মকর্তা দুদকের প্রধান কার্যালয়ের উপ-পরিচালক মশিউর রহমান ৩৬ জনের বিরুদ্ধে আদালতে অভিযোগপত্র দাখিল করেন। পরে মামলায় অভিযোগ গঠন শেষে বিচারকাজ শুরু

হয়। দুদকের পিপি মোকাররম হোসাইন বলেন, অভিযোগপত্র দাখিলের তথ্য গোপন করে হাইকোর্ট থেকে আগাম জামিনের আদেশ নেওয়া হয়েছিল। অভিযোগপত্র দাখিলের পর মামলায় অভিযোগও গঠন হয়েছে। মামলার নথি অনুযায়ী, ৩৬ আসামির বিরুদ্ধে দেওয়া অভিযোগপত্রে বলা হয়েছে, আরামিট গ্রুপের একটি নামসর্বস্ব প্রতিষ্ঠানের নামে ২৫ কোটি টাকার ঋণ অনুমোদন করে কর্মচারীদের মাধ্যমে তা উত্তোলন করা হয়। পরে হুন্ডির মাধ্যমে ওই অর্থ বিদেশে পাচার করা হয়েছে। (জাগো নিউজ ওয়েব পেজ:১২.০৮.২০২৬ রিহাব)

## কর্তৃত্ববাদী আমলের মানবাধিকার লঙ্ঘন থেকে সরকার কী শিক্ষা নিলো

অংশীজনদের পর্যবেক্ষণ ও সুপারিশমালার মৌলিক বিষয়গুলো উপেক্ষা করে খসড়া জাতীয় মানবাধিকার কমিশন আইন, ২০২৬ এবং খসড়া গুম প্রতিরোধ ও প্রতিকার আইন, ২০২৬ মন্ত্রিপরিষদ কর্তৃক নীতিগতভাবে অনুমোদিত হওয়ায় গভীর উদ্বেগ প্রকাশ করেছে ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশ (টিআইবি)। বুধবার (১২ আগস্ট) এক বিবৃতিতে সংস্থাটি এ উদ্বেগ প্রকাশ করে। পাশাপাশি টিআইবি প্রশ্ন তুলেছে, পতিত কর্তৃত্ববাদী শাসনামলের গুম-খুনসহ বর্বরোচিত ও বহুমুখী মানবাধিকার লঙ্ঘনের করুণ অভিজ্ঞতা থেকে সরকার ও ক্ষমতাসীন দল এ ক্ষেত্রে মৌলিক বিষয়গুলোতে বাস্তবে কী শিক্ষা গ্রহণ করলো? এতে বলা হয়, মন্ত্রিপরিষদ অনুমোদিত দুই খসড়া আইনে বেশ কিছু ইতিবাচক বিষয় অন্তর্ভুক্ত করা হয়েছে। তবে মানবাধিকার কমিশন আইনের খসড়ার ওপর অংশীজনদের পক্ষ থেকে যে-সব বিধান কমিশনের স্বাধীন ও কার্যকরভাবে দায়িত্ব পালনের ক্ষেত্রে সবচেয়ে বেশি প্রতিবন্ধকতা সৃষ্টি করবে বলে সতর্ক করা হয়েছিল, সেই বিষয়গুলো বহাল রাখা হয়েছে। আরও বলা হয়, একইভাবে গুম প্রতিরোধ ও প্রতিকার আইনের যে খসড়াটি অনুমোদিত হয়েছে, সেখানেও অংশীজনদের মতামত উপেক্ষা করে কর্তৃত্ববাদী আমলে এ অপরাধের সিংহভাগের জন্য যে-সব সংস্থার সদস্যদের বিরুদ্ধে অভিযোগ, বাস্তবে তাদের দায়মুক্তিতে সহায়ক ধারাগুলো বহাল রাখা হয়েছে, যা গভীর হতাশাজনক বলে মনে করে টিআইবি। বিবৃতিতে টিআইবির নির্বাহী পরিচালক ড. ইফতেখারুজ্জামান বলেন, ”অধিকাংশ ক্ষেত্রে মানবাধিকার লঙ্ঘনের ঘটনায় জড়িত থাকার অভিযোগ পাওয়া যায় শৃঙ্খলা বাহিনী হিসেবে সংজ্ঞায়িত সংস্থাগুলোর বিরুদ্ধে। অথচ মন্ত্রিপরিষদ অনুমোদিত মানবাধিকার কমিশন আইনে ২০০৯ সালের আইনের ১৮ ধারা হুবহু প্রতিস্থাপনের মাধ্যমে শৃঙ্খলা বাহিনীর মানবাধিকার লঙ্ঘনের ঘটনায় কমিশনকে সরকার বা বাহিনী প্রধানের প্রতিবেদনের ওপর নির্ভরশীল করা হয়েছে।„ ২০০৯ সালের আইনের এই ধরনের দুর্বলতার কারণেই যেমন তাদের অপরাধের জবাবদিহি বা প্রতিরোধে কমিশন কোনো ভূমিকা রাখতে পারেনি, তেমনই আন্তর্জাতিক মানদণ্ডে জাতীয় মানবাধিকার কমিশন কখনোই `এ, ক্যাটাগরির স্ট্যাটাস অর্জন করতে পারেনি জানিয়ে তিনি বলেন, এ ছাড়া চেয়ারম্যান ও কমিশনার নিয়োগ বাছাই কমিটির সদস্য হিসেবে স্পিকার, আইনমন্ত্রী, স্বরাষ্ট্রমন্ত্রী, সরকারদলীয় একজন এমপি এবং মন্ত্রিপরিষদ সচিবকে রাখা হয়েছে। এর বাইরে অন্য যে তিনজন সদস্য রাখার বিধান করা হয়েছে, বাস্তবে তাদের মধ্যে অন্তত দু-জনের মনোনয়নও সরকারের হাতে রাখার ফলে জাতীয় মানবাধিকার কমিশনে নিয়োগে সরকারের নিরঙ্কুশ নিয়ন্ত্রণ ও আধিপত্য নিশ্চিতের মারাত্মক ঝুঁকির সৃষ্টি হয়েছে। তা ছাড়া, কমিশনের পাঁচজন সদস্যের মধ্যে একজন নারী সদস্য রাখা এবং বাছাই কমিটিতে নারী প্রতিনিধিত্বের কোনো বাধ্যবাধকতা রাখা হয়নি, যা পুরুষতান্ত্রিক ও বৈষম্যমূলক। (জাগো নিউজ ওয়েব পেজ: ১২.০৮.২০২৬ রুবাইয়া)

## কনস্টেবল থেকে ডিআইজি পর্যন্ত পদোন্নতি-পদায়ন জটিলতা নিরসনে উদ্যোগ

বাংলাদেশ পুলিশ সার্ভিস অ্যাসোসিয়েশনের উদ্যোগে পুলিশ সদস্যদের পেশাদারিত্ব, জবাবদিহিতা ও কল্যাণসহ বিভিন্ন গুরুত্বপূর্ণ বিষয়ে আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। সভায় পুলিশের কনস্টেবল থেকে ডিআইজি পদমর্যাদা পর্যন্ত সব পর্যায়ের সদস্যদের পদোন্নতি ও পদায়নসংক্রান্ত জটিলতা নিরসনসহ বিভিন্ন বিষয়ে আলোচনা হয়। গতকাল মঙ্গলবার (১১ আগস্ট) সন্ধ্যায় পুলিশ সদর দপ্তরের হল অব প্রাইডে এ সভা অনুষ্ঠিত হয়। বুধবার (১২ আগস্ট) বিকেলে অ্যাসোসিয়েশনের সাধারণ সম্পাদক ও ঢাকা জেলার পুলিশ সুপার শামীমা পারভীন এ তথ্য জানান। সভায় সভাপতিত্ব করেন বাংলাদেশ পুলিশ সার্ভিস অ্যাসোসিয়েশনের সভাপতি ও ঢাকা মহানগর পুলিশ (ডিএমপি) কমিশনার মোসলেহ উদ্দিন আহমদ। সভায় সার্ভিস অ্যাসোসিয়েশনের বর্তমান ও ভবিষ্যৎ কর্মপরিকল্পনা নিয়ে বিস্তারিত আলোচনা হয়। পুলিশের পেশাদারিত্ব ও জবাবদিহিতা নিশ্চিত করে জনকল্যাণমূলক ও গণমুখী পুলিশিং সেবা প্রদান, বাহিনীর অভ্যন্তরীণ সমস্যা চিহ্নিত করে তা সমাধান এবং সদস্যদের কর্মস্পৃহা ও মনোবল বৃদ্ধির মাধ্যমে পুলিশী কার্যক্রম আরও গতিশীল করার ওপর গুরুত্বারোপ করা হয়। সভায় পুলিশের কনস্টেবল থেকে ডিআইজি পদমর্যাদা পর্যন্ত সব পর্যায়ের সদস্যদের পদোন্নতি ও পদায়নসংক্রান্ত জটিলতা নিরসনে যথাযথ কর্তৃপক্ষের সঙ্গে আলোচনা ও প্রয়োজনীয় পদক্ষেপ নেওয়ার বিষয়ে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত নেওয়া হয়। (জাগো নিউজ ওয়েব পেজ: ১২.০৮.২০২৬ রুবাইয়া)

## সারাদেশে লোডশেডিং, হামলার আশঙ্কায় পুলিশের সহায়তা চাইলো পল্লী বিদ্যুৎ

জ্বালানি সংকট ও তীব্র তাপদাহের কারণে বিদ্যুৎ উৎপাদন ব্যাহত হওয়ায় দেশজুড়ে লোডশেডিং বেড়েছে। বিশেষ করে গ্রামাঞ্চলে পল্লী বিদ্যুৎ সমিতির আওতাধীন এলাকায় অতিরিক্ত লোডশেডিংয়ের কারণে জনরোষ বাড়ছে। কোথাও কোথাও বিদ্যুৎ উপকেন্দ্র ও অফিসে হামলার ঘটনাও ঘটছে। এ পরিস্থিতিতে দেশের ৮০টি পল্লী বিদ্যুৎ সমিতির

আওতাধীন গ্রিড, উপকেন্দ্র ও অফিসে নিরাপত্তা জোরদারের দাবি জানিয়েছে বাংলাদেশ পল্লী বিদ্যুৎ অ্যাসোসিয়েশন (বাপবিএ)। বুধবার (১২ আগস্ট) পুলিশ মহাপরিদর্শককে (আইজিপি) দেওয়া এক চিঠিতে এ নিরাপত্তা চাওয়া হয়। চিঠিতে বাপবিএর দপ্তর সম্পাদক মাহবুবুর রহমান স্বাক্ষর করেন। চিঠিতে বলা হয়, দেশে বর্তমানে জ্বালানি সংকট ও তীব্র তাপদাহের কারণে চাহিদার তুলনায় বিদ্যুৎ উৎপাদন ব্যাহত হচ্ছে। ফলে বিদ্যুৎ সরবরাহ কমে যাওয়ায় সারাদেশে, বিশেষ করে গ্রামাঞ্চলে পল্লী বিদ্যুৎ সমিতির আওতাধীন এলাকায় অতিরিক্ত লোডশেডিং হচ্ছে। এতে জনরোষ বাড়ছে এবং কিছু কিছু এলাকায় বিদ্যুৎ উপকেন্দ্র ও অফিস হামলার শিকার হচ্ছে। বাপবিএ জানায়, দেশের প্রায় ৫ কোটি ২০ লাখ বিদ্যুৎ গ্রাহকের মধ্যে প্রায় ৪ কোটি গ্রাহককে পল্লী বিদ্যুৎ সমিতিগুলো বিদ্যুৎ সেবা দিয়ে থাকে। অর্থাৎ মোট গ্রাহকের প্রায় ৮০ শতাংশ পল্লী বিদ্যুতের আওতায়। পল্লী বিদ্যুৎ সমিতিগুলো বিদ্যুৎ উৎপাদন করে না; উৎপাদিত বিদ্যুতের বরাদ্দ অনুযায়ী গ্রাহকদের মধ্যে সরবরাহ করে। চিঠিতে আরও বলা হয়, গত কয়েকদিনে পল্লী বিদ্যুৎ সমিতিগুলোর গড় চাহিদা প্রায় ৮ থেকে ৯ হাজার মেগাওয়াট হলেও বরাদ্দ পাওয়া যাচ্ছে গড়ে ৫ থেকে ৬ হাজার মেগাওয়াট। ফলে কোথাও কোথাও প্রতিদিন গড়ে ৮ থেকে ১২ ঘণ্টা পর্যন্ত লোডশেডিং হচ্ছে। এতে আরও বলা হয়, দীর্ঘ সময় বিদ্যুৎ না থাকায় দেশের বিভিন্ন স্থানে সাধারণ মানুষ ক্ষুব্ধ হয়ে পল্লী বিদ্যুতের উপকেন্দ্রে হামলা ও ভাঙচুরের মতো ঘটনা ঘটাচ্ছেন। ফলে উপকেন্দ্রসহ বিভিন্ন স্থানে দায়িত্ব পালন করা পল্লী বিদ্যুৎ সমিতির কর্মকর্তা-কর্মচারীরা নিরাপত্তাহীনতা ও আতঙ্কের মধ্যে রয়েছেন। এ অবস্থায় দেশের প্রতিটি পল্লী বিদ্যুৎ সমিতির আওতাধীন গ্রিড, উপকেন্দ্র ও অফিসে নিরাপত্তা জোরদারে স্থানীয় আইন-শৃঙ্খলা বাহিনীকে প্রয়োজনীয় নির্দেশনা দেওয়ার জন্য আইজিপির প্রতি অনুরোধ জানিয়েছে বাপবিএ। চিঠির অনুলিপি বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের মন্ত্রী, প্রতিমন্ত্রী ও সচিবের একান্ত সচিব, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ডের চেয়ারম্যানের একান্ত সচিব, সব জেলা প্রশাসক, পুলিশ সুপার, পল্লী বিদ্যুৎ সমিতির জেনারেল ম্যানেজার, উপজেলা নির্বাহী কর্মকর্তা এবং থানার ভারপ্রাপ্ত কর্মকর্তাদের (ওসি) দেওয়া হয়েছে। বাংলাদেশ পল্লী বিদ্যুৎ এসোসিয়েশনের সাংগঠনিক সম্পাদক প্রকৌশলী মনির হোসেন জাগো নিউজকে বলেন, সারাদেশে লোডশোডিং হচ্ছে। এজন্য নিরাপত্তাজনিত কারনে আমরা পুলিশকে চিঠি দিয়েছি। কেপিআই স্থাপনায় হামলা হলে দীর্ঘমেয়াদে ক্ষতি হয়ে যাবে। তিনি বলেন, আমরাও সমিতির পক্ষ থেকে স্থানীয় গণ্যমান্য ব্যক্তিদের সঙ্গে বৈঠক করে পরিস্থিতি বোঝানোর চেষ্টা করছি। (জাগো নিউজ ওয়েব পেজ: ১২.০৮.২০২৬ রুবাইয়া)

## ডিজিটাল সেবা তখনই কাজে আসে, যখন তা মানুষের জীবন সহজ করে

বাংলাদেশ সড়ক পরিবহণ কর্তৃপক্ষের (বিআরটিএ) অনেক সেবা ডিজিটাল করার উদ্যোগকে গুরুত্বপূর্ণ অগ্রগতি হিসেবে আখ্যায়িত করেছেন প্রধানমন্ত্রী তারেক রহমানের কন্যা ব্যারিস্টার জাইমা রহমান। তবে ডিজিটাল সেবা তখনই কাজে আসে, যখন তা সত্যি সত্যি মানুষের জীবন সহজ করে বলে মন্তব্য করেছেন তিনি। বুধবার (১২ আগস্ট) সন্ধ্যা সাড়ে ৬টার দিকে সামাজিক যোগাযোগমাধ্যম ফেসবুকে নিজের ভেরিফায়েড পেজে করা এক পোস্টে তিনি এ মন্তব্য করেন। ওই পোস্টে তিনি জীবনের দ্বিতীয় ড্রাইভিং টেস্ট দেওয়ার অভিজ্ঞতাও তুলে ধরেছেন। ফেসবুক পোস্টে জাইমা লেখেন, ”গত সপ্তাহে আমি জীবনের দ্বিতীয় ড্রাইভিং টেস্ট দিলাম, এবার বাংলাদেশে গাড়ি চালানোর অনুমতির জন্য। প্রথমটি দিয়েছিলাম লন্ডনে, দশ বছরেরও বেশি আগে। দুটিতেই প্রথমবারে উত্তীর্ণ হয়েছি। কিন্তু গাড়ি চালানোর বাস্তবতার জন্য একটি পরীক্ষা আমাকে যতটা প্রস্তুত করেছে, অন্যটি ততটা করেনি।„ তিনি লেখেন, ”এখানকার পুরো প্রক্রিয়াটির ভেতর দিয়ে যেতে যেতে আমি কেবল ড্রাইভিং টেস্ট বা লাইসেন্স নিয়ে ভাবিনি। ভেবেছি, আমাদের সড়ক ব্যবহারের সামগ্রিক অভিজ্ঞতা নিয়ে, আর সেই সড়ক নিয়ন্ত্রণের জন্য তৈরি ব্যবস্থাগুলোর সঙ্গে আমাদের সম্পর্ক নিয়ে।„ অনেক তরুণ বাংলাদেশির, বিশেষ করে ঢাকার তরুণদের, একটি মৌলিক হতাশা আছে : আমাদের কাছ থেকে নিয়ম মেনে চলার প্রত্যাশা করা হয় এমন একটি ব্যবস্থার ভেতরে, যেটি সব সময় নিরাপদ বা অনুমানযোগ্য মনে হয় না,„ ফেসবুক পোস্টে উল্লেখ করেন ব্যারিস্টার জাইমা। তিনি আরও লেখেন, পথচারী হিসেবে আপনাকে হয়ত পর্যাপ্ত ক্রসিং ছাড়াই দ্রুতগতির সড়ক পার হতে হয়, এমন ফুটপাত ধরে হাঁটতে হয়, যেটি হঠাৎ শেষ হয়ে যায় কিংবা দখল হয়ে থাকে, আর পথ করে নিতে হয় বাস, মোটরসাইকেল, রিকশা ও প্রাইভেটকারের ভিড়ের মধ্যদিয়ে, যেগুলোর প্রত্যেকটি চলছে আলাদা আলাদা অলিখিত নিয়মে। প্রধানমন্ত্রী কন্যা পোস্টে লেখেন, যাত্রী হিসেবে আপনার হাতে কার্যত কিছুই থাকে না। আপনার বাসটি যাত্রী তোলার জন্য অন্য বাসের সঙ্গে পাল্লা দেবে কি না, হঠাৎ ব্রেক কষবে কি না, গাড়িটির যান্ত্রিক ফিটনেস আছে কি না, কিংবা চালক ঠিকমতো প্রশিক্ষণ ও বিশ্রাম পেয়েছেন কি না, কোনো কিছুই আপনার নিয়ন্ত্রণে নেই। আর নতুন চালক হিসেবে সবকিছু নিয়ম মেনে করতে গেলে আরেক দফা প্রশ্ন সামনে এসে দাঁড়ায়। নিয়মগুলো আসলে কী? কেন সেগুলো এককেজনের জন্য এককে রকম মনে হয়? সঠিক পদ্ধতিটা কী? অনলাইন প্রক্রিয়া কেন সব সময় যথেষ্ট নয়? দালাল ধরলে কেন কাজটা দ্রুত হয়ে যায়? পরীক্ষায় পাশ করার পরও কেন মাসের পর মাস অপেক্ষা করতে হয় সেই কাগজটির জন্য, যা প্রমাণ করে আমি পাশ করেছি? এভাবে প্রশ্ন চলতেই থাকে। ব্যারিস্টার জাইমা রহমান আরও লেখেন, বিআরটিএ তার অনেক সেবা ডিজিটাল করেছে, যা নিঃসন্দেহে গুরুত্বপূর্ণ অগ্রগতি। কিন্তু ডিজিটাল করা তখনই কাজে আসে, যখন তা সত্যি সত্যি মানুষের জীবন সহজ

করে। তিনি লেখেন, অনলাইনে শুরু হওয়া কোনো সমস্যার সমাধান যদি শেষ পর্যন্ত গিয়ে দাঁড়ায় `অফিসে এসে কথা বলুন,-এ, তাহলে সমস্যাটির সমাধান আসলে হয়নি। প্রতিটি অপ্রয়োজনীয় সশরীর যোগাযোগ দেরি, পক্ষপাত কিংবা লেনদেনের নতুন সুযোগ তৈরি করে। ব্রোকারেরা এই প্রক্রিয়ার ফাটলটিরই সুযোগ নেয়। মানুষ আইন ভাঙতে চায় বলে নয়, বরং সরকারি প্রক্রিয়াটি এতটাই কঠিন হয়ে ওঠে যে, একজন মধ্যস্থতাকারীই সবচেয়ে সহজ পথ হয়ে দাঁড়ায়। এটি বিশেষভাবে ক্ষতিকর, কারণ এতে দুর্নীতি ব্যতিক্রম না থেকে কাজ আদায়ের স্বাভাবিক নিয়মে পরিণত হয়। (জাগো নিউজ ওয়েব পেজ: ১২.০৮.২০২৬ রুবাইয়া)

## হুমায়ুন কবিরের সঙ্গে যুক্তরাষ্ট্রের ব্যবসায়ী প্রতিনিধিদলের সাক্ষাৎ

প্রধানমন্ত্রীর পররাষ্ট্র উপদেষ্টা হুমায়ুন কবিরের সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করেছেন ইউএস-বাংলাদেশ বিজনেস কাউন্সিলের প্রেসিডেন্ট অতুল কেশব। বুধবার (১২ আগস্ট) প্রধানমন্ত্রীর কার্যালয়ে অতুল কেশবের নেতৃত্বে যুক্তরাষ্ট্রের একটি উচ্চপর্যায়ের ব্যবসায়িক প্রতিনিধি দল পররাষ্ট্র উপদেষ্টার সঙ্গে সাক্ষাৎ করে। সাক্ষাৎকালে বাংলাদেশ ও যুক্তরাষ্ট্রের মধ্যকার দ্বিপাক্ষিক বাণিজ্য ও বিনিয়োগ সম্পর্ক আরও জোরদার করা, পারস্পরিক অর্থনৈতিক সহযোগিতা সম্প্রসারণ এবং বাংলাদেশের বিনিয়োগ সম্ভাবনা নিয়ে বিস্তারিত আলোচনা হয়। প্রধানমন্ত্রীর পররাষ্ট্র উপদেষ্টা হুমায়ুন কবির প্রতিনিধি দলকে স্বাগত জানিয়ে বলেন, বাংলাদেশ ও যুক্তরাষ্ট্রের সম্পর্ক দীর্ঘদিনের এবং বহুমাত্রিক। বাণিজ্য ও বিনিয়োগসহ অর্থনৈতিক সহযোগিতা এই সম্পর্ককে আরও শক্তিশালী করার ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখতে পারে। বাংলাদেশে মার্কিন বিনিয়োগকারীদের জন্য বিদ্যমান সুযোগ-সুবিধা এবং সম্ভাবনাময় খাতগুলো তুলে ধরে তিনি বলেন, সরকার ব্যবসা ও বিনিয়োগবান্ধব পরিবেশ নিশ্চিত করতে প্রতিশ্রুতিবদ্ধ। তিনি আরও বলেন, বাংলাদেশ বর্তমানে অর্থনৈতিক রূপান্তর ও নতুন সম্ভাবনার একটি গুরুত্বপূর্ণ পর্যায় অতিক্রম করছে। এ সময় যুক্তরাষ্ট্রের ব্যবসায়ী ও বিনিয়োগকারীদের সঙ্গে আরও ঘনিষ্ঠ অংশীদারত্ব বাংলাদেশের অর্থনৈতিক প্রবৃদ্ধি, কর্মসংস্থান সৃষ্টি এবং প্রযুক্তি ও জ্ঞান বিনিময়ে গুরুত্বপূর্ণ অবদান রাখতে পারে। ইউএস-বাংলাদেশ বিজনেস কাউন্সিলের প্রেসিডেন্ট অতুল কেশব বাংলাদেশের অর্থনৈতিক সম্ভাবনা ও বিনিয়োগের সুযোগ নিয়ে আগ্রহ প্রকাশ করেন। তিনি বাংলাদেশ ও যুক্তরাষ্ট্রের বেসরকারি খাতের মধ্যে সহযোগিতা আরও সম্প্রসারণের ওপর গুরুত্বারোপ করেন এবং দুই দেশের ব্যবসায়িক সম্পর্ককে নতুন উচ্চতায় নিয়ে যেতে কাউন্সিলের আগ্রহের কথা জানান।

(জাগো নিউজ ওয়েব পেজ: ১২.০৮.২০২৬ রুবাইয়া)

## বৈদেশিক মুদ্রার রিজার্ভ এখন ৩৭ বিলিয়ন ডলার

দেশের বৈদেশিক মুদ্রার রিজার্ভে সামান্য উত্থান হয়েছে। একদিনের ব্যবধানে দেশের মোট (গ্রস) রিজার্ভ বেড়ে ৩৭ দশমিক শূন্য ৬৬ বিলিয়ন মার্কিন ডলারে দাঁড়িয়েছে। আন্তর্জাতিক মুদ্রা তহবিলের (আইএমএফ) বিপিএম৬ হিসাব পদ্ধতিতে রিজার্ভের পরিমাণ দাঁড়িয়েছে ৩২ দশমিক ২৬০ বিলিয়ন ডলারে। বাংলাদেশ ব্যাংকের সর্বশেষ প্রকাশিত তথ্য অনুযায়ী, বুধবার (১২ আগস্ট) দেশের গ্রস রিজার্ভের পরিমাণ দাঁড়িয়েছে ৩৭.০৬৬ বিলিয়ন ডলার। গত সোমবার (১০ আগস্ট) দেশের মোট (গ্রস) রিজার্ভ ছিল ৩৬ দশমিক ৯৬ বিলিয়ন মার্কিন ডলার। আন্তর্জাতিক মুদ্রা তহবিলের (আইএমএফ) বিপিএম৬ হিসাব পদ্ধতিতে রিজার্ভের পরিমাণ ছিল ৩২ দশমিক ১৫ বিলিয়ন ডলার। আর রোববার (৯ আগস্ট) এ রিজার্ভ ছিল ৩৬ দশমিক ৮৬ বিলিয়ন ডলার। অন্যদিকে, আইএমএফের বিপিএম৬ হিসাব পদ্ধতিতে রিজার্ভ বুধবার দাঁড়িয়েছে ৩২ দশমিক ১৫ বিলিয়ন ডলারে। আগের দিন এ হিসাবে রিজার্ভ ছিল ৩২ দশমিক ২৬০ বিলিয়ন ডলার। আন্তর্জাতিক মানদণ্ডে কোনো দেশের ব্যবহারযোগ্য বৈদেশিক মুদ্রার রিজার্ভ পরিমাপের ক্ষেত্রে আইএমএফের বিপিএম৬ পদ্ধতিকে সবচেয়ে গ্রহণযোগ্য হিসাব পদ্ধতিগুলোর একটি হিসেবে বিবেচনা করা হয়। দেশের বৈদেশিক খাত ও মুদ্রাবাজারে স্থিতিশীলতা বজায় রাখতে কেন্দ্রীয় ব্যাংকের বিভিন্ন পদক্ষেপের মধ্যেই রিজার্ভের এ চিত্র সামনে এসেছে। এর আগে গতকাল মঙ্গলবার (১১ আগস্ট) বাংলাদেশ ব্যাংকের তথ্য অনুযায়ী, বিপিএম৬ হিসাবেও দেশের রিজার্ভ ৩২ বিলিয়ন ডলারের ঘর অতিক্রম করে। (জাগো নিউজ ওয়েব পেজ: ১২.০৮.২০২৬ রুবাইয়া)

## চেতনাধারীদের হাতে তৈরি লক্ষাধিক ভুয়া মুক্তিযোদ্ধা, চলছে নির্ভুলের কাজ

মুক্তিযুদ্ধের চেতনাধারীরা লক্ষাধিক ভুয়া মুক্তিযোদ্ধা তৈরি করে মহান স্বাধীনতার ইতিহাস ও চেতনাকে কলঙ্কিত করেছে বলে মন্তব্য করেছেন মুক্তিযুদ্ধবিষয়ক মন্ত্রী আহমেদ আযম খান। তিনি বলেন, প্রকৃত বীর মুক্তিযোদ্ধাদের পাশাপাশি শহিদ ও বীরাঙ্গনাদের নির্ভুল তালিকা প্রণয়নে কাজ করছে মুক্তিযুদ্ধবিষয়ক মন্ত্রণালয়। বুধবার (১২ আগস্ট) মুক্তিযুদ্ধবিষয়ক মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষে আয়োজিত এক মতবিনিময় সভায় এ কথা বলেন তিনি। মহান মুক্তিযুদ্ধের ইতিহাসকে প্রামাণ্য, তথ্যনির্ভর, নির্মোহ ও সর্বজনগ্রাহ্য ভিত্তির ওপর প্রতিষ্ঠিত করতে শহিদ, বীর মুক্তিযোদ্ধা ও বীরাঙ্গনাদের প্রকৃত ও নির্ভুল তালিকা প্রণয়নের কৌশল ও করণীয় নির্ধারণে এ সভার আয়োজন করা হয়। সভায় সভাপতিত্ব করেন মুক্তিযুদ্ধবিষয়ক মন্ত্রী আহমেদ আযম খান। এতে মুক্তিযুদ্ধবিষয়ক প্রতিমন্ত্রী ইশরাক হোসেন, মন্ত্রণালয়ের সচিব মো. আশরাফুল ইসলাম, বীর মুক্তিযোদ্ধা, শিক্ষাবিদ, গবেষক, সাংবাদিক ও বিশিষ্ট ব্যক্তিরা উপস্থিত ছিলেন। (জাগো নিউজ ওয়েব পেজ: ১২.০৮.২০২৬ রুবাইয়া)

## বিপিসিতে আবারও ভারপ্রাপ্ত চেয়ারম্যান

গত প্রায় এক সপ্তাহ খালি থাকার পর বাংলাদেশ পেট্রোলিয়াম করপোরেশনে (বিপিসি) আবারও ভারপ্রাপ্ত চেয়ারম্যান নিয়োগ দেওয়া হয়েছে। জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের অতিরিক্ত সচিব মো. মনজুর আলম প্রধান এই দায়িত্ব পেয়েছেন। বুধবার (১২ আগস্ট) সন্ধ্যায় জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের প্রশাসন-১ শাখার সিনিয়র সহকারী সচিব মিল্টন রায়ের সই করা এক অফিস আদেশে এ তথ্য জানানো হয়। পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত মো. মনজুর আলম প্রধান জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের অতিরিক্ত সচিবের নিজ দায়িত্বের পাশাপাশি বিপিসির চেয়ারম্যান হিসেবে দায়িত্ব পালন করবেন বলে অফিস আদেশে বলা হয়। এর আগে, ভারপ্রাপ্ত চেয়ারম্যানের দায়িত্বে থাকা আরেক অতিরিক্ত সচিব মো. জিয়াউল হককে গত ৬ আগস্ট পদোন্নতি দিয়ে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের সচিব হিসেবে পদায়ন করা হলে বিপিসি চেয়ারম্যানের পদটি শূন্য হয়। পদোন্নতির মাত্র ৫ দিন আগে ২ আগস্ট জিয়াউল হককে বিপিসিতে ভারপ্রাপ্ত চেয়ারম্যানের দায়িত্ব দেওয়া হয়। (জাগো নিউজ ওয়েব পেজ: **১২.০৮.২০২৬** রুবাইয়া)

## বাংলাদেশ থেকে কর্মী নিয়োগে আগ্রহী থাই সরকার

থাইল্যান্ডের শ্রমবাজারে বাংলাদেশি কর্মীদের জন্য তৈরি হচ্ছে নতুন সম্ভাবনার সুযোগ। দেশটির নির্মাণ, কৃষি ও হালাল ফ্যাক্টরিসহ বিভিন্ন খাতে সৃষ্টি হওয়া তীব্র কর্মী সংকট মোকাবিলায় পঞ্চম দেশ হিসেবে বাংলাদেশ থেকে কর্মী নিয়োগের আগ্রহ প্রকাশ করেছে থাইল্যান্ড। এ লক্ষ্যে শিগগিরই দুই দেশের মধ্যে একটি সমঝোতা স্মারক (এমওইউ) সইয়ের বিষয়ে ফলপ্রসূ আলোচনা হয়েছে। বুধবার (১২ আগস্ট) প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষে মন্ত্রী আরিফুল হক চৌধুরীর সঙ্গে থাইল্যান্ডের এক উচ্চপর্যায়ের প্রতিনিধি দল সৌজন্য সাক্ষাৎ করলে এসব তথ্য উঠে আসে। বৈঠকে প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান প্রতিমন্ত্রী মো. নুরুল হক, মন্ত্রণালয়ের সচিব মো. মোখতার আহমেদ এবং ঊর্ধ্বতন কর্মকর্তারা উপস্থিত ছিলেন। বৈঠকে দুই দেশের মধ্যে স্বচ্ছ ও কম খরচে কর্মী নিয়োগ, শ্রমিকদের অধিকার ও কল্যাণ নিশ্চিতকরণ এবং ভিসা প্রসেসিং ও মানবপাচারসংক্রান্ত থাইল্যান্ডের কিছু উদ্বেগ নিয়ে বিস্তারিত আলোচনা হয়। বাংলাদেশ ও থাইল্যান্ডের কূটনৈতিক সম্পর্কের ৫৪তম বার্ষিকী উদ্‌যাপনের কথা উল্লেখ করে প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রী আরিফুল হক চৌধুরী বলেন, বাংলাদেশি নাগরিকদের জন্য কর্মী নিয়োগের সম্ভাব্য পথ উন্মোচনে থাইল্যান্ডের এ দূরদর্শী উদ্যোগকে আমরা গভীরভাবে প্রশংসা করি। নৈতিক ও দায়িত্বশীল শ্রমিক নিয়োগ ব্যবস্থার ওপর জোর দিয়ে মন্ত্রী বলেন, বাংলাদেশ এমন একটি ব্যবস্থা চায় যেখানে নিয়োগের প্রাথমিক ব্যয় নিয়োগকর্তা বহন করবেন। পাশাপাশি স্থানীয় ভাষায় প্রমিত কর্মসংস্থান চুক্তি, কর্মীদের কল্যাণ, ন্যায্য মজুরি, নিরাপদ আবাসন ও চিকিৎসা বীমার সুরক্ষা নিশ্চিত করার আহ্বান জানান তিনি।
(জাগো নিউজ ওয়েব পেজ: **১২.০৮.২০২৬** রুবাইয়া)

# রেডিও টুডে

## বাংলাদেশ ভ্রমণে উচ্চমাত্রার সতর্কতা করেছে কানাডার সরকার

বাংলাদেশে ভ্রমণ নিয়ে দেশের নাগরিকদের সতর্কতা হালনাগাদ করেছে কানাডা সরকার। রাজনৈতিক উত্তেজনা, বিচারিক কার্যক্রম ও রাজনৈতিক সমাবেশকে কেন্দ্র করে বিক্ষোভ, সংঘর্ষ ও জনঅস্থিরতার আশঙ্কায় দেশটি বাংলাদেশে ভ্রমণকারীদের উচ্চমাত্রার সতর্কতা অবলম্বনের পরামর্শ দিয়েছে। সোমবার সর্বশেষ এই সতর্কতা হালনাগাদ করা হয়। কানাডা সরকার এর আগে গত বছরের সেপ্টেম্বর ও ডিসেম্বরে বাংলাদেশ নিয়ে দুই দফা ভ্রমণ সতর্কতা হালনাগাদ করেছিল। এবারের সতর্কতায়ও বাংলাদেশকে উচ্চমাত্রার সতর্কতা অবলম্বনের পর্যায়েই রাখা হয়েছে। কানাডা সরকারের ভ্রমণ সংক্রান্ত ওয়েবসাইটে বলা হয়েছে, বাংলাদেশে রাজনৈতিক পরিস্থিতির কারণে যে-কোনো সময় বিক্ষোভ ও সহিংস সংঘর্ষের ঘটনা ঘটতে পারে। এসব পরিস্থিতিতে হঠাৎ যান চলাচল বন্ধ, ব্যবসাপ্রতিষ্ঠান বন্ধ হয়ে যাওয়া এবং জনজীবনে অচলাবস্থা তৈরি হতে পারে। এ কারণে বাংলাদেশে ভ্রমণরত কানাডীয় নাগরিকদের বড়ো ধরনের জমায়েত ও বিক্ষোভ এড়িয়ে চলতে এবং স্থানীয় কর্তৃপক্ষের নির্দেশনা মেনে চলার পরামর্শ দেওয়া হয়েছে।

### পার্বত্য অঞ্চলে সতর্কতা আরও কঠোর

চট্টগ্রামের পার্বত্য অঞ্চলের ক্ষেত্রে সতর্কতা আরও কঠোর করেছে কানাডা। দেশটির নাগরিকদের ওই এলাকায় সব ধরনের ভ্রমণ এড়িয়ে চলার পরামর্শ দেওয়া হয়েছে। এ অঞ্চলে রাজনৈতিক সহিংসতা, অপহরণ ও সংঘর্ষের ঝুঁকির কথাও সতর্কবার্তায় উল্লেখ করা হয়েছে। বাংলাদেশে অবস্থানরত বা ভ্রমণরত কানাডীয় নাগরিকদের স্থানীয় সংবাদমাধ্যম নিয়মিত অনুসরণ করতে বলা হয়েছে। পাশাপাশি নিরাপত্তা পরিস্থিতির পরিবর্তনের জন্য প্রস্তুত থাকা এবং ভ্রমণের আগে কানাডা সরকারের সর্বশেষ তথ্য যাচাই করার পরামর্শ দেওয়া হয়েছে।
(রেডিও টুডে ওয়েব পেজ: **১২.০৮.২০২৬** এলিনা)

## হামের টিকাদানে ডিএনসিসি সফল, আগামী সপ্তাহে কলেরা টিকা : প্রশাসক

হামের টিকাদান কর্মসূচিতে ঢাকা উত্তর সিটি করপোরেশন (ডিএনসিসি) সফলতা দেখিয়েছে বলে মন্তব্য করেছেন সংস্থাটির প্রশাসক শফিকুল ইসলাম খান মিল্টন। তিনি বলেছেন, হামের টিকাদান কর্মসূচিতে ডিএনসিসি সারাদেশে প্রথমস্থান অর্জন করেছে। এ সাফল্যের ধারাবাহিকতায় আগামী সপ্তাহ থেকে নগরীতে কলেরা টিকাদান কার্যক্রম শুরু করা হবে। আজ বুধবার গুলশানে ডিএনসিসি নগর ভবন মিলনায়তনে ইউনিসেফ-এর রিভিউ ওয়ার্কশপের উদ্বোধন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। পরিচ্ছন্ন ও স্বাস্থ্যকর নগরী গড়তে নগরবাসীর সহযোগিতা কামনা করে ডিএনসিসি প্রশাসক বলেন, নগরবাসীর সুস্বাস্থ্য নিশ্চিত করতে ইপিআইসহ বিভিন্ন স্বাস্থ্যসেবা ও জনস্বাস্থ্য কার্যক্রমে ডিএনসিসি সবসময় নগরবাসীর পাশে রয়েছে। শফিকুল ইসলাম খান মিল্টন বলেন, নগরীর কোথাও ময়লা-আবর্জনা হলে সঙ্গে সঙ্গে জানাবেন। সিটি করপোরেশনের কুইক রেসপন্স টিম ২৪ ঘণ্টার মধ্যে পদক্ষেপ নেবে। ইতোমধ্যে নাগরিকদের তথ্যের ভিত্তিতে বিভিন্ন এলাকা পরিষ্কার করা হয়েছে। অনুষ্ঠানে আরও বক্তব্য রাখেন স্বাস্থ্য অধিদপ্তরের সহকারী পরিচালক হাসানুল মাহমুদ, ডিএনসিসির প্রধান স্বাস্থ্য কর্মকর্তা ইমরুল কায়েস চৌধুরী, ইউনিসেফ বাংলাদেশের স্বাস্থ্য কর্মকর্তা রিয়াদ মাহমুদ প্রমুখ।(রেডিও টুডে ওয়েব পেজ: ১২.০৮.২০২৬ এলিনা)

## বর্তমান সরকারের অধীনে তথ্য বিভ্রান্তির সুযোগ নেই : অর্থমন্ত্রী

তথ্যের স্বচ্ছতা নিশ্চিত করাকে সরকারের অন্যতম প্রধান লক্ষ্য উল্লেখ করে অর্থ ও পরিকল্পনা মন্ত্রী আমির খসরু মাহমুদ চৌধুরী বলেছেন, বর্তমান সরকার কোনো ধরনের তথ্য বিভ্রান্তি করবে না। তিনি বলেন, সঠিক তথ্য-উপাত্ত জননীতি প্রণয়নের জন্য অপরিহার্য। আজ বুধবার রাজধানীর বাংলাদেশ-চীন মৈত্রী সম্মেলন কেন্দ্রে `নেভিগেটিং ফাইভ ইয়ার স্ট্র্যাটেজিক ফ্রেমওয়ার্ক ফর অ্যাচিভিং এসডিজিস: পলিসি, পার্টনারশিপ অ্যান্ড প্রায়োরিটিজ, শীর্ষক তিন দিনব্যাপী জাতীয় সম্মেলনের সমাপনী অনুষ্ঠান শেষে আয়োজিত সংবাদ সম্মেলনে সাংবাদিকদের প্রশ্নের জবাবে তিনি এ কথা বলেন। বিগত সময়ে পরিসংখ্যান ব্যুরোর তথ্যে যে বিভ্রান্তি বা `মিসইনফরমেশন, জনগণের কাছে দেওয়া হয়েছে, বর্তমান সরকারের অধীনে তার কোনো সুযোগ নেই উল্লেখ করে অর্থমন্ত্রী বলেন, সরকার যাতে সঠিক তথ্যের ভিত্তিতে নীতি প্রণয়ন ও সিদ্ধান্ত নিতে পারে, সে জন্য নির্ভুল তথ্য নিশ্চিত করার ওপর গুরুত্ব দেওয়া হচ্ছে। তিনি বলেন, `বরং আমরা সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে বলছি, আমাদের সঠিক তথ্য দিতে হবে, যাতে আমরা সেই অনুযায়ী কাজ করতে পারি। সরকার যদি সঠিক তথ্য না পায়, তাহলে কীভাবে নীতি প্রণয়ন করবে?, মন্ত্রী বলেন, তিনি নিজেও কিছু তথ্য যাচাই করেছেন। এর মধ্যে চাল ও মাংসের দাম কমার তথ্যও রয়েছে। সর্বশেষ মূল্যস্ফীতির তথ্য প্রকাশের আগে সংশ্লিষ্ট তথ্য একাধিকবার পর্যালোচনা ও যাচাই করা হয়েছে বলেও জানান তিনি। আমির খসরু বলেন, `আমরা তথ্য কয়েকবার যাচাই করেছি এবং বেশ কয়েকটি বৈঠক করেছি। নতুন মূল্যস্ফীতির তথ্য সঠিকভাবেই দেওয়া হয়েছে।, সরকারের যথাযথ নীতি সিদ্ধান্ত গ্রহণের জন্য সঠিক পরিসংখ্যানের গুরুত্ব বিশেষভাবে তুলে ধরেন অর্থমন্ত্রী।
(রেডিও টুডে ওয়েব পেজ:১২.০৮.২০২৬ আসাদ)

## ১২ বছরে ১১৭ কার্গো এলএনজি কিনবে সরকার

দেশে গ্যাসের চাহিদা পূরণে চারটি প্রতিষ্ঠানের কাছ থেকে এলএনজি কেনার সিদ্ধান্ত নিয়েছে সরকার। এর মধ্যে সরকার থেকে সরকার ভিত্তিতে চুক্তির আওতায় যুক্তরাষ্ট্রের একটি প্রতিষ্ঠান থেকে ১২ বছরে ১১৭ কার্গো এলএনজি কেনা হবে। বাকি তিন প্রতিষ্ঠান থেকে সরাসরি ক্রয় পদ্ধতিতে ছয় কার্গো এলএনজি কেনা হবে। বুধবার অর্থমন্ত্রী আমীর খসরু মাহমুদ চৌধুরীর সভাপতিত্বে অনুষ্ঠিত সরকারি ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির বৈঠকে এসব প্রস্তাব অনুমোদন করা হয়। জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ থেকে প্রস্তাবগুলো উপস্থাপন করা হয়। বৈঠকের সিদ্ধান্ত অনুযায়ী, যুক্তরাজ্যের ব্ল্যাককিউব ইন্টারন্যাশনাল লিমিটেডের কাছ থেকে দুই কার্গো এলএনজি প্রতি এমএমবিটিইউ ১৫ দশমিক ৫০ মার্কিন ডলার দরে এবং ওমানের ম্যাক্সওয়েল ইন্টারন্যাশনাল এসপিসির কাছ থেকে দুই কার্গো এলএনজি জেকে এম সূচকের সঙ্গে প্রতি এমএমবিটিইউ শূন্য দশমিক ৫৪ মার্কিন ডলার যোগ করে কেনার অনুমোদন দেওয়া হয়েছে। এছাড়া হংকংয়ের ঝেনইউ শিপিং কোম্পানি লিমিটেডের কাছ থেকে ২০২৬ সালে সরাসরি ক্রয় পদ্ধতিতে দুই কার্গো এলএনজি কেনার প্রস্তাব অনুমোদন করা হয়েছে। প্রতি এমএমবিটিইউ ১৪ দশমিক ৯৫ মার্কিন ডলার দরে এসব এলএনজি কেনার সুপারিশ করা হয়। অন্যদিকে, সরকার থেকে সরকার ভিত্তিতে যুক্তরাষ্ট্রের গানভর ইউএসএ এলএলসির কাছ থেকে ২০২৬ সাল থেকে ২০৩৮ সাল পর্যন্ত মোট ১১৭ কার্গো এলএনজি কেনার প্রস্তাব অনুমোদন দেওয়া হয়েছে। এ চুক্তির আওতায় ২০২৬ সালে পাঁচ কার্গো, ২০২৭ সালে ছয় কার্গো এবং ২০২৮ সালে তিন কার্গো এলএনজি জেকে এম সূচকের সঙ্গে প্রতি এমএমবিটিইউ শূন্য দশমিক শূন্য ৮৭৫ মার্কিন ডলার যোগ করে কেনার অনুমোদন দেওয়া হয়েছে। এছাড়া ২০২৮ সালে আরও তিন কার্গো এবং ২০২৯ থেকে ২০৩৮ সাল পর্যন্ত প্রতিবছর ১০ কার্গো করে এলএনজি কেনার অনুমোদন দেওয়া হয়েছে। এসব এলএনজির মূল্য নির্ধারণ করা হবে ১২১ শতাংশ এইচএইচ সূচকের সঙ্গে ৫ দশমিক ২০ মার্কিন ডলার যোগ করে। জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের পক্ষ থেকে বৈঠকে জানানো হয়, আন্তর্জাতিক বাজারের অস্থিরতা এবং যুদ্ধ পরিস্থিতির কারণে দেশে জ্বালানির নিরাপদ সরবরাহ নিশ্চিত

করা জরুরি হয়ে পড়েছে। এ পরিস্থিতিতে স্বল্পমেয়াদি ও দীর্ঘমেয়াদি উভয় ব্যবস্থায় এলএনজি সংগ্রহের মাধ্যমে গ্যাসের চাহিদা পূরণের উদ্যোগ নেওয়া হচ্ছে। (রেডিও টুডে ওয়েব পেজ:১২.০৮.২০২৬ আসাদ)

**সালমান শাহ্ হত্যা মামলায় ডনের জামিন নামঞ্জুর**

চিত্রনায়ক মোহাম্মদ শাহরিয়ার ইমন ওরফে সালমান শাহকে হত্যা মামলায় গ্রেফতার খলনায়ক আশরাফুল হক ডনের জামিন আবেদন নামঞ্জুর করেছেন আদালত। বুধবার দুপুরে শুনানি শেষে ঢাকার মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট মোহাম্মদ এহসানুল ইসলামের এ আদেশ দেন। এদিন আসামি পক্ষের আইনজীবী মো. তরিকুল ইসলাম জামিন চেয়ে শুনানি করেন। রাষ্ট্রপক্ষে মহানগর পাবলিক প্রসিকিউটর ওমর ফারুক ফারুকী এর বিরোধিতা করেন। উভয় পক্ষের শুনানি শেষে আদালত আসামির জামিনের আবেদন নামঞ্জুর করেন। জামিন আবেদনে বলা হয়, হাজতি আসামি ডনের বিরুদ্ধে এজাহারে সুনির্দিষ্ট কোনো অভিযোগ নেই। তিনি কথিত ঘটনার সঙ্গে জড়িত ছিল না। এজন্য তার জামিন পাওয়া একান্ত আবশ্যক। গত ৯ আগস্ট ভোরে হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর থেকে ডনকে গ্রেফতার করা হয়। এরপর বিকালে তাকে আদালতে হাজির করে কারাগারে আটক রাখার আবেদন করেন মামলার তদন্ত কর্মকর্তা সিআইডির পুলিশ পরিদর্শক আরিফুর রহমান। আবেদনের পরিপ্রেক্ষিতে বিচার তাকে কারাগারে পাঠানোর আদেশ দেন।(রেডিও টুডে ওয়েব পেজ:১২.০৮.২০২৬ আসাদ)

**রামিসা হত্যা মামলার ডেথ রেফারেন্স ও আপিল শুনানির সব প্রস্তুতি সম্পন্ন**

শিশু রামিসা ধর্ষণ ও হত্যা মামলার ডেথ রেফারেন্স ও আপিল শুনানির সব প্রস্তুতি সম্পন্ন হয়েছে। ফেনীর মাদ্রাসা ছাত্রী নুসরাত ও মাগুরার আছিয়া হত্যা মামলার শুনানির পরই শুরু হবে রামিসা হত্যা মামলার শুনানির কার্যক্রম। বুধবার সকালে বিষয়টি নিশ্চিত করেন অ্যাটর্নি জেনারেল রুহুল কুদ্দুস কাজল। এর আগে, বিচারপতি ভীষ্মদেব চক্রবর্তী ও বিচারপতি কে এম রাশেদুজ্জামান রাজার দ্বৈত হাইকোর্ট বেঞ্চ স্টেট ডিফেন্স নিয়োগের জন্য সলিসিটরকে নির্দেশ দেন। এই নির্দেশের পর ২৫ জুন এ মামলায় মৃত্যুদণ্ডপ্রাপ্ত আসামি সোহেল রানা ও তার স্ত্রী স্বপ্না আক্তারের পক্ষে আইনি লড়াইয়ের জন্য সুপ্রিম কোর্টের আইনজীবী হাফিজুর রহমান খান রাষ্ট্রনিযুক্ত আইনজীবী হিসেবে নিয়োগ পান। গত ১৯ মে রামিসাকে ধর্ষণের পর হত্যা করেন সোহেল রানা। এ অপরাধে তাকে পূর্ণ সহায়তা করেন তার স্ত্রী স্বপ্না আক্তার। অপরাধের গভীরতা বিবেচনা করে দু-জনের বিরুদ্ধেই মৃত্যুদণ্ডাদেশ দেন ঢাকার শিশু অপরাধ দমন ট্রাইব্যুনালের বিচারক মাসরুর সালেকীন। রায়ের পর দুই আসামিকে পাঠানো হয় কনডেম সেলে। সেখান থেকে তারা রায়ের বিরুদ্ধে জেল আপিল করেন। (রেডিও টুডে ওয়েব পেজ:১২.০৮.২০২৬ আসাদ)

# BBC

**RESCUERS SCRABBLE FOR SURVIVORS WITH 180 DEAD IN COLOMBIA EARTHQUAKE**

Rescue workers in Colombia are working against the clock to free survivors trapped in buildings and under rubble following Monday's powerful earthquake. More than 180 people have been confirmed dead - most in the cities of Cali and Pereira. The magnitude 7.4 quake struck at 07:34 on Monday and was felt across an enormous area, stretching for hundreds of miles across western Colombia - with fresh aftershocks still being felt on Tuesday. While the official death toll remains at 181, an aggregated figure gathered from local officials puts it higher - potentially at more than 240. A state of emergency has been declared by President Abelardo de la Espriella. (BBC News Web Page: 12/08/26, FARUK)

**TRUMP CONFIRMS HE SWITCHED PLANES AFTER NATO SUMMIT BECAUSE OF POSSIBLE THREAT**

President Donald Trump has confirmed that he secretly swapped planes as he left a NATO summit in Turkey last month due to a possible threat. "I go by Secret Service and the military. They wanted me to go in a different flight, different plane," Trump told reporters. "I just have to do what they say." The revelation comes after reports that Trump boarded Air Force One on 8 July in view of television cameras, before hiding in a catering truck to be transported to a military aircraft. The last-minute switch has raised questions about whether those left on the decoy plane were in danger, but Trump said on Tuesday the jet he boarded instead could have been at "greater risk... because that would be the plane, I think, that they would be more likely to go for". (BBC News Web Page: 12/08/26, FARUK)

**SINGAPORE AND S KOREA PULL TRADER JOE'S SEASONING OVER POPPY SEEDS**

Singapore and South Korea have pulled Trader Joe's Everything But the Bagel seasoning from e-commerce platforms because it contains poppy seeds. While they do not naturally contain opiates, poppy seeds are banned in both countries because they can get contaminated with opiates by fluid in the poppy plant during harvesting. More than 20 online

listings of the popular seasoning have been removed, Singapore's Central Narcotics Bureau said on Wednesday. Last week, Seoul authorities said the seasoning tested positive for morphine and codeine, which are opiates found in the plant's sap.
(BBC News Web Page: 12/08/26, FARUK)

**WISCONSIN RESULT DENTS WINNING STREAK FOR DEMOCRATIC PARTY'S LEFT WING**

David Crowley is predicted to have won a primary election to become the Democratic candidate for Wisconsin governor, in a surprise result that dents a winning streak for the party's left wing. Crowley, the more centrist candidate, has secured a narrow victory over Francesca Hong, according to a projection by the BBC's partner, CBS News. Anti-establishment Democrats across the US had previously notched up victories that have rattled the party leadership in Washington. That trend continued in another closely-watched Democratic contest in Minnesota. But in Wisconsin, the governor's race in November will be contested by Crowley and Tom Tiffany, who easily won the equivalent Republican contest.
(BBC News Web Page: 12/08/26, FARUK)

**US SAYS HELICOPTER FIRED MISSILES TO DISABLE SHIP BREAKING IRAN BLOCKADE**

The US military says one of its helicopters has fired missiles to disable "the steering gear" of a cargo ship attempting to violate the US blockade of Iranian ports. In a statement, US Central Command (Centcom) says its MH-60 aircraft on Tuesday fired two hellfire missiles into the engine room of the Panama-flagged M/V Vela Nova vessel, as it attempted to transit the Gulf of Oman. Centcom said it acted after "the ship's civilian crew ignored repeated warnings from American forces". The vessel "is no longer transiting to Iran", it added. Iran has not commented. The US has been enforcing a blockade of Iranian ports, following failed attempts to end the war it and Israel started on 28 February. Tehran retaliated by launching attacks on Israel and US-allied states across the Gulf. It has also effectively closed the Strait of Hormuz - a key oil shipping waterway. A fifth of the world's oil and liquefied natural gas used to transit the strait before the war and prices have fluctuated wildly since then.
(BBC News Web Page: 12/08/26, FARUK)

**AT LEAST 44 DIE AS BOAT SINKS IN ZIMBABWE'S LAKE KARIBA**

At least 44 people have died after a ferry sank on Lake Kariba in Zimbabwe on Tuesday, police have said. The ferry had a capacity to carry 90 passengers and five crew members but a lake official had reported that 120 people, including 12 children, were on it. The vessel was hit by a strong wave and overturned, police added. Footage shared online appears to show the overturned hull floating in the water. President Emmerson Mnangagwa has declared a state of disaster, as search and rescue operations intensify. So far, 77 people have been rescued. Lake Kariba, which straddles the border with Zambia, is one of the world's largest man-made reservoirs, supporting transport and fishing and providing vital hydroelectric power to both countries. (BBC News Web Page: 12/08/26, FARUK)

**LEBANON PARLIAMENT VOTES TO ABOLISH DEATH PENALTY**

Lebanon's parliament has voted to abolish the death penalty, a move that would make it the first country in the Middle East to formally end capital punishment. A majority of MPs in the 128-seat parliament backed the measure on Tuesday, while Hezbollah's parliamentary bloc voted against it. The legislation will now go to the cabinet before being passed to President Joseph Aoun for signing. The government has already expressed its support for the measure. Lebanon has not carried out an execution since January 2004, although courts have continued to hand down death sentences. Rights groups estimate that more than 78 people remain on death row. Under the new legislation, capital punishment will be replaced with life imprisonment with hard labour. However, the legislation does not yet set out in detail how the new sentence would be enforced. (BBC News Web Page: 12/08/26, FARUK)

**NEW ZEALAND PM SURVIVES SECOND LEADERSHIP CHALLENGE AHEAD OF ELECTION**

New Zealand Prime Minister Christopher Luxon has survived a vote of confidence before a general election due in November, saying he has the "full support" of his ruling National Party. Luxon had called for an "urgent" meeting with his National Party caucus on Wednesday to address "increased speculation about his leadership". This was the second challenge to his leadership in four months. Support for Luxon and his party remained weak

amid sluggish economic growth and a series of missteps by the leader. Last week, Luxon drew backlash after suggesting a possible referendum on the country's electoral system on live radio, without prior consultation with his party colleagues.
(BBC News Web Page: 12/08/26, FARUK)

**ISRAELI SETTLERS BESIEGING PALESTINIAN FAMILIES IN WEST BANK VILLAGE**

Israeli settlers have been besieging two Palestinian families in their homes in the occupied West Bank since Sunday, with the families saying their supplies were running out and rights groups urging the authorities to step in. On Wednesday Israeli security forces were reported to have withdrawn from the Jewish settler outpost in the village of Qusra near Nablus, following clashes with a crowd of extremist settlers. About a dozen settlers are said to remain at the site. After the Palestinian homeowners made their initial report to the Israeli army, the first soldiers who arrived at the scene were filmed praying with the settlers. The Abu Ridi and Hassan families have been posting on social media appealing for help after their water and power supplies were cut off and their food stocks ran low. The latest developments come as a top UN official told the Security Council in New York on Tuesday that "the West Bank is at breaking point". All settlements are illegal under international law. Outposts are set up without official Israeli authorisation.
(BBC News Web Page: 12/08/26, FARUK)

**INDONESIA HAZE SPREADS ACROSS REGION AS FIREFIGHTERS BATTLE WILDFIRES**

Indonesia is racing to contain wildfires that have burned more than 1,07,000 hectares land nationwide. Authorities have deployed cloud-seeding aircraft to help extinguish the fires, while some schools in affected province have suspended classes for three consecutive days. Indonesia, like other parts of South East Asia, is facing a longer hot and dry season this year fuelled by a more intense El Nino climate event, which some have nicknamed the "Godzilla" El Nino. The blaze has also blanketed parts of Malaysia, pushing the air pollution index in a small town in the state of Sarawak to an "unhealthy" level of 195 on Wednesday.
(BBC News Web Page: 12/08/26, FARUK)

**:: THE END ::**